ces, Districts, and places which are now administered by the Lieutenant Governor of Bengal.

By the Order of the Governor General in Council,

W. GREY,
Secy to the Govt. of India.

No. 30.

FOREIGN DEPARTMENT.

POLITICAL.

Fort William, the 16th January 1862.

Notification.—Under the power vested in the Governor General in Council by the Statute 17 and 18 Victoria, Cap. 77, Section III., Proclamation is hereby made that the Province of Arracan, comprising the Districts of Akyab, Ramree, and Sandoway, is, from this date, taken under the immediate authority and management of the Governor General in Council.

H. M. DURAND, *Colonel,*
Offg. Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

No. 15.

The 25th January 1862.

NOTIFICATION.

Under Section I. of Act XXI. of 1861, the Governor General of India in Council directs that, within the Districts noted in the margin* under the Government of Bengal, the general or special notices required by Sections XXXVII. and XXXVIII. of Act XXXII. of 1860, shall not be issued for the year commencing from the 31st day of July 1861 in respect to the Duties contained in Schedules 1 and 2 of the said Act, and that in the said Districts the Returns of profits or income chargeable with Duties under the said Schedules, as prescribed by Section XXXIX. of the said Act, for the year commencing as above, shall not be required; but that in the place of such notices a general notice shall be issued in the said Districts to the effect that, except as provided in Sections V. and VI. of Act XXI. of 1861, the assignment of the Duties contained in the said Schedules for the year commencing as above upon the several persons liable thereto, either on their own behalf or on behalf of any other person, shall be at the same rate and on the same amount at and on which such persons were or shall be assessed for the year ending on the 31st day of July 1861.

(A true Extract.)

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

*Bhaugulpore, Monghyr, Purneah, Sonthal Pergunnahs comprised in the Bhaugulpore Division.

কার্য্যার্থে বঙ্গ দেশস্থ ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর অন্তর্গত বঙ্গ দেশের মধ্যে গণ্য হইবেক।

হজুর কৌন্সেলের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে।

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩০ নম্বর।

বিজ্ঞাপন।

বিদেশীয় ডিপার্টমেণ্ট।

পোলিটিকাল।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ১৬ জানুআরি।

শ্রীশ্রীমতী মহারাণী বিকটরিয়ার ১৭ ও ১৮ বৎসরের ৭৭ আইনের ৭৭ অধ্যায়ের ৩ ধারাক্রমে হজুর কৌন্সেলের শ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুরকে যে ক্ষমতা দেওয়া হইয়াছে তদ্দ্বারা এক্ষণে সম্বাদ দেওয়া যাইতেছে যে আরাকান দেশ অর্থাৎ আক্যাব ও রামড়ী ও সান্দোএ জিলা অদ্যকার তারিখাবধি অব্যবহিতরূপে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের কর্তৃত্বে ও তত্ত্বাবধারণে থাকিবে।

এচ এম ডুরাণ্ড। কর্ণেল।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৫ নম্বর।

১৮৬২ সাল ২৫ জানুআরি।

বিজ্ঞাপন।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ১৮৬১ সালের ২১ আইনের ১ ধারামতে আজ্ঞা করিতেছেন যে ১৮৬০ সালের ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স সম্পর্কে ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ঐ আইনের ৩৭ ও ৩৮ ধারার নির্দিষ্ট সাধারণ কি বিশেষ এত্তেলা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অধীন ভাগলপুর এলাকর শামিল ভাগলপুরে ও মুঙ্গেরে ও পুরণিয়াতে ও সান্তাল পরগনায় দেওয়া যাইবেক না। আরো উক্ত জিলাতে যে লভ্যের কি আয়ের উপর উক্ত আইনের ৩২ ধারার নির্দিষ্টমতের উক্ত তফসীলঅনুসারে টাক্স লাগিতে পারে উক্ত তারিখ অবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে সেই লভ্যের কি আয়ের রিটর্ণ দিবার আজ্ঞা হইবেক না। কিন্তু সেই এত্তেলার পরিবর্তে এই মর্ম্মের এক সাধারণ এত্তেলা উক্ত জিলাতে প্রকাশ হইবে যে ১৮৬১ ২১ আইনের ৫ ও ৬ ধারার নির্দিষ্ট স্থলভিন্ন অন্য স্থলে উক্ত তারিখ অবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে যে২ ব্যক্তি আপনারদের নিমিত্তে কি অন্য কোন ব্যক্তির পক্ষে উক্ত তফসীলের লিখিত টাক্স দিবার যোগ্য হন তাঁহারদের উপর ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর সমাপ্ত হয় সেই বৎসরের নিমিত্তে যত টাকার উপর যত টাক্স নির্দ্ধার্য্য হইয়াছিল তত টাকার উপর সেই টাক্স ধার্য্য হইবেক।

সি হিউ লসিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 28th January, 1862.

Baboo Hurropersaud Sein, Moonsiff of Goraghat, Zillah Dinagepore, to officiate as Moonsiff of Chintamun, and Baboo Anund Mohun Mojoomdar, to officiate as Moonsiff of Goraghat, in the same District.

LEAVES OF ABSENCE.

The 29th January, 1862.

Baboo Mohunloll Pandey, Moonsiff of Okhra, Zillah Beerbhoom, for seven days, in extension of the leave granted to him on the 4th instant, under Clause II., Section V. of the Uncovenanted Absentee Rules.

The 1st February, 1862.

Moulvie Furhut Ally, Moonsiff of Rughoonathpore, in Chotanagpore, for one and half months, under Section VIII. of the Uncovenanted Absentee Rules.

Baboo Preonath Surma, Moonsiff of Soorujgorah, Zillah Bhaugulpore, for one month, under Clause I., Section VII. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Offg. Register.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

১ নম্বর।

লেজিস্লেটিব।

১৮৬২ সাল ৩০ জানুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব নীচের লিখিত নির্দ্ধারণ অদ্যকার তারিখে প্রচলিত করিলেন তাহা সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায় ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ১৮৬২ সালের ১৭ জানুআরি তারিখের বিজ্ঞাপনানুসারে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তদ্দ্বারা তিনি নির্দ্ধার্য্য করিয়াছেন যে, উক্ত আইন ও বিজ্ঞাপনের বিধানানুসারে আইন ও ব্যবস্থা করণার্থ ১৮৬২ সালের ২ ফেব্রুআরি শনিবার বেলা ১১ ঘণ্টার সময়ে কলিকাতার যে সভাগৃহ সম্প্রতি ভারতবর্ষের সাবেক ব্যবস্থাপক কৌন্সেলের নিমিত্তে ব্যবহার হইয়াছিল, সেই স্থানে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের কৌন্সেলের প্রথম বৈঠক হইবে এবং উক্ত কৌন্সেলের মেম্বরগণকে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হইবার জন্যে আহ্বান করিতেছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এ জি মাকফরসন।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্টের বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২ নম্বর।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৩০ জানুআরি।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায় ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ১৮৬২ সালের ১৭ জানুআরি তারিখের বিজ্ঞাপনানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতিনিধি ও গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব, যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তদ্দ্বারা আইন ও ব্যবস্থা করণার্থে স্বীয় সাহায্যের নিমিত্তে নীচের লিখিত ব্যক্তিগণকে আপন মন্ত্রি স্বরূপে মনোনীত করিয়াছেন। অর্থাৎ

শ্রীযুত টি এচ কৌই সাহেব (T. H. Cowie, Esq.)

„ এ আর ইয়ং সাহেব (A. R. Young, Esq.)

„ এচ ডি এচ ফরগসন সাহেব (H. D. H. Fergusson, Esq.)

„ ই এচ লশিংটন সাহেব (E. H. Lushington, Esq.)

„ বাবু রমাপ্রসাদ রায়।

„ মৌলবী আবদুল লতিফ।

„ জান এন বুলেন সাহেব (John N. Bullen, Esq.)

„ উলিয়ম মেটলাণ্ড সাহেব (William Maitland, Esq.)

„ ডবলিউ মরান সাহেব (W. Moran, Esq.)

„ এ টি টি পিটারসন সাহেব (A. T. T. Peterson, Esq.)

„ রাজা প্রতাপ চান্দ সিংহ।

„ বাবু প্রসন্নকুমার ঠাকুর।

এ জি মাকফরসন।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্টের বঙ্গালা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ২৮ জানুআরি।

জিলা দিনাজপুরের গোড়াঘাটের মুনসেফ শ্রীযুত বাবু হরপ্রসাদ সেন ঐ জিলার চিন্তামনের মুনসেফের কর্ম্ম করিবেন, ও শ্রীযুত বাবু আনন্দ মোহন মজুমদার গোড়াঘাটের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী

১৮৬২ সাল ২৯ জানুআরি।

জিলা বীরভূমের আখড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহন লাল পাঁড়ে বর্ত্তমান মাসের ৪ তারিখের যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্য কারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১ ফেব্রুআরি।

ছোট নাগপুরের রঘুনাথ পুরের মুনসেফ শ্রীযুত মৌলবী ফরহৎ আলি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৮ ধারামতে দেড় মাসের ছুটী পাইয়াছেন।

জিলা ভাগলপুরের সূর্য্য গড়ার মুনসফে শ্রীযুত বাবু প্রিয়নাথ শর্ম্মা অঙ্কিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটীপাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ একটিং রেজিষ্টর।

[*Government Gazette, 4th February*, 1862.]

২৭৫B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২০ জানুআরি।

শ্রীযুত পাদরী এচ পি উডিংটন সাহেব (Reverend H. P. Woodington,) কটকের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

পঞ্চম অথবা আরাকান এলাকার তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত জে পিকার্ড সাহেব (Mr. J. Pickard,) দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র হইবেন।

তৃতীয় অথবা পূর্ব্ব খণ্ডের প্রথম শ্রেণীর প্রধান সব আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত পি আগাবেগ সাহেব (Mr. P. Agabeg,) তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র হইবেন।

দ্বিতীয় অথবা দক্ষিণখণ্ডের দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় সব আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত ডবলিউ সিনক্লেয়র সাহেব ও এ হাইড সাহেব (Messrs. W. Sinclair and A. Hyde,) প্রথম শ্রেণীর প্রধান সব আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র হইবেন।

চতুর্থ অথবা পশ্চিম খণ্ডের আফিস আসিস্টাণ্ট ও নকসানবীশ শ্রীযুত সি ডেবিড সাহেব (Mr. C. David,) দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় সব আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র হইবেন।

উপরোক্ত নিয়ম বর্ত্তমান মাসের ১ তারিখাঅবধি প্রবল হইবে।

১৮৬২ সাল ২৩ জানুআরি।

নীচের লিখিত মহাশয়েরা অনরারি মাজিস্ট্রেট হইবেন ও নীচের লিখিত জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা ও ১৮৫৪ সালের ১০ আইলের ২ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা মতে কার্য্য করিবেন। অর্থাৎ

হুগলীতে।

শ্রীযুত জর্জ স্মিথ সাহেব (Mr. George Smith,) ও
শ্রীযুত বাবু বিপ্রদাস দে।

বাঁকুড়াতে।

শ্রীযুত আর পি সেজ সাহেব (Mr. R. P. Sage,) ও
,, জে চিক সাহেব (Mr. J. Cheek,) ও
,, জেমস অরস্কিন সাহেব (Mr James Erskine,) ও
,, বাবু দামোদর সিংহ। ও
,, বাবু হিরা লাল সিংহ।

মেদিনীপুরে।

,, উলিয়ম টেরী সাহেব (Mr. William Terry,) ও
,, জান এ ক্লর্ক সাহেব (Mr. John A. Clarke,)

১৮৬২ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) পাটনা এলাকার রাজস্বের ও দায়ের সায়েরির কমিস্যনরের কর্ম্ম করিবেন।

নীচের লিখিত ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা উচ্চ পদ প্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

চব্বিশ পরগনার শ্রীযুত মৌলবী আবদুল লতীফ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

পুরণিয়ার শ্রীযুত জেডবলিউ গারষ্টিন সাহেব (Mr. J. W. Garstin, দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৬২ সাল ২৫ জানুআরি।

ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ক্লেমণ্টসন সাহেব (Mr. W. Clementson,) কলাগেছে এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও চব্বিশ পরগনাতে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

রঙ্গপুরের একটিং ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ বাঁড়ুয্যা পুরণিয়াতে নিযুক্ত হইয়াছেন সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ২২ জানুআরি।

ত্রিপুরার একটিং জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ হেনকী সাহেব (Mr. H. Hankey,) আপন কর্ম্মস্থানে গমননিমিত্তে যে সময় পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ১৭ ধারামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

হিজলী এলাকার আমেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীকানন্দ রায় অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ১১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

শেরঘাটীর আমেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মহম্মদ নুরুল হুসেন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৫ জানুআরি।

ত্রিহুতের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত রায় ফকীরচাঁদ লাল অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৫ জানুআরি।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে এলকাখণ্ডের ভারপ্রাপ্ত যে সকল কার্য্যকারক সেসন আদালতের কি কোন সুপ্রিম কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিবার ক্ষমতা প্রকারান্তরে প্রাপ্ত না হইয়াছেন তাঁহারদের প্রতি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৮ ধারাক্রমে কোন ব্যক্তিদিগকে উক্ত সেসন আদালতে কি সুপ্রিম কোর্টে বিচার হওনার্থে সমর্পণ করিবার কি তাহারদের স্থানে হাজিরজামিন লইবার ক্ষমতা প্রদান করিয়াছেন ও তদর্থে যে সকল ক্ষমতা আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিবার শক্তি প্রদান করিয়াছেন।

---

৩০৪ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২২ জানুআরি।

শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা বহরমপুরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

১৮৬২ সাল ২৫ জানুআরি।

পুরীর একটিং ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জেজে এস ড্রিবর্গ সাহেব (Mr. J. J. S. Driberg,) ঐ জিলাতে ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বেহারের একটিং ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই অয়র সাহেব (Mr. E. Eyre,) ঐ জিলাতে ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত হেনরী ডসন সাহেব (Mr. Henry Dawson,) ভাগলপুরে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজি-

ষ্টেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন ও ঐ এলাকার সকল কি কোন জিলারমধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২৭ জানুআরি।

রাজসাহীর একটিং প্রধান সদর আমীন শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দেব ঐ জিলার দলীল দস্তাবেজের রেজিষ্টরের কর্ম্মও করিবেন।

শ্রীযুত বাবু রসিকলাল বসু রঙ্গপুরের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসফের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২৮ জানুআরি।

শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Tayler,) ছিল্লটের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

রাজসাহীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ আর টমসন সাহেব (Mr. A. R. Thompson,) ঐ জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davies.) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

হুগলীর অতিরিক্ত সেশন জজ শ্রীযুত জে ই এস লিলী সাহেব (Mr. J. E. S. Lillie,) ঐ জিলার অতিরিক্ত সিবিল জজও হইবেন।

শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) পুরণিয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ এম ম কগ্রিগর সাহেব (Mr. A. M. MacGregor,) মেহেরপুর এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন ও নদীয়াতে মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজ শ্রীযুত এচ ডবলিউ পেইন সাহেব (Mr. H. W. Payne,) ঐ আদালতের জজ হইবেন।

১৮৬২ সাল ২২ জানুআরি।

শ্রীযুত এ জি মকফরসন সাহেব (Mr. A. G. Macpherson,) ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে বাঙ্গালা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী হইবেন।

শ্রীযুত সি বুলনয়ন সাহেব (Mr. C. Boulnois,) কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমা আদালতের প্রধান জজ হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২০ জানুআরি।

মরমন সিংহের মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত মুন্সী আবদুল রুফ অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৯ ধারামতে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৫ জানুআরি।

কাটওয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র গত নবেম্বর মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণমতে পনর দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৮ জানুআরি।

পুরণিয়ার একটিং জজ শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬১ সাল ১৫ নবেম্বর।

নৌখালীর নীচের লিখিত খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী খেয়াঘাট প্রকাশ হইল। অর্থাৎ

১। ঘাট চর গাজী ডোরা।
২। ঘাট গন্ধক পুর।
৩। ঘাট চর মাণিক।
৪। ঘাট গোমাতলী।

১৮৬২ সাল ২২ জানুআরি।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেমিকার গবর্ণমেণ্ট শ্রীযুত ডবলিউ এম আণ্ডারসন সাহেবকে (Mr. W. M. Anderson,) তদ্দেশে গমনার্থ মজুরেরদের এজেণ্ট পদে কলিকাতায় নিযুক্ত করিয়াছেন।

১৮৬২ সাল ২৯ জানুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যাদব চন্দ্র ঘোষের বাঁকুড়া হইতে পুরণিয়াতে নিযুক্ত হওয়ার যে কথা বর্ত্তমান মাসের ২০ তারিখে গেজেটে বিজ্ঞাপ্ত হইয়াছে তাহা রহিত হইল।

মরমন সিংহের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরকিশোর রায় গত অক্টোবর মাসের ৭ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রথমমতে রহিত হইল।

১৮৬২ সাল ৩১ জানুআরি।

শ্রীযুত এ জি মাকফরসন সাহেব (Mr. A. G. Macpherson,) বর্ত্তমান মাসের ৩০ তারিখে ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর পদ গ্রহণ করিলেন

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALFRED DUMAT, an Insolvent.

It is ordered that the said Insolvent do within two months from this date file a Schedule of his separate debts, estate and effects in this Court. Further ordered that Saturday, the first day of March next, be appointed for the hearing of the petition of Charoochunder Ghose, a creditor in this matter, and further ordered that all the separate creditors having any claim on the estate of the Insolvent do within one week before the first day of March next, file with the Chief Clerk of this Court a statement of the amount of their respective claims against the separate estate of the said Insolvent duly verified by Affidavit, dated 23rd November, 1861.

JOHN R. SHIRCORE, *Attorney.*

R. BELCHAMBERS, *Chief Clerk.*

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলফ্রেড ডুমট সাহেবের বিষয়ে।

আজ্ঞা হইয়াছে যে উক্ত যোত্রহীন অদ্যকার তারিখঅবধি দুই মাসের মধ্যে আপনার স্বতন্ত্র কর্জ্জের ও ইষ্টেটের ও সম্পত্তির ফর্দ্দ এই আদালতে উপস্থিত করেন। আরো আজ্ঞা হইল যে এই বিষয়ে চারুচন্দ্র ঘোষ নামক এক জন মহাজনের দরখাস্ত শুনিবার নিমিত্তে আগামি মার্চ মাসের প্রথম তারিখ শনিবার নির্দ্ধারিত হয় আরো আজ্ঞা হইল যে উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর যে সকল মহাজনের স্বতন্ত্র দাওয়া থাকে, তাঁহারা উক্ত যোত্রহীনের স্বতন্ত্র ইষ্টেটের উপর যত টাকার দাওয়া করেন, তত টাকার কৈফিয়ৎ আফিডেবিটক্রমে উপযুক্তমতে

[*Government Gazette, 4th February*, 1862.]

দৃঢ় করিয়া আগামি মার্চ মাসের ১ তারিখের পূর্ব্বে এক সপ্তাহের মধ্যে এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের নিকটে দাখিল করেন ইতি। ১৮৬১ সাল ২৩ নবেম্বর।

আর বেলচেম্বর্স। প্রধান ক্লার্ক।

জানআর শরকোর।
উকীল।

In the matter of EDWARD PRYCE GRIFFITHS, and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the first day of February next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of May 1859, until the Thirty-first day of December 1861, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 27th January, 1862.

যোত্রহীন এডওয়ার্ড প্রাইস গ্রিফিথস সাহেবের ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডেবিনডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৯ সালের মে মাসের ১ তারিখ-অবধি ১৮৬১ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা-যাইবেক।

জান ককরেন সরকারি উকীল।

সরকারি আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৭ জানুআরি।

In the matter of the ASIATIC MARINE INSURANCE OFFICE, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the first day of February next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of November 1860, until the 31st day of December 1861, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 27th January, 1862.

যোত্রহীন এশিয়াটিক মেরিন ইনসুরান্স আফিসের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডেবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছি এবং ১৮৬০ সালের নবেম্বর মাসের ১ তারিখ-অবধি ১৮৬১ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ের লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান ককরেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৭ জানুআরি।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ড বিধির আইন ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া শ্রীরামপুরের যন্ত্রালয়ে উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকা মাত্র।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্ট সহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্ঘণ্ট সহ উক্ত যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পূর্ব্বোক্ত দণ্ডবিধির আইন যে স্থলে যেরূপে খাটে ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্য যেরূপে করিতে হইবে তাহা এই আইনেতে ব্যক্ত হইয়াছে। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইতেছে জানুআরি মাসের মধ্যে বিক্রয়ার্থে প্রস্তুত হইবেক। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের পুস্তকালয়ে কিম্বা নূতন চিনা বাজারের ৪৭ নম্বর বাটীতে শ্রীপদ্মলোচন নাথের নিকটে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৪ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1176. ১১৭৬) (১০১)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 11, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১১ ফেব্রুআরি।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 7TH SEPTEMBER 1861.

THE following Bill, as amended by the Select Committee of the Legislative Council of India to which it was referred, has been ordered to be re-published for general information before being further considered :—

A Bill for regulating Public Conveyances in Cities and Towns in British India.

[Preamble.]

WHEREAS it is expedient to regulate Public Conveyances in Cities and Towns in British India; It is enacted as follows :—

[Laws repealed.]

1. Act IV. of 1841 (*for regulating Public Conveyances in the Islands of Bombay and Colaba and the Harbour of Bombay*) shall be repealed from the time when this Act shall be extended as hereinafter provided to the said Islands and Harbour by the Government of Bombay; and Sections XVIII. and XIX. of Act XXVIII. of 1856 (*for appointing Municipal Commissioners and for levying rates and taxes in the Town of Calcutta*), so far as such Sections relate to Carriages, shall be repealed from the time when this Act shall be extended to the Town of Calcutta by the Government of Bengal; and Sections XIX. and XX. of Act XXVI. of 1856 (*for appointing Municipal Commissioners and for levying rates and taxes in the Town of Madras*), so far as such Sections relate to Carriages, shall be repealed from the time when this Act shall be extended to the Town of Madras by the Government of Madras. Provided that the said Act XIV. of 1841 and the said Sections of Acts XXVI. and XXVIII. of 1856 respectively, shall not then be repealed as to

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬১ সাল ৭ সেপ্টেম্বর।

আইনের এই মুসাবিদা ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়া তাঁহারদের দ্বারা সংশোধিত হইয়া পুনশ্চ বিবেচিত হইবার পূর্ব্বে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে পুনশ্চ প্রকাশ হইবার আজ্ঞা হইয়াছে।

ব্রিটনীয় ভারতবর্ষের শহরে ও নগরে ভাড়াটিয়া গাড়ি প্রভৃতির ব্যবস্থা করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ব্রিটনীয় ভারতবর্ষের সকল শহরের ও নগরের ভাড়াটিয়া গাড়ির ব্যবস্থা করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[যে২ আইন রদ হইবে তাহার কথা।]

১ ধারা। বোম্বাইয়ের গবর্ণমেণ্ট যে সময়ে পশ্চাৎ লিখিত বিধানমতে বোম্বাই ও কলাবা উপদ্বীপে ও বোম্বাই বন্দরেএই আইন প্রচলিত করেন, সেই সময়-অবধি (বোম্বাই ও কলাবা উপদ্বীপে ও বোম্বাই বন্দরে গাড়িপ্রভৃতির ব্যবস্থা করণার্থ) ১৮৪১ সালের ৪ আইন রদ হইবে। ও বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট যে সময়ে কলিকাতা নগরে এই আইন প্রচলিত করেন সেই সময়াবধি (কলিকাতা নগরে মুনিসিপল কমিসানরদিগকে নিযুক্ত করণার্থ ও টাক্স ও মাসুল আদায় করণার্থ) ১৮৫৬ সালের ২৮ আইনের ১৮ ও ১৯ ধারার যে২ কথা গাড়ির বিষয়ে সম্পর্ক রাখে সেই২ কথা রদ হইবে। ও মান্দ্রাজের গবর্ণমেণ্ট যে সময়ে মান্দ্রাজ নগরে এই আইন প্রচলিত করেন, সেই সময়াবধি (মান্দ্রাজ নগরে মুনিসিপল কমিসানরদিগকে নিযুক্ত করণার্থ ও টাক্স ও মাসুল আদায় করণার্থ) ১৮৫৬ সালের ২৬ আইনের ১৯ ও ২০ ধারার যে২ কথা গাড়ির বিষয়ে সম্পর্ক রাখে সেই২ কথা রদ হইবে। পরন্তু এই আইন পূর্ব্বোক্তমতে প্রচলিত হওন সময়ের অগ্রে যে কোন কার্য্য কি অপরাধ করা যায়, তৎসম্পর্কে ১৮৪১ সালের উক্ত ১৪ আইন

any act or offence done or committed before the time of this Act being so extended as aforesaid.

[Carriages to be registered. Certain Carriages to be registered and licensed.]

II. Every wheeled Carriage, in any City or Town to which this Act shall be extended as hereinafter provided, whatever is the form or construction of such Carriage, which may be hired for the purpose of carrying persons for hire for any time less than a day, or for a certain distance, shall be registered by the Commissioner of Police or other Officer appointed for the purpose by the local Government; and every wheeled Carriage in any such City or Town, whatever is the form or construction of such carriage, if it shall stand for hire to carry passengers on any stand or in any coach-houses or stables in any public street or road or in any shed or other place appointed for the purpose as hereinafter provided, shall, in addition to being registered under the preceding part of this Section, be licensed by the Commissioner of Police or other Officer appointed for the purpose by the local Government.

[Form of Register.]

III. The following particulars shall be entered in the Register :—

1*st*. The number assigned to the Carriage in the Register; such number to be from time to time assigned by the Commissioner of Police or other Officer as aforesaid.

2*nd*. The name and residence of the Owner of the Carriage.

3*rd*. The number of horses to be employed in drawing such Carriage.

4*th*. The number of persons the Carriage is permitted to carry.

5*th*. A memorandum that such Carriage is licensed if it be licensed as well as registered.

[Period of registry.]

IV. The registration shall take place, and the numbers be assigned annually upon such day in each year as the Commissioner of Police or other Officer as aforesaid shall appoint.

[Transfers.]

V. Any person becoming possessed within the year of any such Carriage which has not been registered, or registered and licensed, may have such Carriage registered or registered and licensed on Application at the Office of the Commissioner of Police or other Officer as aforesaid. When any registered or any registered and licensed Carriage is transferred within the year, it shall be registered anew in the name of the person to whom it has been transferred. The person in whose name any Carriage is registered or registered and licensed under this Act, shall be deemed the owner of such Carriage for the purposes of this Act.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১১ ফেব্রুআরি।]

ও ১৮৫৬ সালের উক্ত ২৬ ও ২৮ আইনের উক্ত ধারা সকল তৎকালে রদ হইবে না।

[গাড়ি রেজিষ্টরী করিবার কথা। ও কোন২ গাড়ির রেজিষ্টরী হইবার ও অনুমতিপত্র লইবার কথা।]

২ ধারা। এই আইন পশ্চাৎ লিখিত বিধিমতে যে কোন শহরে কি নগরে প্রচলিত হয়, তাহার মধ্যে গাড়ির যে কোন আকার কি ঢপ হউক যদি ভাড়া লইয়া ব্যক্তিদিগকে এক দিনের ন্যূন কোন কালের নিমিত্তে কি বিশেষ কতক দূরে বহিবার জন্যে ভাড়া দেওয়া যায়, তবে পোলীসের কমিস্যনর সাহেবের দ্বারা, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারককে ঐ কর্ম্মে নিযুক্ত করেন তাঁহার দ্বারা, সেই গাড়ি রেজিষ্টরী করা যাইবেক। ও তদ্রূপ কোন শহরে কি নগরে প্রত্যেক গাড়ির যে কোন আকার কি ঢপ হউক, যদি লোকেরা ভাড়া করিবে বলিয়া ঐ গাড়ি কোন সরকারী রাস্তায় কি পথে কি চালা ঘরে কি পশ্চাৎ লিখিত বিধানমতে নিরূপিত অন্য স্থানে, কোন আড্ডায় কি গাড়িখানায় কি আস্তাবলে দাঁড়ায়, তবে এই ধারার পূর্ব্বোক্ত কথানুসারে রেজিষ্টরী হওনাতিরিক্ত পোলীসের কমিস্যনর সাহেবের স্থানে কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্টকর্ত্তৃক ঐ কার্য্যার্থে নিযুক্ত অন্য কর্ম্মকারকের স্থানে ঐ গাড়ির জন্যে অনুমতিপত্রও লইতে হইবেক।

[রেজিষ্টরের পাঠ।]

৩ ধারা। রেজিষ্টরে এই২ বিবরণ লিখিতে হইবেক, অর্থাৎ

প্রথম। রেজিষ্টরী বহীতে ঐ গাড়ির যে নম্বর দেওয়া যায় তাহা। সেই নম্বর পোলীসের কমিস্যনর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সময়ে২ নির্দ্ধার্য্য করিয়া দিবেন।

দ্বিতীয়। গাড়ির স্বামির নাম ও বাসস্থান।

তৃতীয়। ঐ গাড়ি টানিতে যত ঘোড়া যোতান যাইবে।

চতুর্থ। ঐ গাড়িতে যত জন চড়িতে পাইবে।

পঞ্চম। রেজিষ্টরী হওনভিন্ন যদি সেই গাড়ির অনুমতিপত্রও দেওয়া যায় তবে সেই কথা।

[রেজিষ্টরী করণ যত কাল প্রবল থাকিবে তাহার কথা।]

৪ ধারা। পোলীসের কমিস্যনর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক প্রতি বৎসরের যে দিন নিরূপণ করেন, বৎসরে২ সেই দিনে ঐ রেজিষ্টরী করণ কার্য্য হইবে ও নম্বর নিরূপণ হইবে।

[হস্তান্তর করণের কথা।]

৫ ধারা। যে গাড়ির রেজিষ্টরী হয় নাই কি রেজিষ্টরী করণপূর্ব্বক যাহার অনুমতিপত্র হয় নাই এমত কোন গাড়ি যদি বৎসরের মধ্যে কোন ব্যক্তির অধিকারে আইসে, তবে সেই ব্যক্তি পোলীসের কমিস্যনর সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের আফিসে দরখাস্ত করিলে, সেই গাড়ি রেজিষ্টরী করাইতে কি তাহা রেজিষ্টরী করাইয়া তাহার অনুমতিপত্র লইতে পারিবে। যদি রেজিষ্টরী করা কোন গাড়ি, কিম্বা রেজিষ্টরী করা ও অনুমতিপত্র প্রাপ্ত কোন গাড়ি বৎসরের মধ্যে অন্য ব্যক্তির হস্তগত হয়, তবে যে ব্যক্তির হস্তগত হইল, তাহার নামে তাহা পুনরায় রেজিষ্টরী হইবে। এই আইনমতে যাহার নামে কোন গাড়ি রেজিষ্টরী হয়, কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র দেওয়া যায়, সেই ব্যক্তি এই আইনের কার্য্যার্থে ঐ গাড়ির স্বামী জ্ঞান হইবেক।

[Fee.]

VI. A fee of eight annas shall be paid for each registration.

[ফীসের কথা।]

৬ ধারা। যতবার গাড়ি রেজিষ্টরী করা যায়, তত বার তাহা রেজিষ্টর করিতে আট আনা দিতে হইবে।

[Penalty for not registering.]

VII. Whoever keeps any Carriage required by this Act to be registered or to be registered and licensed, without the same being so registered or so registered and licensed, shall be liable to a fine not exceeding one hundred Rupees. Any Police Officer of any City or Town, where such Carriage shall be, may seize such Carriage (provided the same be not employed at the time of seizure in the Conveyance of passengers) together with the horse drawing the same. If the Carriage, so seized, be not claimed, or if the fine be not paid within ten days, such Carriage, together with the horse seized with it, may be sold by auction, and the proceeds applied to the payment of the fine and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed by the owner within a further period of twenty days, shall be forfeited to the State.

[রেজিষ্টরী না করিবার দণ্ডের কথা।]

৭ ধারা। এই আইনেতে যে কোন গাড়ির রেজিষ্টরী হইবার, কিম্বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র লইবার আজ্ঞা হইয়াছে এমত কোন গাড়ি যদি কেহ রেজিষ্টরী না করিয়া কিম্বা রেজিষ্টরী করণপূর্ব্বক অনুমতিপত্র না পাইয়া রাখে, তবে সে এক শত টাকার অনধিক জরীমানা দিবার যোগ্য হইবে। যে কোন শহরে কি নগরে তদ্রূপ গাড়ি থাকে, সেই শহরের কি নগরের পোলীসের কোন কর্ম্মকারক সেই গাড়ি ও তাহা যে ঘোড়াতে টানে সেই ঘোড়া ধরিতে পারিবে। কিন্তু যে সময়ে ঐ গাড়িতে কোন ব্যক্তি চড়িয়া যাইতেছে সেই সময়ে তাহা ধরিবে না। যদি কেহ সেই প্রকারের ধৃত গাড়ি দাওয়া না করে, কিম্বা যদি জরীমানার টাকা দশ দিনের মধ্যে না দেওয়া যায়, তবে সেই গাড়ি ও তাহার ঘোড়া সুদ্ধ নীলাম হইবে। ও নীলামে যে টাকা পাওয়া যায়, তাহাহইতে ঐ জরীমানার টাকা, ও গাড়িপ্রভৃতি আটক করিবার ও বিক্রয় করিবার সকল খরচখরচা দেওয়া যাইবে। অবশিষ্ট যাহা থাকে তাহা যদি স্বামী তৎপরে বিশ দিনের মধ্যে দাওয়া না করে তবে সেই টাকা রাজ্যেতে গৃহীত হইবে।

[Plate for licensed Carriage.]

VIII. On any Carriage being registered or registered and licensed under this Act, the Commissioner of Police or other Officer aforesaid, shall provide for such Carriage a plate, bearing the number of such Carriage in the Register, and if the Carriage be licensed, also stating the fact, and shall cause such plate to be affixed in a conspicuous part of such Carriage.

[অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির পাতের কথা।]

৮ ধারা। এই আইনমতে কোন গাড়ি রেজিষ্টরী হইলে কিম্বা রেজিষ্টরী হইয়া তাহার অনুমতিপত্র হইলে পর, পোলীসের কমিস্যনর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ গাড়ির নিমিত্তে এক পাত করিয়া দিবেন। রেজিষ্টরীতে গাড়ির যে নম্বর থাকে তাহা ঐ পাতে দেওয়া যাইবে ও যদি গাড়ির অনুমতিপত্র দেওয়া গিয়া থাকে, তবে সেই কথাও লেখা থাকিবে ও সেই পাত গাড়ির কোন প্রকাশ স্থানে লাগাইয়া দিবেন।

[Penalty.]

IX. The owner of any Carriage required by this Act to be registered or registered and licensed who shall allow such Carriage to be let or used for hire without having the proper plate, provided by the Commissioner of Police or other Officer as aforesaid, affixed to such Carriage in the manner prescribed by such Commissioner or other Officer as aforesaid, shall be liable to a fine of fifty Rupees.

[দণ্ডের কথা।]

৯ ধারা। এই আইনমতে যে গাড়ির রেজিষ্টরী হইবার কি রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র লইবার আজ্ঞা হয়, এমত গাড়ির স্বামী পোলীসের কমিস্যনর সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের দত্ত উপযুক্ত পাত কমিস্যনর সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের আদেশমতে না বসাইয়া যদি সেই গাড়ী ভাড়া হইতে কি ভাড়ার নিমিত্তে ব্যবহার হইতে দেয়, তবে সে পঞ্চাশ টাকা জরীমানার যোগ্য হইবে।

[Registry may be refused or cancelled.]

X. The Commissioner of Police may refuse to register or to register and license any Carriage under this Act, or may cancel the registration thereof, whenever it shall appear to him that such Carriage, or any Horse or Harness used with such Carriage, in unserviceable or unsafe, or otherwise unfit for public accommodation or use.

[রেজিষ্টরী করিতে অস্বীকার করিবার কি রেজিষ্টরী বাতিল করিবার কথা।]

১০ ধারা। পোলীসের কমিস্যনর যদি কোন সময়ে দেখিতে পান যে কোন গাড়ি, কিম্বা সেই গাড়িতে যে ঘোড়া কি যে সাজ ব্যবহার হয়, তাহা অকর্ম্মণ্য, কি আপদজনক, কিম্বা সাধারণ লোকেরদের স্বচ্ছন্দতার কি ব্যবহারের অনুপযুক্ত, তবে তিনি সেই গাড়ি এই আইন মতে রেজিষ্টরী করিতে কিম্বা রেজিষ্টরী করিয়া তাহার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন, কিম্বা রেজিষ্টরী হইলে পর তাহা বাতিল করিতে পারিবেন।

[Owner of registered Carriage to notify his fares.]

XI. The owner of every Carriage registered under Section II. of this Act shall affix in some conspicuous part of the premises in which such Carriage shall be kept for hire, or in such Carriage, a table of the fares which he charges for the hire of each description of registered Carriages so kept

[রেজিষ্টরী করা গাড়ির স্বামিরা যত ভাড়া লইবেক তাহা লিখিবার কথা।]

১১ ধারা। এই আইনের ২ ধারামতে রেজিষ্টরী করা প্রত্যেক গাড়ির স্বামী তদ্রূপ রেজিষ্টরী করা যত প্রকারের গাড়ি রাখে তাহার প্রত্যেক প্রকারের গাড়ির যে হারে ভাড়া লইবেক তাহার এক ফর্দ্দ, ঐ গাড়ী ভাড়া দিবার জন্যে যে বাড়িতে রাখে তাহার কিম্বা সেই গাড়ির কোন প্রকাশ স্থানে, লটকাইয়া রাখিবে, ও রেজিষ্টরী

by him, and every owner of a registered Carriage making default herein shall be liable on conviction to a fine of fifty Rupees. This Section shall not apply to Carriages which are licensed as well as registered under the said Section II. of this Act.

[Fares how to be fixed.]

XII. The rates or fares as well for time as for distance to be paid for Carriages registered and licensed under this Act, shall be fixed by the local Government or by an Officer to be specially authorized by the local Government in that behalf. When such rates or fares are not fixed by the local Government, they shall be subject to confirmation by the local Government, and shall not be considered as in force until they have been so confirmed. The rates and fares so fixed shall be published four times in the Government Gazette, and in such of the public newspapers as shall be directed by the local Government.

[Driver to be supplied with a badge.]

XIII. Every driver of a Carriage registered and licensed under this Act, shall be supplied by the owner of such Carriage with a badge, of such shape and dimensions as shall be prescribed by the Commissioner of Police or other Officer as aforesaid, having the same number as the register of such Carriage; and such driver shall at all times, while acting as a driver of such Carriage, carry such badge on his right arm with the number thereon exposed to view.

[Licensed driver acting without his badge.]

XIV. Any driver who shall be engaged in driving any such registered and licensed Carriage without such badge being carried and exposed as aforesaid, shall be liable on conviction to a penalty not exceeding ten Rupees.

[Commissioner of Police to fix Stands. Penalty for causing obstruction by plying for hire elsewhere.]

XV. In the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, the Commissioner of Police shall, from time to time, appoint one or more Stands for Carriages registered and licensed under this Act, and may also assign for the use of such Carriages, as Public Stands, any Coach-houses or Stables, or sheds or other suitable places. Every driver of a Carriage licensed and registered under this Act, who shall (elsewhere than at some Stand or other place appointed for the purpose by the Commissioner of Police) stand or loiter for the purpose of being hired, and who shall thereby cause any obstruction in or upon any public street, road, or place, shall be liable on conviction to a fine not exceeding ten Rupees. In any other Town or City to which this Act may be extended, any Officer authorized in that behalf may appoint such Stands or other places.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১১ ফেব্রুআরি।]

করা গাড়ির যে কোন স্বামী এই বিষয়ে ত্রুটি করে তাহার দোষ প্রমাণ হইলে সে ৫০ টাকা জরীমানার যোগ্য হইবে। কিন্তু এই আইনের উক্ত ২ ধারামতে যে সকল গাড়ির রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রও দেওয়া যায় তাহার প্রতি এই ধারা খাটিবে না।

[ভাড়া যে নিয়মে ধার্য্য হইবে তাহার কথা।]

১২ ধারা। এই আইনমতে রেজিষ্টরীকরণপূর্ব্বক অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির যত কালের নিমিত্তে ও যত দূরে যাইবার নিমিত্তে ভাড়া হয়, তাহা বুঝিয়া যে দরে ভাড়া লাগিবে তাহা স্থান বিশেষের গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করিবেন, কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে স্থান বিশেষের গবর্ণমেণ্ট যে কর্ম্মকারককে বিশেষ ক্ষমতা দেন তিনি ধার্য্য করিবেন। সেই ভাড়ার দর যদি স্থান বিশেষের গবর্ণমেণ্টের দ্বারা নির্দ্ধারিত না হয়, তবে স্থান বিশেষের গবর্ণমেণ্টের দ্বারা মঞ্জুর হইবার অপেক্ষা থাকিবে, ও যত কাল সেইরূপে মঞ্জুর না হয় তত কালপর্য্যন্ত তাহা বলবৎ জ্ঞান হইবেক না। উক্ত প্রকারের নির্দ্ধারিত ভাড়ার দর গবর্ণমেণ্ট গেজেটে ও সর্ব্ব সাধারণের পাঠ্য যে২ সম্বাদপত্র স্থানবিশেষের গবর্ণমেণ্ট আজ্ঞা করেন সেই২ পত্রে চারিবার প্রকাশ হইবে।

[কোচমানেরদের তসমা পরিবার কথা।]

১৩ ধারা। এই আইনমতে রেজিষ্টরীকরা ও অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির প্রত্যেক কোচমানকে ঐ গাড়ির স্বামী এক২ খান তসমা দিবে সেই তসমা যে আকারের ও যত বড় হইবেক তাহা পোলীসের কমিস্যনর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক নিরূপণ করিবেন, ও গাড়ির যে নম্বর রেজিষ্টরী হয় সেই নম্বর ঐ তসমাতে থাকিবে ও সেই কোচমান যে সময়ে ঐ গাড়ি চালায় সেই সময়ে ঐ তসমা আপনার দক্ষিণ বাহুতে সর্ব্বদাই বাঁধিয়া রাখিবে ও তাহার নম্বর উপরিভাগে প্রকাশ থাকিবেক।

[অনুমতিপত্র প্রাপ্ত কোচমান তসমা না পরিয়া কর্ম্ম করিলে তাহার কথা।]

১৪ ধারা। যদি কোন কোচমান তদ্রূপ তসমা না পরিয়া ও পূর্ব্বোক্তমতে প্রকাশ না করিয়া তদ্রূপ রেজিষ্টরী করা ও অনুমতিপত্র প্রাপ্ত কোন গাড়ি চালায়, তবে তাহার দোষ প্রমাণ হইলে সে দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক।

[পোলীসের কমিস্যনর সাহেবের আড্ডা নিরূপণ করিবার কথা ও ভাড়া পাইবার নিমিত্তে অন্য স্থানে গাড়িদ্বারা পথ অবরোধ হইলে দণ্ডের কথা।]

১৫ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর মধ্যে এই আইনমতের রেজিষ্টরী করা ও অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির জন্যে পোলীসের কমিস্যনর সাহেব সময়ে২ এক কি ততোধিক আড্ডা নিরূপণ করিবেন, ও সেই২ গাড়ির ব্যবহারের জন্যে সরকারী আড্ডা বলিয়া কোন কোচঘর কি আস্তাবল কি চালা কি উপযুক্ত অন্য স্থান নিরূপণ করিতে পারিবেন। এই আইনমতে রেজিষ্টরীকরণপূর্ব্বক অনুমতিপত্র প্রাপ্ত গাড়ির কোন কোচমান যদি কোন আড্ডা কিম্বা পোলীসের কমিস্যনর সাহেবের নিরূপিত অন্য স্থানভিন্ন স্থানান্তরে ভাড়া পাইবার জন্যে গাড়ি দাঁড় করায় কি থামিয়া২ যায় ও তদ্দ্বারা কোন সরকারী রাস্তা কি পথ কি স্থান কোন প্রকারে অবরোধ করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে সে দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। অন্য যে কোন নগরে কি শহরে এই আইন প্রচলিত হয় তাহাতে তৎকর্ম্মের উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারক উক্ত প্রকারের আড্ডা কি অন্য স্থান নিরূপণ করিতে পারিবেন।

[Owner of registered Carriage to let it when required.]

XVI. The owner or person in charge of any Carriage registered under Section II. of this Act, but not licensed under that Section, who, on being applied to let for hire for any period less than a day or for any journey not exceeding twenty miles, any such Carriage belonging to him, which at the time shall be unengaged upon his premises, shall without sufficient reason refuse so to let such Carriage for hire at the rate or fare specified for the hire of the same, affixed to such premises or in such Carriage under Section XI. of this Act, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees.

[Penalty if driver refuse to let to hire a Carriage standing at a Stand appointed for Carriages.]

XVII. Any driver of a Carriage registered and licensed under this Act, standing for hire in any Stand or Coach-house, shed or other place appointed for the purpose as hereinbefore provided, who refuses or neglects, without reasonable excuse, to drive such Carriage at the rate or fare that shall have been fixed as aforesaid, to any place within the City or Town where such Carriage shall be, to which he is directed to drive by the person hiring or wishing to hire such Carriage, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees.

[Penalty for furious driving, damage by carelessness, wilful misbehaviour, drunkenness, and insolence.]

XVIII. The driver of any Carriage registered or registered and licensed under this Act, who shall be guilty of careless or furious driving, or who shall cause hurt or damage by carelessness or wilful misbehaviour, or who shall be drunk during his employment, or make use of insulting or abusive language or gesture, or otherwise misbehave, shall be liable on conviction to a fine not exceeding fifty Rupees, and in case of hurt or damage, the Officer who shall hear the case may order a sum not exceeding fifty Rupees to be paid by the proprietors of such Carriage as compensation for such hurt or damage.

[Driver causing obstruction in street.]

XIX. Any driver of a Carriage registered or registered and licensed under this Act, who suffers the same to stand for hire across any street or alongside of any other Carriage, or who refuses to give way, if he conveniently can, to any other Carriage, or who obstructs or hinders the driver of any other Carriage in taking up or setting down any person into or from such other Carriage, or who wrongfully or in a forcible manner prevents or endeavours to prevent the driver of any other Carriage from being hired, shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees.

[*Government Gazette*, 11*th February*, 1862.]

[রেজিষ্টরী করা গাড়ির স্বামির কাছে কেহ গাড়ি ভাড়া করিয়া লইতে চাহিলে তাহা দিবার কথা।]

১৬ ধারা। কোন গাড়ি এই আইনের ২ ধারামতে রেজিষ্টরী হইলে, কিন্তু ঐ ধারামতে অনুমতিপত্র প্রাপ্ত না হইলে, সেই গাড়ির স্বামির কিম্বা তাহা যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার বাড়িতে ভাড়া না হইয়া থাকিলে, যদি কোন ব্যক্তি এক দিনের ন্যূন কোন কালের নিমিত্তে কিম্বা বিশ মাইলের অনধিক দূর গমনার্থে ভাড়া লইতে চাহে, ও ভাড়ার দরের যে ফর্দ্দ সেই বাড়ির মধ্যে কিম্বা সেই গাড়িতে এই আইনের ১১ ধারামতে লটকান থাকে সেই দরে যদি ঐ স্বামিপ্রভৃতি উপযুক্ত হেতু না থাকিলেও সেই গাড়ি ভাড়া দিতে স্বীকার না করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে সে বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবে।

[গাড়ির নিরূপিত আড্ডাতে গাড়ি দাঁড়াইয়া থাকিলে ও কোচমান তাহা ভাড়া দিতে স্বীকার না করিলে তাহার দণ্ডের কথা।]

১৭ ধারা। এই আইনমতের রেজিষ্টরী করা ও অনুমতি প্রাপ্ত গাড়ি কোন আড্ডাতে কি কোচঘরে কি চালাতে কিম্বা পূর্ব্বোক্ত বিধানমতের নিরূপিত অন্য স্থানে ভাড়া হইবার নিমিত্তে দাঁড়াইয়া থাকিলে, যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতের নিরূপিত দরে কি হারে ঐ গাড়ির ভাড়া লইয়া কি লইতে ইচ্ছা করিয়া ঐ গাড়ি যে শহরে কি নগরে থাকে তাহার মধ্যে কোন স্থানে কোচমানকে চালাইতে বলিলে যদি সেই কোচমান উপযুক্ত কারণ না থাকিলেও সেই গাড়ি তৎস্থানে চালাইতে অস্বীকার কি ত্রুটি করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে সে বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবে।

[অতি বেগে চালাইবার কি অমনোযোগ দ্বারা ক্ষতি করিবার কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচারের কি মাতলামির কি মুখরতার দণ্ডের কথা।]

১৮ ধারা। এই আইনমতের রেজিষ্টরী করা কিম্বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্র প্রাপ্ত কোন গাড়ির কোচমান যদি অমনোযোগে কি অতি বেগে চালাইবার দোষ করে কিম্বা অমনোযোগেতে কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচারেতে পীড়া দেয়, কি ক্ষতি জন্মায়, কিম্বা কর্ম্ম করণ কালে মাতাল হয়, কিম্বা কটু কি গ্লানিসূচক কথা কহে, কি অঙ্গ ভঙ্গি করে, কি অন্য কোন প্রকারের অহিতাচার করে, তবে সে লোকের দোষ প্রমাণ হইলে সে ৫০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও পীড়া কি ক্ষতি জন্মাইলে যে কার্য্যকারক ঐ মোকদ্দমা শুনেন তিনি ঐ পীড়া কি ক্ষতি পূরণস্বরূপে ঐ গাড়ির স্বামিদের ৫০৲ টাকার অনধিক জরীমানা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

[কোচমান পথ অবরোধ করিলে তাহার কথা।]

১৯ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা বা রেজিষ্টরী হইয়া অনুমতিপত্রপ্রাপ্ত কোন গাড়ির কোচমান যদি ভাড়া পাইবার জন্যে আপনার গাড়ি কোন রাস্তায় আড়ভাবে রাখে কি অন্য কোন গাড়ির পার্শ্বে রাখে কি অন্য কোন গাড়ির যাইবার পথ সুবিধামতে ছাড়িতে পারিলেও যদি পথ ছাড়িতে স্বীকার না করে, কি অন্য কোন গাড়িতে কোন লোকের উঠিবার কি নামিবার কালে যদি সেই অন্য গাড়ির কোচমানকে বাধা দেয় কি নিবারণ করে কিম্বা অন্য গাড়ির কোচমান ভাড়া পাইতে চেষ্টা করিলে যদি অন্যায়মতে কি বলপূর্ব্বক তাহাকে নিবারণ করে কি নিবারণ করিতে উদ্যোগ করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে সে কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক।

[Penalty for leaving Carriage without control.]

XX. If the driver of a Carriage registered or registered and licensed under this Act leave the same without some proper person to take care of it in any street or at any place of public resort or entertainment, whether it be hired or not, he shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees, and any Police Officer may drive such Carriage to a place of safety.

[গাড়ি অমনি ছাড়িয়া যাইবার দণ্ডের কথা।]

২০ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা কি রেজিষ্টরী হইয়া অনুমতিপ্রাপ্ত কোন গাড়ি ভাড়া হইলে কি না হইলেও যদি কোচমান তাহার তত্ত্বাবধারণ করিবার উপযুক্ত লোককে না রাখিয়া, কোন রাস্তায় কি সাধারণ লোকেরদের গমনাগমনার্থ কি আমোদাদির কোন স্থানে ছাড়িয়া যায়, তবে তাহার দোষ প্রমাণ হইলে সে কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবে, ও পোলীসের কোন কর্ম্মকারক সেই গাড়ি নিরাপদের কোন স্থানে চালাইতে পারিবে।

[Penalty for taking more than legal fare.]

XXI. Any owner or driver of a Carriage registered and licensed under this Act who shall demand or take as a fare a larger sum than he is authorized to take under this Act, or any owner or driver of any registered Carriage not licensed under this Act who shall demand, except upon express agreement between the parties, any larger sum than is entered in the list of rates or fares provided for in Section XI., shall be liable on conviction to a fine not exceeding twenty Rupees, and the Officer who shall hear the case may order the amount of such overcharge to be forthwith paid to the party aggrieved. In default of payment, such amount shall be recoverable as a fine.

[আইনমতের ভাড়ার অধিক লইবার দণ্ডের কথা।]

২১ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা ও অনুমতিপ্রাপ্ত গাড়ির কোন স্বামী কি কোচমান এই আইন মতে যত ভাড়া লইতে পারে, তাহার অধিক যদি ভাড়া বলিয়া দাওয়া করে কি লয় অথবা এই আইনমতের অনুমতিপ্রাপ্ত না হইয়া রেজিষ্টরীকরা কোন গাড়ির কোন স্বামী কি কোচমান ১১ ধারার নির্দ্দিষ্ট দরের কি হারের ফর্দ্দেতে যত লেখা হইয়াছে তাহার অধিক যদি দাওয়া করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে সে কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ও যে কর্ম্মকারক ঐ মোকদ্দমা শুনেন তিনি আজ্ঞা করিতে পারিবেন যে ঐ অধিক টাকাপ্রভৃতি যাহার নিকটে লওয়া গিয়াছে তাহাকে অগৌণে ফিরাইয়া দেওয়া যায়, না দেওয়া গেলে সেই টাকা জরীমানার ন্যায় আদায় হইতে পারিবে। কিন্তু উভয়পক্ষের মধ্যে অধিক টাকা দিবার বন্দোবস্তের প্রতি এই বিধি খাটিবে না।

[Deposit may be demanded for waiting. Penalty for refusing to wait or going away before expiry of time for which deposit has been made, or not accounting for deposit.]

9. The dates on which the different statements should be received in the Register's office as noted in the margin,* though later dates are always accepted in the case of distant provinces, such as Assam, Tenasserim, and Martaban, and also, in moderation, as regards the outlying districts in the Regulation Provinces. The Court are willing to make an allowance for delay on the first introduction of a new statement, as the return of statements to all subordinates for correction, cannot, under such circumstances, be avoided; but after the statement for one period has been submitted, excuses for errors and omissions will not easily be accepted. The Judge should fix on a date for the despatch of statements from his office, which will ensure their reaching the presidency by the appointed dates; he should also fix on another date, for the receipt in his office of the returns of his subordinates in such time as will enable him to make his despatch on the appointed day; and he should invariably report in

* The *Monthly* statements on the 15th of the month following that to which they relate.

The *Annual* ditto on the 31st January of the year following that to which they relate.

৫। C চিহ্নিত ফর্দ্দের ফারমের নকশা যত্ন পূর্ব্বক তোমার নিকটে পাঠান যাইতেছে ও তোমার নিকটে প্রেরিত সেই নকশামতের ফারম তোমার রীতিমতে চাহিয়া আনাইতে হইবেক ও তদ্ভিন্ন অন্য প্রকারের ফারম ব্যবহার করিবা না।

৬। কার্য্যকারকেরা যত কর্ম্ম করিয়াছেন তাহা দেখাইবার কৈফিয়তের লিখিতব্য এই। রিটর্ণ যে সময়ের উপলক্ষে হয় সেই সময়ের মধ্যে যদি কোন আদালতে ভিন্ন২ বিচারপতি কার্য্য করিয়া থাকেন, তবে প্রত্যেক ব্যক্তির নাম ও শ্রেণী ও কর্ম্ম সর্ব্বদা লিখিতে হইবে। ও তারিখ স্বতন্ত্র ও স্পষ্টরূপে লিখিতে হইবে। সেই সময়ের মধ্যে যদি কোন কালে কোন পদ শূন্য হইয়া থাকে তবে যে তারিখঅবধি যে তারিখপর্য্যন্ত শূন্য হইয়াছে তাহা পার্শ্বে নোট করিয়া লিখিতে হইবেক। যদি কেবল এক জন বিচারকর্ত্তা থাকেন, তবে তাঁহার পদের খ্যাতির অতিরিক্ত তাঁহার নাম ও শ্রেণী ও যে মোকামে নিযুক্ত থাকেন তাহার নাম সর্ব্বদা লিখিতে হইবে।

৭। অধঃস্থ আদালতের রিটর্ণ শুদ্ধরূপে প্রস্তুত হইয়া নিরূপিত তারিখে অর্পণ করা যায়, ইহা উপরিস্থ কার্য্যকারকেরদের পক্ষে অতিআবশ্যক। অতএব তোমাকে আদেশ হইতেছে যে উক্ত সকল বিষয়ে যত্নপূর্ব্বক মনোযোগ করিয়া সদর আদালতের কর্ত্তব্যকর্ম্মেতে সাহায্য কর। ইহাতে ভিন্ন২ কৈফিয়ৎ অর্পণ করণে ভ্রম কি বিলম্ব বিষয়ে উক্ত আদালতের সাহেবেরদের বারম্বার পত্রাদি লেখা আবশ্যক না হয়।

৮। যদি কাছারীর প্রধান কেরাণী আপনার কর্ম্মে যৎসামান্যরূপে মনোযোগ করেন, তবে অর্পিত কোন কৈফিয়তের মধ্যে যত মোকদ্দমা লেখা থাকে তাহা তৎপূর্ব্বের কৈফিয়তের উপস্থিত থাকা মোকদ্দমার সংখ্যার সঙ্গে মিলিবে। যদি অগত্যা না মিলে, তবে তাহার কারণ তলভাগে কি পার্শ্বে নোট লিখিয়া ব্যক্ত করা যাইতে পারিবেক। এই কর্ম্ম অতিসহজ হইলেও এতদ্বিষয়ে পত্রাদি লেখা নিয়ত আবশ্যক হইতেছে।

৯। নানা কৈফিয়ৎ যে তারিখে রেজিষ্টর সাহেবের আফিসে পঁহুছিবে তাহা * নীচে লেখা যাইতেছে। কিন্তু আসাম ও থনাসরিম ও মার্ত্তাবানপ্রভৃতি দূর দেশের কৈফিয়ৎ বিলম্বে পঁহুছিলেও গ্রাহ্য হইবে। ও আইনের অধীন প্রদেশের সীমান্ত জিলার কৈফিয়তের কিঞ্চিৎ বিলম্ব সহে। যখন নূতন কৈফিয়ৎ প্রথমে চলন হয় তখন বিলম্ব হইলেও সদর আদালতের সাহেবেরা তাহা ক্ষমা করিতে পারেন, কেননা নূতন হওয়াতে তদ্রূপ কৈফিয়ৎ সংশোধন করিবার জন্যে অধঃস্থ সকল কার্য্যকারকদিগকে প্রায় অগত্যা ফিরিয়া দিতে হয়। কিন্তু এক কালের কৈফিয়ৎ অর্পণ হইলে পর অন্যবার চুক বা ত্রুটি হইলে তাহার ওজর অনায়াসে গ্রাহ্য হইবে না। জজ সাহেবের কর্ত্তব্য যে কৈফিয়ৎ সকল যাহাতে নিরূপিত তারিখে রাজধানীতে অবশ্য পঁহুছে ইহা নিয়ম করণার্থে আপনার কাছারীহইতে কৈফিয়ৎ চালান হইবার কোন এক তারিখ নির্দ্ধার্য্য করেন। ও সেই নির্দ্ধারিত তারিখে ঐ কৈফিয়ৎ চালান হইতে পারে ইহার নিয়ম করণার্থে তাঁহার অধীন কার্য্যকারকেরদের কৈফিয়ৎ যে তারিখে তাঁহার কাছারীতে পঁহুছিবে এমত অন্য তারিখ নির্দ্ধার্য্য করিবেন। আর যদি অধীন কার্য্যকারকের কোন

* মাসিক কৈফিয়ৎ যে মাসের হয় তাহার পর মাসের ১৫ তারিখে।

বার্ষিক কৈফিয়ৎ যে বৎসরের হয় তাহার পর বৎসরের ৩১ জানুআরি তারিখে।

a note on the statement every instance in which the return of a subordinate has not been received by him in time, or has been returned for correction. Allowance will again be made, if, for instance, there is delay in the actual course of transmission of a statement from an out-station; and for this purpose the date of despatch should be carefully noted by the subordinate authorities, who should invariably submit an explanation whenever it is evident that their returns will not be in time. But they must distinctly understand, that no excuse will be accepted if a statement is retained in the office of a subordinate court beyond the 1st of the month succeeding the period to which the statement refers, as a whole day is quite sufficient for its preparation, if it is, as it ought to be, more than half prepared before the close of that period.

10. After this notice, every instance of carelessness or unpunctuality will be duly noted in this office; and if the instances are serious or frequent, it will be the duty of the Court to bring the matter to the notice of the Lieutenant-Governor in the case of officers of the higher grades; while the Court will pass such orders as they may consider necessary as regards the Moonsiffs.

You are requested to impress on your subordinates of every grade, that accuracy and punctuality in these matters is one of the indications of a careful and zealous officer; and that these qualities will not be overlooked in considering claims to promotion between officers whose merits appear to be evenly balanced in other respects.

(Signed) H. ULICK BROWNE,
Register.

কৈফিয়ৎ তাঁহার নিকটে উপযুক্ত সময়ে না পঁহুছে কিম্বা যদি তাহা সংশোধন করিবার জন্যে ফিরিয়া পাঠান যায়, তবে তিনি ঐ কৈফিয়তে নোট লিখিয়া সর্ব্বদা সেই বিষয়ের রিপোর্ট করিবেন। অপর যদি কোন মফঃসল স্থানহইতে কোন কৈফিয়তের পথিমধ্যে বিলম্ব হয়, তবে সেই বিলম্বের ক্ষমা হইতে পারিবেক। এই কারণে অধঃস্থ বিচারকর্ত্তারা যে তারিখে কৈফিয়ৎ চালান করেন সেই তারিখ তাঁহারদের মনোযোগপূর্ব্বক ঐ কৈফিয়তে লিখিতে হইবে ও তাঁহারদের কৈফিয়ৎ উপযুক্ত সময়ে পঁহুছিবে না ইহা যদি স্পষ্টরূপে বোধ করেন, তবে তাহার কারণও সর্ব্বদা লিখিতে হইবে। কিন্তু অধঃস্থ বিচারকর্ত্তারা এই কথা স্পষ্টরূপে জ্ঞাত হউন যে তাঁহারদের কোন কৈফিয়ৎ যে মাসের হয় তাহার পর মাসের প্রথম তারিখের পর যদি তাঁহারদের আদালতে রাখেন, তবে তাহার কোন ওজর গ্রাহ্য হইবে না, যেহেতুক মাসের শেষ না হইতেং ঐ কৈফিয়তের অর্দ্ধেকের অধিক প্রস্তুত করিয়া রাখা উচিত তাহাতে তাহার প্রস্তুত করণ কার্য্য সমাপ্ত করিতে এক দিন প্রচুর হয়।

১০। এই সম্বাদ দেওয়া গেলে পর যদি কিছু অমনোযোগ কিম্বা কৈফিয়ৎ পঁহুছিতে বিলম্ব হয়, তবে সেই কথা এই আফিসে উপযুক্তমতে লিখিয়া রাখা যাইবে। ও যদি গুরুতর ভাবে কিম্বা বারম্বার তদ্রূপ হয়, তবে উপরিস্থ শ্রেণীর কার্য্যকারকেরদের ঐ দোষ হইলে সদর আদালতের সাহেবেরা ঐ কথা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবকে জ্ঞাত করিবেন। ও মুনসেফেরদের সেই দোষ হইলে আদালত যাহা আবশ্যক জ্ঞান করেন এমত আজ্ঞা করিবেন।

উপরোক্ত কার্য্য শুদ্ধরূপে ও নির্দ্ধারিত সময়ে সম্পন্ন করণ মনোযোগী ও যত্নবান কর্ম্মকারকের এক লক্ষণ। ও তদ্রূপ কার্য্যকারকদিগের মধ্যে যাহারদিগকে উচ্চপদে নিযুক্ত করিতে হয় তাঁহারদের অন্যান্য বিষয়ে সমান ক্ষমতা দৃষ্ট হইলেও, তাঁহারদের যোগ্যতা বিবেচনায় পূর্ব্বোক্ত গুণানুযায়ি ফল প্রদানে ত্রুটি হইবে না। এইকথা তুমি আপনার অধীন প্রত্যেক শ্রেণীর কার্য্যকারকের মনোগত করাও তোমাকে এই আদেশ হইতেছে।

এচ ইউলিক ব্রৌন।
রেজিষ্টর।

C.

LIST OF STATEMENTS TO BE RETAINED.

Civil.

1.—Statement of Regular Cases pending, instituted, and disposed of by the Judge and Principal Sudder Ameen, No. 1 ... ... } Monthly and Annual.
2.—Abstract Statement of all the Summary Suits and Miscellaneous business disposed of by the Judge and Principal Sudder Ameen, No. 2 ... ... Ditto.
3.—Abstract Statement of Miscellaneous business disposed of by the Sudder Ameen and Moonsiffs, No. 3 ... ... Ditto.
4.—Statement shewing the different descriptions of original suits instituted before the civil courts, No. 4 ... ... Annual.
5.—Statement of Appeals, No. 6, now No. 5 ... ... Ditto.
6.—Statement shewing the average duration of suits, No. 14, now No. 6 ... ... Ditto.
7.—Statement of debtors confined in the Civil Jail, No. 7 ... ... Ditto.
8.—Statement of Deeds registered, No. 8 ... ... Ditto.
9.—Statement of the security of officers attached to the Civil Courts, No. 9 ... ... Ditto.

C.

যে২ কৈফিয়ৎ প্রচলিত থাকিবে তাহার ফর্দ্দ।

দেওয়ানী।

১। জাবেতামতের যে সকল মোকদ্দমা মুলতবী থাকে ও উপস্থিত করা যায় ও জজ সাহেবের প্রধান সদর আমীনেরদের দ্বারা নিষ্পত্তি হয় তাহার কৈফিয়ৎ। ১ নং ... মাসিক ও বার্ষিক।

২। জজ সাহেব ও প্রধান সদর আমীন যে সকল সরাসরী মোকদ্দমা ও মুৎফরকা কার্য্য নিষ্পত্তি করিয়াছেন তাহার সংক্ষেপ কৈফিয়ৎ। ২ নং ... ... ঐ ঐ

৩। সদর আমীনেরদের ও মুনসেফেরদের নিষ্পত্তি করা মুৎফরকা কার্য্যের সংক্ষেপ কৈফিয়ৎ। ৩ নং ... ... ঐ ঐ

৪। দেওয়ানী আদালতে ভিন্ন২ যে সকল প্রকারের মোকদ্দমা প্রথমত উপস্থিত করা যায় তাহা দর্শাইবার কৈফিয়ৎ। ৪ নং ... ... বার্ষিক।

৫। আপীলের কৈফিয়ৎ (পূর্ব্বে ৬ নং, এইক্ষণে) ৫ নং ... ... ঐ

৬। মোকদ্দমা গড়ে যত কাল উপস্থিত থাকে তাহা দর্শাইবার কৈফিয়ৎ (পূর্ব্বে ১৪ নং এইক্ষণে ৬ নং ... ... ঐ

৭। দেওয়ানী জেলখানায় যে খাতকেরা কয়েদ থাকে তাহারদের কৈফিয়ৎ। ৭ নং ঐ

৮। রেজিষ্টরী করা দলীলের কৈফিয়ৎ। ৮ নং ... ... ঐ

৯। দেওয়ানী আদালতে নিযুক্ত আমলাগণের জামিনের কৈফিয়ৎ। ৯ নং ... ঐ

D.

LIST OF STATEMENTS TO BE DISCONTINUED.

Civil.

1.—Statement of Applications for Sale under Act IV. of 1846 ... ... Quarterly.

2.—Statement of Cases decided ex-parte on trial, No. 5 ... ... Annual.

3.—Statement of Civil Suits tried and decided by Punchayet under Regulation VI. of 1832 ... ... Ditto.

4.—Abstract Numerical Statements of Applications for execution of decrees ... Ditto.

5.—Quarterly Return of unexecuted decrees of Sudder Court, &c. ... ... Quarterly.

6.—Statement of Regular and Miscellaneous Cases disposed of by the subordinate courts and submitted to the Zillah Judge, and, if necessary, forwarded to the Sudder Court—vide para. 3, of Circular Order 1st December 1854 ... ... Monthly.

D.

যে২ কৈফিয়ৎ রহিত হইবেক তাহার ফর্দ্দ।

দেওয়ানী।

১। ১৮৪৬ সালের ৪ আইনমতে নীলাম হওয়ার দরখাস্তের কৈফিয়ৎ ... ... ত্রৈমাসিক

২। একতরফা বিচারমতে নিষ্পত্তি করা মোকদ্দমার কৈফিয়ৎ ৫ নং ... ... বার্ষিক।

৩। দেওয়ানী যে সকল মোকদ্দমা ১৮৩২ সালের ৬ আইনমতে পঞ্চায়ৎ দ্বারা বিচার ও নিষ্পত্তি হয় তাহার কৈফিয়ৎ ... ... ঐ

৪। ডিক্রী জারীর দরখাস্তের সংখ্যার সংক্ষেপ কৈফিয়ৎ ... ... ঐ

৫। সদর আদালতপ্রভৃতির যে২ ডিক্রী জারী হয় নাই তাহার ত্রৈমাসিক রিটর্ণ ... ত্রৈমাসিক।

৬। জাবেতামতের ও মুৎফরকা যে সকল মোকদ্দমা অধঃস্থ আদালতে নিষ্পত্তি হইয়া জিলার জজ সাহেবের প্রতি অর্পিত হয় ও আবশ্যকমতে সদর আদালতে পাঠান যায় তাহার কৈফিয়ৎ। ১৮৫৪ সালের ১ ডিসেম্বর তারিখের সরকুলর অর্ডরের ৩ দফা দেখ ... মাসিক।

COPY.

No. 70.

From H. T. Prinsep, Esquire, Officiating Register of the Sudder Dewanny Adawlut, to A. Pigou, Esquire, Judge of Hooghly.

Dated Calcutta, the 13th January 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 308, dated the 23rd ultimo, enquiring whether suits under Section 30, Regulation II. of 1819, can be instituted in Moonsiff's Courts under Act VIII. of 1859, if the amount involved be less than 300 Rupees.

2. In reply, I am directed by the Court to observe that as Act XXVI. of 1852, under which suits of the nature alluded to were formerly entertained by the Judge and by him transferred to Moonsiffs for trial, has been rescinded by Act X. of 1861, and as Act VIII. of 1859 provides that all suits of a Civil nature (the cognizance of which is not specially barred) may be instituted before the Courts of different grades according to the value of the matter in suit, the Court are of opinion that suits under Section 30, Regulation II. of 1819 can now be instituted under the new procedure in the Moonsiff's Courts direct.

(Signed) H. T. PRINSEP,
Register.

MEMO. No. 2.

Copy forwarded for the information and guidance of the Judge of

(Signed) H. T. PRINSEP,
Officiating Register.

Calcutta, 18th January 1862.

COPY.

No. 75.

From H. T. Prinsep, Esquire, Officiating Register of the Sudder Dewanny Adawlut, to R. H. Russell, Esquire, Judge of Backergunge.

Dated Calcutta, the 13th January 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 51, dated the 14th ultimo, suggesting that a provision be added to Act XXXVI. of 1860, to the effect, that nothing contained in that Act shall be considered as affecting the rules in force regarding the granting of copies of decrees, &c. to paupers, the Act appearing to you to be defective on the point.

2. In reply I am directed to observe that the maxim referred to by you that a subsequent law rescinds even without express words, a previous law on the same subject matter does not affect the present matter, Section 308, of Act VIII. of 1859 provides that when a pauper's application to sue is granted, it shall be deemed a plaint, and the plaintiff shall not be liable to any further stamp duty in respect of any petition, appointment of pleader, or other proceeding connected with the suit, or with the execution of any decree passed in regard to it;

নকল।

৭০ নম্বর

হুগলীর জজ শ্রীযুত এ পিগু সাহেবের নিকটে সদর দেওয়ানী আদালতের একটিং রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৩ জানুআরি।

তোমার গত মাসের ২৩ তারিখের ৩০৮ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহাতে জিজ্ঞাসা করিয়াছ যে ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারামতের যে২ মোকদ্দমা যদি ৩০০৲ টাকার ন্যূন মূল্যের হয়, তবে তাহা ১৮৫৯ সালের ৮ আইনমতে মুনসেফের আদালতে উপস্থিত করা যাইতে পারে কি না।

২। তাহার উত্তরে আমি সদর আদালতের আজ্ঞাক্রমে জানাইতেছি যে, ১৮৫২ সালের ২৬ আইনমতে উক্ত প্রকারের মোকদ্দমা পূর্ব্বে জজ সাহেবের গ্রাহ্য হইত ও তিনি তাহা মুনসেফের বিচারার্থ অর্পণ করিতেন। কিন্তু সেই আইন ১৮৬১ সালের ১০ আইনক্রমে রদ হইয়াছে। ১৮৫৯ সালের ৮ আইনে বিধান হইয়াছে যে দেওয়ানী প্রকারের যে সকল মোকদ্দমা গ্রাহ্য হওয়ার বিশেষমতে নিষেধ না হয়, সেই সকল মোকদ্দমা মূল্য বুঝিয়া ভিন্ন২ শ্রেণীর দেওয়ানী আদালতে উপস্থিত করা যাইতে পারে। ইহাতে সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে এইক্ষণে নূতন কার্য্যবিধানানুসারে ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারামতের মোকদ্দমা একেবারে মুনসেফী আদালতে উপস্থিত করা যাইতে পারিবে।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।

---

২ নম্বরের মন্তব্য কথা।

এই পত্রের নকল অমুক স্থানের জজ সাহেবের জ্ঞাপনার্থে ও তদ্দৃষ্টে কার্য্য হওনার্থে পাঠান যাইতেছে।

এচ টি প্রিন্সেপ। একটিং রেজিষ্টর।

কলিকাতা।
১৮৬২ সাল ১৮ জানুআরি।

নকল।

৭৫ নম্বর।

বাকরগঞ্জের জজ শ্রীযুত আর এচ রসেল সাহেবের নিকটে সদর দেওয়ানী আদালতের একটিং রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৩ জানুআরি।

তোমার গত মাসের ১৪ তারিখের ৫১ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাতে তোমার এই পরামর্শ লেখা হইয়াছে যে, পাপরেরদিগকে ডিক্রীপ্রভৃতির নকল দেওনের বিষয়ে যে২ বিধি চলন আছে তাহার প্রতি ১৮৬০ সালের ৩৬ আইনের কোন কথা না খাটিবার মর্ম্মের অতিরিক্ত এক দ্বারা উক্ত আইনে লেখা উচিত, যেহেতুক তোমার বিবেচনায় সেই বিষয়েতে ঐ আইন অসম্পূর্ণ।

২। তদুত্তরে আমি আজ্ঞাক্রমে তোমাকে জানাইতেছি যে, কোন বিষয়ের এক আইন চলন থাকিতে তাহার অন্য আইন হইলে ঐ নূতন আইনেতে পুরাতন আইন রদ হইবার কোন স্পষ্ট কথা না থাকিলেও সেই পুরাতন আইন রদ হয়, তোমার উল্লিখিত এই বিধান পূর্ব্বোক্ত স্থলে খাটে না। ১৮৫৯ সালের ৮ আইনের ৩০৮ ধারাতে এই বিধান হইয়াছে যে পাপরের নালিশ করিবার দরখাস্ত গ্রাহ্য হইলে সেই দরখাস্ত নালিশী আরজীস্বরূপ জ্ঞান হইবেক, ও কোন দরখাস্তের জন্যে কি উকীলকে নিযুক্ত করিবার জন্যে কিম্বা মোকদ্দমা সম্পর্কীয় কি মোকদ্দমাতে যে কোন

and Section 309 of the same Act provides, that the stamp due to Government may be recovered eventually from any party ordered by the decree to pay the same in the same manner as costs of suit are recoverable. These Sections remain in force notwithstanding Act XXXVI. of 1860, which, though a law applicable generally to all parties, in no way touches the special provisions of Act VIII. of 1859 as to the mode in which stamps are to be recovered in pauper cases.

ডিক্রী হয় তাহা জারী করণ সম্পর্কীয় অন্য কার্য্যের জন্যে ফরিয়াদী অধিক কোন ইষ্টাম্পের মাসুল দিবার যোগ্য হইবেক না, ও সেই আইনের ৩০৯ ধারাতে বিধান হইয়াছে যে গবর্ণমেণ্টের যে কোন ইষ্টাম্পের মাসুল পাওনা হয় তাহা দিবার হুকুম ডিক্রীমতে যে পক্ষের প্রতি হয় তাহার স্থানে সেই ইষ্টাম্পের মাসুল মোকদ্দমার খরচার ন্যায় আদায় হইতে পারিবে। ১৮৬০ সালের ৩৬ আইন প্রবল থাকিতেও উক্ত দুই ধারা প্রবল থাকে যেহেতুক উক্ত আইন সাধারণমতে সকল ব্যক্তির প্রতি খাটিলেও পাপরেরদের মোকদ্দমায় ইষ্টাম্পের মাসুল যে রূপে আদায় হইবে তদ্বিষয়ে ১৮৫৯ সালের ৮ আইনের বিশেষ বিধানের সহিত সম্পর্ক রাখে না।

3. It therefore appears to the Court that no new provision is necessary to remove doubts which really do not exist, as under Section 308, of Act VIII. of 1859, a copy of any judgment that is requisite to enable a pauper to appeal, should be given to him on plain paper, and as an application for execution of decree is only necessary to take out execution, no copy of the decree is required at all.

(Signed) H. T. PRINSEP,
Offg. Register.

৩। এই কারণে সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে উক্ত সন্দেহ ভঞ্জনার্থে কোন নূতন বিধান করা অনাবশ্যক, ফলতঃ উক্ত সন্দেহ প্রকৃত নহে যেহেতুক ১৮৫৯ সালের ৮ আইনের ৩০৮ ধারামতে পাপরের আপীল করিবার জন্যে যে কোন নিষ্পত্তির নকল দেওয়া আবশ্যক তাহা ইষ্টাম্প না করা কাগজে তাহাকে দিতে হইবেক ও ডিক্রী জারী হইবার নিমিত্তে কেবল ডিক্রী-জারীর দরখাস্তই আবশ্যক, অতএব ডিক্রীর নকলের প্রয়োজন নাই।

এচ টি প্রিন্সেপ। একটিং রেজিষ্টর।

MEMO. No. 3.

Copy forwarded for the information of the Judge of

By order of the Sudder Court.

H. T. PRINSEP,
Offg. Register.

Calcutta, 18th January 1862.

৩ নম্বরের মন্তব্য কথা।

এই পত্রের নকল অমুক জিলার জজ সাহেবের জ্ঞাপনার্থে পাঠান যাইতেছে।

সদর আদালতের আজ্ঞাক্রমে

এচ টি প্রিন্সেপ একটিং রেজিষ্টর।

কলিকাতা।

১৮৬২ সাল ১৮ জানুআরি।

No. 6.

From H. T. Prinsep, Esquire, Offg. Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 25th January 1862.

I am directed to request that you will be so good as to submit a separate monthly statement of all appeals under Act X. of 1859 before you in the form annexed.

(Signed) H. T. PRINSEP,
Offg. Register.

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেবেরদের নিকটে সদর দেওয়ানী আদালতের একটিং রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ২৫ জানুআরি।

আজ্ঞাক্রমে তোমাকে আদেশ হইতেছে যে ১৮৫৯ সালের ১০ আইনমতে তোমার নিকটে যে সকল আপীল হয় তাহার যতন্ত্র এক মাসিক কৈফিয়ৎ নীচের লিখিত পাঠে লিখিয়া পাঠাও

এচ টি প্রিন্সেপ একটিং রেজিষ্টর।

[*Government Gazette, 18th February*, 1862.]

Description of Cases.	Remaining from last month.	Instituted this month.	Total.	Order confirmed.	Order reversed or modified.	Remanded for further enquiry.	Struck off.	Appeal rejected.	Total.	Pending.	Pending more than 2 months.	Remarks.
Appeals. ...												

যে প্রকারের মোকদ্দমা।	গত মাসের মুলতবী	এই মাসে উপস্থিত	মোট	হুকুম বহাল রাখা যায়	হুকুম অন্যথা কি মতান্তর হয়	অধিক অনুসন্ধানের জন্যে ফিরিয়া পাঠান যায়	খারিজ হয়	আপীল অগ্রাহ্য হয়	মোট	উপস্থিত থাকে	২ মাসের অধিক উপস্থিত	মন্তব্য কথা।
আপীল												

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 11th February, 1862.

Baboo Hem Chunder Banerjee, B. A. and B. L., Officiating Moonsiff of Sulkea, Zillah Hooghly, to officiate as Moonsiff of Serampore, in the same Zillah.

LEAVE OF ABSENCE.

Baboo Kisto Chunder Chowdry, Moonsiff of Serampore, Zillah Hooghly, for one month, under Clause II., Section V. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Offg. Register.*

বঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের হুকুম।

৩৮৬ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত ডাক্তর সি পামর সাহেব (Dr. C. Palmer,) হাবড়ার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৬ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র ঘোষ হিজলী এলাকাতে ১৮৬০ সালের ৩২ আইনঅনুসারে আসেসর ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

সান্তাল পরগনার আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত ই এন সি ব্রাডন সাহেব (Mr. E. N. C. Braddon,) দেবগড় ও দুমকার এলাকাতে ১৮৬০ সালের ৩২ আইনের ২৩ ধারামতে ক্ষমতা পাইয়াছেন।

নীচের লিখিত মহাশয়েরা ভাগলপুরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ

শ্রীযুত সি ডি ফিলড সাহেব(Mr. C. D. Field.)

শ্রীযুত বাবু সূর্য্যনারায়ণ সিংহ B. A. ও B. L.

১৮৬২ সাল ৭ ফেব্রুআরি।

নীচের লিখিত অনররি মাজিষ্ট্রেটেরা তাঁহারদের নামের পার্শ্বের লিখিত জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr. F. J. Cockburn,)	হাজারীবাগে।
শ্রীযুত এম লেইবর্ট সাহেব (Mr. M. Leibert,)	
শ্রীযুত জান চীক সাহেব (Mr. John Cheek,)	মানভূমে।
শ্রীযুত লাল উপেন্দ্র নাথ সাহি	লোহারডগাতে।
শ্রীযুত রায় জগৎপালসিংহ বাহাদুর।	
শ্রীযুত রায় কৃষ্ণদয়াল সিংহ বাহাদুর।	
শ্রীযুত রায় রঘুবর দয়াল সিংহ বাহাদুর।	
শ্রীযুত বাবু হরবক্স রায়	

১৮৬২ সাল ৮ ফেব্রুআরি।

শ্রীযুত এল বি বি কিং সাহেব (Mr. L. B. B. King,) ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

[*Government Gazette*, 18th *February*, 1862.]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ১১ ফেব্রুআরি।

জিলা হুগলীর শালিখার একটিং মুনসেফ শ্রীযুত বাবু হেমচন্দ্র বাঁড়ুয্যা B. A. ও B. L. ঐ জিলার শ্রীরামপুরে মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

জিলা হুগলীর শ্রীরামপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চৌধুরী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ। একটিং রেজিষ্টর।

ভাগলপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি বি ফার্ণকোম্ব সাহেব (Mr. T. B. Farncombe) আপন চিকিৎসা কার্য্যের ভার ঐ মোকামের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দ্বারকানাথ চাটুয্যার প্রতি অর্পণ করিয়া চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

হাজারীবাগের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত ডবলিউ ডি ডবলিউ জর্জ সাহেব (Mr. W. DeW. George,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাস চারি দিনের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রাফিক্ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনর দিনের ছুটী পাইয়াছেন।

মুজঃফরপুরের ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কানাইলাল সেন আপন কার্য্যের ভার দেশীয় চিকিৎসক শ্রীযুত বংশীলালের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটী বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৫ ফেব্রুআরি।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত ওয়ার্নর সাহেবের (Mr. Warner,) অনুপস্থিত কালে ট্রিনিদাদের গবর্ণমেণ্ট শ্রীযুত হণ্ট মেরিয়ট সাহেবকে (Mr. Hunt Marriot,) কলিকাতায় তদ্দেশে গমনার্থ মজুরেরদের এজেণ্ট পদে নিযুক্ত করিয়াছেন।

৪০৮B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১ ফেব্রুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দীনমহম্মদ নগওয়ান এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন, ও মেদিনীপুরে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামত ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন, আরো ঐ কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের সম্মুখে মোকদ্দমা বিচারার্থে প্রস্তুত করণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত এচ জি. রেণী সাহেব (Mr. H. G. Renny,) ভাগলপুরে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ২ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন, ও ঐ এলাকার মকল কি কোন জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৮ ফেব্রুআরি।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সূর্য্যকুমার মুখুয্যা পাটনায় নিযুক্ত হইয়াছেন সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানারে ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১০ ফেব্রুআরি।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কলেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে টুইডি সাহেব (Mr. J. Tweedie,) ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৫৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান লইতে, ও উক্ত আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্তে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে ও তাহারদের স্থানে জামিরজামিন লইতে ও উক্ত কার্য্যকরণার্থে যে২ ক্ষমতার আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিতে ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর সি মনি সাহেব (Lieutenant R. C. Money,) হাজারীবাগে অতিরিক্ত অসিষ্টেণ্ট কমিস্যানরের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১১ ফেব্রুআরি।

শ্রীযুত কাপ্তান এ পি এস মনক্রীফ সাহেব (Captain A. P. S. Monorieff.) হাজারীবাগে প্রথম শ্রেণীর ডেপুটী কমিস্যানরের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১২ ফেব্রুআরি।

হাবড়ার অনরারি মাজিষ্ট্রেট শ্রীযুত অনরবিল ডি কোই সাহেব (Hon'ble D. Cowie,) ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ৮ ফেব্রুআরি।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ সি ওয়েক সাহেব (Mr. H. C. Wake,) আপন কর্ম্ম স্থানে পুনর্ব্বার পঁহুছিবার নিমিত্তে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১০ ফেব্রুআরি।

গোয়ালপাড়ার সদর আমীন শ্রীযুত বাবু নগরাম বড়ুয়া গত জুন মাসের ১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত আর্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১১ ফেব্রুআরি।

চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও আলীপুর জেলের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এফ মণ্টেসর সাহেব (Mr C. F. Montresor,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৪ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৭ ফেব্রুআরি।

আসামের আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ ফেরর সাহেব (Lieutenant W. Ferrer,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৩০ জানুআরি।

নীচের লিখিত যে মহাশয়েরা কোন২ জিলার অনরারি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হন তাঁহারা অদ্যাবধি সেই২ জিলার অনরারি মাজিষ্ট্রেট নামে খ্যাত হইবেন ও তাঁহারদের মাজিষ্ট্রেটী শক্তি পূর্ব্ববৎ থাকিবে। অর্থাৎ

কামরূপে

শ্রীযুত ডবলিউ বিচর সাহেব (Mr. W. Becher.)
শ্রীযুত এচ বেনব্রিজ সাহেব (Mr. H. Bainbridge.)

শিবসাগরে

শ্রীযুত জে ই টড সাহেব (Mr. J. E. Todd.)
শ্রীযুত এচ সি গিবসন সাহেব (Mr. H. C. Gibson.)
শ্রীযুত এচ জেন্‌কিনস্ সাহেব (Mr H. Jenkins.)
শ্রীযুত জি উলিয়মসন্ সাহেব (Mr. G. Williamson.)
শ্রীযুত আর স্পিয়র্স সাহেব (Mr. R. Spairs.)

লক্ষীপুরে

শ্রীযুত পাদরী ই এচ হিগস্ সাহেব (Reverend E. H. Higgs.)
শ্রীযুত বাবু হুদ গোঁহাই।

গোয়ালপাড়ায়

শ্রীযুত পৃথ্বিরাম চৌধুরী রায় বাহাদুর।

মানভূমে।

শ্রীযুত জান চিক সাহেব (Mr. John Cheek.)

হাজারিবাগে।

শ্রীযুত এম লাইবর্ট সাহেব (Mr. M. Leibert.)
শ্রীযুত জে এফ কোবর্ণ সাহেব (Mr. J. E. Cockburn.)

সোহারডগাতে

শ্রীযুত লাল উপেন্দ্রনাথ সাহী।
শ্রীযুত ভয়ালক্ষণ সিংহ।
শ্রীযুত রায়জগৎ পাল সিংহ বাহাদুর।
শ্রীযুত রায় কৃষ্ণদয়াল সিংহ বাহাদুর।
শ্রীযুত রায় রঘুবরদয়াল সিংহ বাহাদুর।
শ্রীযুত বাবু হরবকস রায়।

বালেশ্বরে।

শ্রীযুত মৌলবী আবদুল কুফ।

কটকে।

শ্রীযুত বাবু পদ্মনাভ দেব।

পুরীতে।

শ্রীযুত বাবু গোপীনাথ বিদ্যাধর।

বীরভূমের।

শ্রীযুত সি জে হাম্পটন সাহেব (Mr. C. J. Hampton.)
শ্রীযুত এচ রাইট সাহেব (Mr. H. Rait.)
শ্রীযুত এচ সি অরস্কিন সাহেব (Mr. H. C. Erskine.)

বর্দ্ধমানে।

শ্রীযুত এ এস সয়ার্স সাহেব (Mr. A. S. Sawers.)
শ্রীযুত বাবু শারদাপ্রসাদ রায়।
শ্রীযুত বাবু হিতলাল মিশ্র।

হাবড়াতে।

শ্রীযুত অনরবিল ডি কোই সাহেব (Hon'ble D. Cowie.)
শ্রীযুত এল ষ্টোকস সাহেব (Mr. L. Stokes.)
শ্রীযুত ডবলিউ এচ প্রিঙ্গল সাহেব (Mr. W. H. Pringle.)

ঢাকাতে।

শ্রীযুত খাজা আবদুল গনি।
শ্রীযুত জে জি এন পগোস সাহেব (Mr. J. G. N. Pogose.)
শ্রীযুত জে পি ওয়াইস সাহেব (Mr. J. P. Wise.)

ময়মনসিংহে।

শ্রীযুত বাবু কালীকিশোর রায়।

দারজিলিঙ্গে।

শ্রীযুত এফ ব্রাইন সাহেব (Mr. F. Brine.)
শ্রীযুত পি এচ স্কানলন সাহেব (Mr. P. H. Scanlan.)

মুঙ্গেরে।

শ্রীযুত রাজা জয়মঙ্গল সিংহ।

বেহারে।

শ্রীযুত রাজা জয়প্রকাশ সিংহ।

চম্পারণে।

শ্রীযুত এ ট্রাইপ সাহেব (Mr. A. Tripe.)
শ্রীযুত এল কসিরাট সাহেব (Mr. L. Cosserat.)
শ্রীযুত এচ হলওয়ে সাহেব (Mr. H. Hollway.)
শ্রীযুত জি এন্ ওয়াট সাহেব (Mr. G. N. Wyatt.)
শ্রীযুত মহারাজা রাজেন্দ্রকিশোর সিংহ বাহাদুর।

পাটনাতে।

শ্রীযুত কাপ্তান এ এচ পেটারসন্ সাহেব (Capt. A. H. Paterson.)

সারণে।

শ্রীযুত মহারাজা রাজেন্দ্র প্রতাপ সাহী বাহাদুর।

শাহাবাদে।

শ্রীযুত মহারাজা মহেশ্বরবক্স সিংহ বাহাদুর।
শ্রীযুত হজরৎ শা কবীরুদ্দীন আহমদ।
শ্রীযুত আর ডবলিউ বিঙ্গাম সাহেব (Mr. R. W. Bingham.)
শ্রীযুত বি শ্মিড সাহেব (Mr. B. Schmidt.)

ত্রিহুতে।

শ্রীযুত মৌলবী মৌলাবক্স।
শ্রীযুত জেমস ফর্লং সাহেব (Mr. James Forlong.)
শ্রীযুত চার্লস সোএন সাহেব (Mr. Charles Swaine.)
শ্রীযুত বাবু মোহর ঠাকুর।
শ্রীযুত বাবু পরমেশ্বরীপ্রসাদ নারায়ণ সিংহ।
শ্রীযুত বাবু বিষ্ণু দেব নারায়ণ সাহী।
শ্রীযুত বাবু চৌধুরী রুদ্রপ্রসাদ।
শ্রীযুত এচ হডসন সাহেব (Mr. H. Hudson.)
শ্রীযুত এফ এচ হলওয়ে সাহেব (Mr. F. H. Hollway.)
শ্রীযুত জি স্মিথ সাহেব (Mr. G. Smith.)
শ্রীযুত জি এণ্ডারসন সাহেব (Mr. G. Anderson.)
শ্রীযুত জে উইলসন সাহেব (Mr. J. Wilson.)
শ্রীযুত ডবলিউ সি বাডলী সাহেব (Mr. W. C. Baddeley.)
শ্রীযুত জে গেল সাহেব (Mr. J. Gale.)

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইস্তিহার।

এত্তাহারনামা কাছারি সুপ্রেণটেনডেনশী নেমক চৌকীয়াৎ শহর কলিকাতা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে গত ৬ ফিব্রুয়ারি তারিখে শহর কলিকাতার মাণিক বসুর ঘাটের উপর রাস্তাতে একখান ভগ্ন বক্সে ৬। সের নেমক চৌকী সুতানুটির দারোগাপ্রভৃতি আমলাগণকর্ত্তৃক ধৃত হইয়াছে অতএব যে কেহ উক্ত নেমকের দাবি রাখে তাহার উচিত যে মেয়াদ ১ মাস মধ্যে এপক্ষের হুজুরে হাজির হইয়া দাওয়া উপস্থিত করে নচেৎ আগামি ১১ মার্চ তারিখে উক্ত নেমক সরকারে জব্দ করার কারণ অত্রস্থ পোলীসের শ্রীযুত জুষ্টিস অফ দী পীস সাহেবের হুজুরে প্রস্তাবিত মোকদ্দমা অপণ হইবেক ইতি সন ১৮৬২ সাল তারিখ ৮ ফিব্রুয়ারি।

ডবলিউ এস ওএন। কলিকাতার নেমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট।

বিক্রয় নেমকের মাসকাবারী হিসাব সন ১৮৬২ সাল তারিখ ৩১ জানুআরি।

১	২	৩	৪	৫			৬
এজেন্সীর নাম	সন ১২৬৬ সাল অথবা ১৮৫৯। ৬০ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৯। ৬০ সাল	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল	মৌজুদ নেমকের একুন।			
				পাঙ্গা	করুকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
হিজলী।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুল পুর	০	০	৩৮,৭২৫/	৩৮,৭২৫/	০	৩৮,৭২৫/	৪০৮/
ঐ ঐ কৃষ্ণ নগর	০	০	১২৫/	১২৫/	০	১২৫/	ঐ
ঐ ঐ রাম নগর	০	০	২৮,২২০/	২৮,২২০/	০	২৮,২২০/	ঐ
ঐ ঐ কালী নগর	০	০	৫৫,৭০৪/	৫৫,৭০৪/	০	৫৫,৭০৪/	ঐ
ঐ ঐ পুরী ঘাটা	০	০	৫৭,২১১/	৫৭২১১/	০	৫৭,২১১/	ঐ
একুন	০	০	১,৮০,৬৮৫/	১,৮০,৬৮৫/	০	১,৮০,৬৮৫/	
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর	০	০	৭,৫৫,৪৮৪/	৭,৫৫,৪৮৪/	০	৭,৫৫,৪৮৪/	৪০৮/
একুন	০	০	৭,৫৫,৪৮৪/	৭,৫৫,৪৮৪/	০	৭,৫৫,৪৮৪/	
সালিখা।							
করুকচ নেমক মান্দ্রাজ পরমিট	৭,৩২,৮৬১/	২,৩২৯/	০	০	৭,৪২,১৯০/	৭,৪২,১৯০/	৩২৯/
ঐ ঐ চিলকী	০	১,৩১,৪২৮/	০	০	১,৩১,৪২৮/	১,৩১,৪২৮/	৩৮৮/
ঐ ঐ সিন্ধু	০	০	৫০,০০০/	০	৫০,০০০/	৫০,০০০/	৪১৫/
মিশ্রিত করুকচ নেমক	২৯০০/	০	০	০	২,৯০০/	২,৯০০/	৩৮৮/
পাঙ্গা নেমক বালেশ্বর	০	০	১,২৯,৩৩৫/	১,২৯,৩৩৫/	০	১,২৯,৩৩৫/	৪০৮/
একুন	৭,৪২,৭৬১/	১,৩৩,৭৫৭/	১,৭৯,৩৩৫/	১,২৯,৩৩৫/	৯,২৬,৫১৮/	১০,৫৫,৮৫৩/	

এজেন্সীর নাম।	সন ১২৬৬ সাল অথবা ১৮৫৯। ৬০ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৯। ৬০ সাল	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল	মৌজুদ নেমকের একুন। পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
চট্টগ্রাম।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।	০	০	১,৬২,০৫০/	১,৬২,০৫০/	০	১,৬২,০৫০/	৪০৮/
একুন।	০	০	১,৬২,০৫০/	১,৬২,০৫০/	০	১,৬২,০৫০/	
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈফু।	১৩,৪৪৮/	০	৬,৯৮১/	২০,৪২৯/	০	২০,৪২৯/	৩৮১/
একুন।	১৩,৪৪৮/	০	৬,৯৮১/	২০,৪২৯/	০	২০,৪২৯/	
মোট একুন	৭,৫৬,২০২/	১,০৩,৭৫৭/	১২,৮৪,৫৩৫/	১২,৪৭,৯৮৩/	৯,২৬,৫১৮/	২১,৭৪,৫০১/	

মন্তব্য।

শহর কলিকাতার অন্তর্গত রিবিনিউ বোর্ডের দপ্তরখানা হইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলা ঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৬ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলা হইতে ১০/ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬২ সাল তারিখ ৮ ফিব্রুয়ারি।

এ ইডন। ছোট সেক্রেটারী।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬২ সাল তারিখ ১০ মার্চ সোমবার পূর্ব্বাহ্ণ ।দবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬০। ৬১ সালের উৎপন্ন আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৪৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম——————১৩০৫
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম——————১১৩৫

জুমলা সিন্দুক ২৪৪০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬১ সালের ৯ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬২ সালের ২৫ এবং ২৫ মার্চ এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রামিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা কোন রকম সরকারী মাতবর দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬২ সালের ১৫ মার্চ শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসিসবাবে কিস্তের পূরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬২ সালের ২৫ মার্চ মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান সনে সন ১৮৬০। ৬১ সালের উৎপন্ন বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬২ সালের ১০ এপ্রেল বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৭ মে বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৯ জুন সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৯ জুলাই বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৬ আগষ্ট বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৫ সেপ্টেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ১৫ আক্টোবর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ১০ নবেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৪ ডিসেম্বর বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩৫৬	১১৬৪	২৫২০
একুন	১১৭৯৬	১০২৪৪	২২০৪০

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ
ফোর্ট উলিয়ম সন ১৮৬২ সাল তারিখ ৭ ফিব্রুআরি।

এ ইডন। ছোট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ড বিধির আইন ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া শ্রীরামপুরের যন্ত্রালয়ে উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকা মাত্র।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্ট সহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্ঘণ্ট সহ উক্ত যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পূর্ব্বোক্ত দণ্ডবিধির আইন যে স্থলে যেরূপে খাটে ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্য যেরূপে করিতে হইবে তাহা এই আইনেতে ব্যক্ত হইয়াছে। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের পুস্তকালয়ে কিম্বা নূতন চিনা বাজারের ৪৭ নম্বর বাটীতে শ্রীপদ্মলোচন নাথের নিকটে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

ফৌজদারী গাইড।

সর্ব্ব সাধারণ লোকদিগকে অবগত করা যাইতেছে যে ১৮৬০ সালের ৫ আইন ও দণ্ডবিধি নামক ৪৫ আইন ও ১৮৬১ সালের ৫ ও ২৫ ও ৩১ আইন ও তৎসম্পর্কীয় নিজানম আদালতের সরক্যুলর অর্ডর ও গবর্ণমেণ্টের বিজ্ঞাপনপত্র এবং উক্ত আইন দ্বারা যে সকল আইন রদ হইয়াছে তাহার ফিরিস্তি নির্ঘণ্ট সহিত মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে শহর কলিকাতা বটতলার উত্তরাংশে ২৪৬ নম্বর বাটীর নীচের দোকানে প্রস্তুত আছে অতএব যাঁহারদিগের প্রয়োজন হইবেক তাহারা উক্ত স্থানে লোক কিম্বা পত্র পাঠাইলে তৎক্ষণাৎ পাইবেন মূল্য কোং ৫৲ পাঁচ টাকা মাত্র।

১৮৬০ সালের দণ্ডবিধির আইন নামক ৪৫ আইন মূল্য ২৲ দুই টাকা ১৮৬১ সালের কার্য্যবিধান নামক ৫ ও ২৫ ও ৩১ আইন এবং গবর্ণমেণ্টের বিজ্ঞাপনপত্র সহিত মূল্য ... ... ২৲ দুই টাকা

১৭ ফেব্রুআরি ১৮৬২ সাল। শ্রীরাধামাধব শীল।

[*Government Gazette, 18th February*, 1862.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 25, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২৫ ফেব্রুআরি।

BILLS.

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 29th January 1862, and was referred to a Select Committee, who will make a report thereon after the 1st of May next :—

A Bill for securing certain grants of immoveable property made by the State.

[Preamble.]

WHEREAS it is expedient and proper that grants of immoveable property made for services rendered to the State, or for the support of any Title, Office, or Dignity conferred by the State, should be applied to the purpose for which the grant shall have been made, and that the property so granted should not be liable to be diverted from such purpose; It is enacted as follows :—

[Governor General in Council may declare State Grants to be held on certain conditions.]

1. Whenever any grant of immoveable property shall be made as above to any person as a reward for services rendered to the State, or to accompany or support any Title, Office, or Dignity conferred by the State, it shall be lawful for the Governor General of India in Council to declare, *first*, that no assignment, agreement, sale, security, or alienation of any kind of or in respect of such property or of any future interest therein shall be made by the grantee or by any person to whom such property shall descend under the limitations of such grant (save and except leases for any period not exceeding seven years or for any further period terminable with the life of the lessor), and that all such

আইনের মুসাবিদা।

দেশীয় ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রি সভায় পশ্চাৎ লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬২ সালের ২৯ জানুআরি তারিখে উপস্থিত করা যায় ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। তাঁহারা আগামি মে মাসের ১ দিবসের পরে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

রাজদ্বারা দত্ত স্থাবর সম্পত্তির স্বামিত্ব দৃঢ় করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

রাজ্যোপকারার্থ কোন কর্ম্মোপলক্ষে অথবা রাজদত্ত কোন উপাধি কি পদ কি সম্ভ্রমের চিহ্ন প্রতিপোষণার্থে কোন ব্যক্তিকে যে স্থাবর সম্পত্তি প্রদত্ত হয় তাহা যে অভিপ্রায়ে প্রদান করা যায় সেই অভিপ্রায়ে স্থিরতর থাকিবার ও অন্য কোন অভিপ্রায়ে ব্যবহার্য্য হইতে না পারিবার নিয়ম করা বিহিত ও উপযুক্ত। এই হেতুতে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[রাজদত্ত সম্পত্তি বিশেষ নিয়মাধীনে অধিকার হওন বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের আজ্ঞা করিতে পারিবার কথা।]

১ ধারা। রাজ্যোপকারার্থ কোন কার্য্য করাতে তাহার পুরস্কারস্বরূপে, কিম্বা রাজদত্ত কোন উপাধি কি পদ কি সম্ভ্রমের চিহ্ন সহকারে কি তাহা প্রতিপোষণার্থে, যখন কোন ব্যক্তিকে পূর্ব্বোক্তমতে স্থাবর সম্পত্তি প্রদত্ত হয়, তখন হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর তদ্বিষয়ের এতদ্রূপ নিয়ম অবধারণ করিতে পারিবেন, অর্থাৎ, প্রথম, ঐ সম্পত্তি প্রাপ্ত ব্যক্তি, কিম্বা তৎপ্রদানের নিয়মানুসারে যাঁহার ঐ সম্পত্তির উত্তরাধিকারিত্ব স্বত্ব হয়, তিনি ঐ সম্পত্তি কিম্বা তাহাতে কোন উত্তরকালীন স্বত্ব অন্য ব্যক্তিকে অর্পণ করিতে কিম্বা তৎসম্পর্কীয় কোন বন্দোবস্ত করিতে, কিম্বা তাহা বিক্রয় করিতে, কি প্রতিভূস্বরূপে দিতে, কি কোনপ্রকারে হস্তান্তর করিতে পারিবেন না, কেবল সাত বৎসরের অনধিক কোন কালের পাট্টা দিতে

assignments, agreements, sales, securities, and alienations, save and except such leases as aforesaid, shall be null and void; *secondly*, that the property so granted shall be exempt from seizure, attachment, or sequestration by process of any Court of Civil Judicature, and from sale under any process in execution of any decree or order of any such Court; and, *thirdly*, in what manner and subject to what limitations the property so granted shall, after the death of the grantee, descend in his family, namely, whether according to the ordinary law of inheritance applicable to the grantee or to the rule of primogeniture or otherwise; or to make any one or more of such declarations. Any such declaration shall be valid and effectual, and the property in respect of which it is made shall thereupon be held and enjoyed, subject to such declaration and in accordance with the terms thereof.

[Provision for a similar declaration respecting grants already made.]

II. It shall be lawful for the Governor General of India in Council, with the consent of the proprietor or proprietors at the time of any immoveable property which shall have been granted to any person before the passing of this Act for service rendered to the State, or to support any Title, Office, or Dignity conferred by the State, and which shall continue the property of the grantee or of any descendant of the grantee, to whom the property shall have descended under the limitations of the grant, to make any one or more of such declarations as aforesaid in respect of such property, and thereupon such declaration shall, from the date thereof, have the same force and effect in respect of the property to which it applies as a declaration made under the last preceding Section.

[Declaration not to affect previous rights of creditors.]

III. No such declaration as is provided for in the last preceding Section of this Act shall apply to, or affect any assignment, agreement, order, sale, security, or lien, or any right, title, or interest made, created, or acquired, in respect of any property to which such declaration relates, or any process of any Court of Civil Judicature issued in respect thereto, before the making of such declaration, or the claim of any creditor in respect of any debt personally incurred by the grantee subsequently to the acquisition of the grant, or by any descendant of the grantee to whom the property shall have descended under the limitations of the grant if such debt shall have been incurred before the passing of this Act.

[Mode of satisfaction instead of sale.]

IV. Whenever any creditor or other person shall require execution in respect of any claim or right

কিম্বা ততোধিক পাট্টাদাতার জীবনান্তে যাহা রহিত হইবে এমত মিয়াদে পাট্টা দিতে পারিবেন। ও উক্ত পাট্টা বর্জিয়া ও তদ্ভিন্ন উক্ত প্রকারের যে সকল অর্পণ ও বন্দোবস্ত ও বিক্রয় ও প্রতিভূস্বরূপ অর্পণ ও হস্তান্তর করণ কার্য্য হয়, তাহা ব্যর্থ ও অসিদ্ধ হইবে। দ্বিতীয়। উক্ত প্রকারের প্রদত্ত সম্পত্তি কোন দেওয়ানী আদালতের পরওয়ানাক্রমে আটক কি জব্দ কি ক্রোক হইতে পারিবে না, ও তদ্রূপ কোন আদালতের কোন ডিক্রী কি আজ্ঞা প্রবল করণার্থ কোন পরওয়ানাক্রমে বিক্রয় হইবে না। তৃতীয়। আরো সেই সম্পত্তিপ্রাপ্ত ব্যক্তির মরণান্তে উক্ত প্রকারের প্রদত্ত সম্পত্তি যে প্রকারে ও যে নিয়মানুসারে তদীয় পরিবারের অধিকারে আসিবে, অর্থাৎ ঐ সম্পত্তিপ্রাপ্ত ব্যক্তির স্বীকৃত উত্তরাধিকারিত্বের সাধারণ ব্যবস্থানুসারে, কিম্বা জ্যেষ্ঠাধিকারের নিয়মানুসারে, কি প্রকারান্তরে, ভোগ হইবে ইহার নিয়ম অবধারণ করিতে পারিবেন, অথবা পূর্ব্বোক্তমতের কোন এক কি অধিক অনুজ্ঞা প্রকাশ করিতে পারিবেন। তদ্রূপ কোন অনুজ্ঞা সিদ্ধ ও বলবৎ হইবে ও তাহা যে সম্পত্তির বিষয়ে করা যায় সেই সম্পত্তির উক্ত অনুজ্ঞাক্রমে ও উক্ত নিয়মানুসারে অধিকার ও ভোগ হইবে ইতি।

[ইতিপূর্ব্বে যে সম্পত্তি প্রদান হইয়াছে তদ্বিষয়ের তদ্রূপ অনুজ্ঞা প্রকাশের বিধান।]

২ ধারা। রাজ্যোপকারার্থ কোন কার্য্যোপলক্ষে কিম্বা রাজদত্ত কোন উপাধি কি পদ কি সম্ভ্রমের চিহ্ন প্রতিপোষণার্থে যে কোন স্থাবর সম্পত্তি এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে দেওয়া গিয়াছে ও তৎপ্রাপ্ত ব্যক্তির অধিকারে আছে, কিম্বা সম্পত্তি প্রদানের নিয়মানুসারে যাহার অধিকারে আসিয়াছে ঐ সম্পত্তিপ্রাপ্ত ব্যক্তির ক্রমত সন্তানাদির অধিকারে আছে, তদ্রূপ স্থাবর কোন সম্পত্তির বর্ত্তমান অধিকারির কি অধিকারিরদের সম্মতিপূর্ব্বক, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর সম্পত্তিসম্পর্কীয় পূর্ব্বোক্ত প্রকারের কোন এক কি অধিক অনুজ্ঞা প্রকাশ করিতে পারিবেন। ও যে সম্পত্তি সম্পর্কে ঐ অনুজ্ঞা করেন তদ্বিষয়ে ঐ অনুজ্ঞা হইবার তারিখঅবধি তাহা ইহার পূর্ব্ব ধারামতের অনুজ্ঞার তুল্য বলবৎ ও ফলবৎ হইবে ইতি।

[অনুজ্ঞাদ্বারা মহাজনেরদের পূর্ব্ব স্বত্বের ব্যতিক্রম না হইবার কথা।]

৩ ধারা। এই আইনের দ্বিতীয় ধারাতে যে প্রকারের অনুজ্ঞা করিবার বিধান হইয়াছে তাহা যে সম্পত্তির বিষয়ে করা যায় সেই সম্পত্তির যে কোন অর্পণ কি বন্দোবস্ত কি আজ্ঞা কি বিক্রয় কি জামিন কি দায়, কিম্বা তৎসম্পর্কীয় যে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক ঐ অনুজ্ঞা প্রকাশ হইবার পূর্ব্বে কৃত কি সৃষ্ট কি প্রাপ্তহওয়া যায় তাহার প্রতি, কিম্বা তৎসম্পর্কীয় কোন দেওয়ানী আদালতের জারীক্রমে কোন পরওয়ানার প্রতি ঐ অনুজ্ঞা খাটিবে না কি তাহাতে ঐ অর্পণাদি ক্রিয়ার কোন ব্যতিক্রম হইবে না, কিম্বা সেই সম্পত্তিপ্রাপ্ত ব্যক্তি ঐ সম্পত্তি প্রাপণের পরে স্বয়ং যে কোন ঋণগ্রস্ত হইয়াছেন তৎসম্পর্কীয়, কিম্বা ঐ সম্পত্তির অবধারিত নিয়মানুসারে তাহা ঐ সম্পত্তিপ্রাপ্ত ব্যক্তির যে কোন সন্তানাদির অধিকারে আসিয়াছে তিনি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে ঋণগ্রস্ত হইয়াছেন তৎসম্পর্কীয় কোন লোকের কোন দাওয়ার প্রতি ঐ অনুজ্ঞা খাটিবে না কি তাহাতে ঐ দাওয়ার ব্যতিক্রম হইবে না ইতি।

[নীলামভিন্ন টাকা পরিশোধের অন্য নিয়মের কথা।]

৪ ধারা। এই আইনমতের অনুজ্ঞাক্রমে যে কোন দাওয়া কি স্বত্ব নিবারিত না হয়, তৎ সম্পর্কে যদি কোন

not barred by declaration under this Act, by the sale of any property in respect of which any such declaration as aforesaid shall have been made, if it shall appear that satisfaction of the claim can be made within a reasonable period otherwise than by a sale of the property, the Court from which such execution is required shall make provision for the satisfaction of the claim in such manner as shall best, instead of proceeding to the sale of the property.

[Declarations to be registered.]

V. Any declaration made under this Act shall be registered in the Office of the Collector and in the Office of the Principal Register of Deeds of the District in which the property is situate in books to be kept for the purpose by such Collector and Principal Register of Deeds, and shall be published in the Official Gazette.

M. WYLIE,
Deputy Secy. to the Govt. of India,
Home Department.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 5th February 1862, and was referred to a Select Committee, with instructions to make a report thereon within one month :—

A Bill to amend Act XLVI. of 1860 *(to authorize and regulate the Emigration of Native Laborers to the French Colonies.)*

[Preamble.]

WHEREAS since the passing of Act XLVI. of 1860 (*to authorize and regulate the Emigration of Native Laborers to the French Colonies*) the Convention therein recited between Her Majesty the Queen of Great Britain and Ireland and His Majesty the Emperor of the French has been varied in the following particulars : that is to say, by substituting for Article XXVI. in the said Convention as so recited in the said Act, the following Article :

"ARTICLE XXVI.

The present Convention shall begin to take effect on the 1st of July 1862 ; its duration is fixed at three years and a half. It shall remain in full force if notice for its termination be not given in the course of the month of July of the third year, and then notice can be given only in the course of the month of July of each succeeding year.

In case of such notice being given it shall cease eighteen months afterwards.

Nevertheless the Governor General of British India in Council shall, in conformity with the Act of the 19th of September 1856, relative to emigration to British Colonies, have the power to suspend at any time emigration to any one or more of the French Colonies, in the event of his having reason to believe that in any such Colony proper measures have not been taken for the protection of the Emi-

মহাজন কি অন্য ব্যক্তি এমত দাওয়া রাখে যে, পূর্বোক্ত প্রকারের অনুজ্ঞা যে সম্পত্তির বিষয়ে হইয়াছে সেই সম্পত্তি নীলাম করিয়া তাহার ডিক্রী জারী হয়, তবে ঐ সম্পত্তি নীলাম না করিয়া উপযুক্ত সময়ের মধ্যে ঐ দাওয়ার পরিশোধ হইতে পারে ইহা দৃষ্ট হইলে, যে আদালতে ডিক্রী জারী হইবার প্রার্থনা হয়, সেই আদালত ঐ সম্পত্তি নীলাম করিতে প্রবর্ত্ত না হইয়া, ঐ দাওয়া পরিশোধের অন্য যে বিধান অতিউত্তম জ্ঞান করেন তাহা করিবেন ইতি।

[অনুজ্ঞা রেজেষ্টরী হইবার কথা।]

৫ ধারা। এই আইনমতে যে কোন অনুজ্ঞা করা যায়, তাহা ঐ সম্পত্তি যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেবের কাছারীতে ও দলীল দস্তাবেজের প্রধান রেজিষ্টর সাহেবের কাছারীতে রেজিষ্টর হইবেক। তাহা রেজিষ্টর করিবার বহী ঐ কালেক্টর সাহেব ও দলীল দস্তাবেজের প্রধান রেজিষ্টর সাহেব প্রস্তুত করিয়া রাখিবেন। আরো সেই অনুজ্ঞা সরকারী গেজেটে প্রকাশ হইবেক ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের
ডেপুটী সেক্রেটারী।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রী সভাতে পশ্চাৎ লিখিত আইনের মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬২ সালের ৫ ফেব্রুআরি তারিখে উপস্থিত হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। ও তাঁহারদিগকে এক মাসের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিতে আজ্ঞা হয়।

১৮৬০ সালের ৪৬ আইন (অর্থাৎ এতদ্দেশীয় মজুরদিগকে ফ্রান্সীয়েরদের বসতি স্থানে গমন করিবার অনুমতি দেওনের ও বিধান করণের আইন) সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

সাধারণ সভাতে সকল কার্য্য মতের আধিক্যক্রমে নিষ্পত্তি হইবার কথা।]

১৮ ধারা। অধিকারিরদের রীতিমতের কি বিশেষ যে সকল সাধারণ সভা হয়, তাহাতে মনোনীত করণ বিষয়ি প্রত্যেক কার্য্য ও অন্য যে সকল কার্য্য সভাস্থ ব্যক্তিরদের বিবেচনার্থে অর্পিত হয়, তাহা মতের আধিক্যক্রমে নিষ্পত্তি হইবে। ও যদি কোন ব্যক্তি হস্তান্তর করণদ্বারা কোন শ্যার কি ষ্টাক প্রাপ্ত হন, তবে সেই সভা হইবার অতিন্যূন ছয় মাস পূর্ব্বে সেই হস্তান্তর করণ সম্পন্ন হইয়া রেজিষ্টর না হইলে, তিনি তদ্রূপে প্রাপ্ত উক্ত শ্যার কি ষ্টাকের উপলক্ষে সেই সভাতে মত জ্ঞাপন করিতে পারিবেন না ইতি।

[মত জ্ঞাপন করিবার নিয়মের কথা।]

১৯ ধারা। উক্ত প্রকারের সাধারণ সকল সভাতে অধিকারিরা পশ্চাৎ লিখিত নিয়মমতে স্বং২মত জ্ঞাপন করিতে পারিবেন।

4 Shares of Rupees 1,000 each or consolidated stock amounting to 4,000 shall entitle					
to	...	...	...	...	1 Vote.
20 Shares or consolidated stock	ditto	ditto	Rs. 20,000	...	2 Votes
40 „	ditto	ditto	„ 40,000	...	3 „
60 „	ditto	ditto	„ 60,000	...	4 „
80 „	ditto	ditto	„ 80,000	...	5 „
120 „	ditto	ditto	„ 120,000	...	6 „
160 „	ditto	ditto	„ 160,000	...	7 „

and no Proprietor shall be entitled to more than seven votes. Provided also that when any share or stock shall be held by Joint Registered Proprietors, the Proprietor whose name shall appear first in the Register as one of the holders of such share or stock, shall alone be entitled to vote in respect thereof and to receive notices as if he were sole Proprietor thereof.

যাঁহার ১,০০০৲ টাকা করিয়া ৪ শ্যার কি ৪,০০০৲ টাকার কনসালিডেটড ষ্টাক থাকে তাঁহার মত এক জনের মত।

যাঁহার	২০	শ্যার	কি	২০,০০০৲	টাকার	ষ্টাক	তাঁহার মত ২	জনের মতের তুল্য।
যাঁহার	৪০	ঐ	কি	৪০,০০০৲	ঐ	ঐ	৩	ঐ ঐ
যাঁহার	৬০	ঐ	কি	৬০,০০০৲	ঐ	ঐ	৪	ঐ ঐ
যাঁহার	৮০	ঐ	কি	৮০,০০০৲	ঐ	ঐ	৫	ঐ ঐ
যাঁহার	১২০	ঐ	কি	১,২০,০০০৲	ঐ	ঐ	৬	ঐ ঐ
যাঁহার	১৬০	ঐ	কি	১,৬০,০০০৲	ঐ	ঐ	৭	ঐ ঐ

ও কোন অধিকারির মত সাত জনের মতের অধিক বলবৎ হইবে না। আর যদি কোন শ্যার কি ষ্টাক একত্র রেজিষ্টরী অধিকারির অধিকারে থাকে, তবে ঐ শ্যারের কি ষ্টাকের অধিকারী বলিয়া যাঁহার নাম প্রথমে রেজিষ্টরে দৃষ্ট হয়, কেবল তিনি ঐ শ্যার কিষ্টাকের উপলক্ষে মত জ্ঞাপন করিতে পারিবেন ও একা অধিকারী হওয়ার ন্যায় নমাদাদি প্রাপ্ত হইতে পারিবেন।

[*Government Gazette, 4th March*, 1862.]

[Government proxy.]

XX. It shall be lawful for the Governor General of India in Council, so long as the Government shall hold shares or stock in the said Bank, to give a proxy in writing signed by one of the Secretaries to Government, to any person whom the Governor General in Council may appoint to attend any general meeting of the Proprietors, and the holder of such proxy shall be entitled to give seven votes upon all matters or questions that may be submitted to such meeting, excepting upon the election or removal of such Directors as are elected by the said Proprietors.

[গবর্ণমেণ্টের মত অন্য ব্যক্তির দ্বারা জ্ঞাপন হইবার রীতি।]

২০ ধারা। গবর্ণমেণ্ট যত কাল উক্ত ব্যাঙ্কের শ্যারের কি ষ্টাকের অধিকারী হন তত কালপর্য্যন্ত হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুর অধিকারিদের কোন সাধারণ বৈঠকে আপনার পক্ষে উপস্থিত হইবার জন্যে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুর আপনার পক্ষে মত জ্ঞাপনার্থ গবর্ণমেণ্টের এক জন সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত লিপি দিতে পারিবেন। ও তদ্রূপ লিপি যাঁহাকে দেওয়া যায় তিনি উক্ত অধিকারিগণকর্ত্তৃক মনোনীত ডৈরেক্টরেরদের মনোনীত করণ কি অবসর করণ কার্য্যভিন্ন অন্য যে কোন কার্য্য কি প্রশ্ন তদ্রূপ সভাতে উপস্থিত করা যায় তদ্বিষয়ে মত জ্ঞাপন করিতে পারিবেন ও তাঁহার একি মত সাত জনের মতের তুল্য হইবেক ইতি।

[Proxies of Proprietors.]

XXI. Any Proprietor entitled to vote at any general meeting may give a proxy in writing either general or special, under his hand or the hand of his Attorney duly authorized, to any other Proprietor, and such proxy shall be produced at the time of voting and shall entitle the person, to whom it is given, to vote on such matters as shall be authorized by the tenor of such proxy. Proxies existing and in force at the time of this Act coming into operation shall continue in force any thing herein contained notwithstanding.

[অধিকারিরদের মত অন্য ব্যক্তিরদের দ্বারা জ্ঞাপন হইবার কথা।]

২১ ধারা। কোন সাধারণ সভাতে যে কোন অধিকারির মত জ্ঞাপন করিবার ক্ষমতা থাকে, তিনি আপনার পক্ষে মত জ্ঞাপন করণার্থ আপনার কিম্বা উপযুক্ত মতের ক্ষমতাপ্রাপ্তটর্ণির স্বাক্ষরিত সাধারণ কি বিশেষ এক লিপি অন্য কোন অধিকারিকে দিতে পারিবেন। ও তিনি মত জ্ঞাপন করিবার সময়ে এ লিপি দেখাইবেন ও অন্য বিক্তিরনিমিত্তে মত জ্ঞাপন করিবার এ লিপি যাঁহাকে দেওয়া যায় তিনি এ লিপির মর্ম্মানুসারে যে বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত হন সেই বিষয়ে আপন মত জ্ঞাপন করিতে পারিবেন। এই আইন প্রচলিত হইবার সময়ে অন্যের পক্ষে মত জ্ঞাপন করিবার তদ্রূপ যে কোন লিপি থাকে ও প্রবল আছে তাহা এই আইনের লিখিত কোন কথা থাকিতেও প্রবল ভাবে থাকিবে ইতি।

[Directors to choose a President who is to have a casting vote.]

XXII. At the first meeting of the Directors in every year, they shall choose a President from among themselves, and whether the office of President shall become vacant, they shall at their next meeting choose a successor for the remainder of the current year, and during any vacancy or in the absence of the President, the Senior Director in rotation shall be Vice-President for the time, and such President or Vice-President shall have the casting vote in all cases of an equal division of votes at meetings either of Directors or Proprietors.

[ডৈরেক্টরেরদের সভাপতি মনোনীত করিবার কথা ও তাঁহার মতের প্রাবল্যের কথা।]

২২ ধারা। প্রতি বৎসরে ডৈরেক্টরেরদের প্রথম যে সভা হয় তাহাতে তাঁহারা আপনারদের মধ্যের এক জনকে সভাপতি স্বরূপে মনোনীত করিবেন। ও যখন সেই সভাপতির পদ শূন্য হয় তখন তাঁহারা তৎপরের প্রথম সভাতে ঐ বৎসরের অবশিষ্ট কালের নিমিত্তে উক্ত পদে এক ব্যক্তিকে মনোনীত করিবেন। ও সভাপতির পদ শূন্য থাকনকালে কিম্বা তাঁহার অনুপস্থানে, যিনি প্রধান ডৈরেক্টর হন তিনি তৎকালের নিমিত্তে বৈস প্রসীডেণ্ট (অর্থাৎ অন্যের পরিবর্ত্তে সভাপতি) হইবেন এবং ডৈরেক্টরেরদের কি অধিকারিরদের সভাতে যখন এক মতের যত জন বিপক্ষ মতের তত জন থাকেন, তখন ঐ সভাপতির কি বৈস প্রসীডেণ্টের মত প্রবল হইবে ইতি।

[Accounts, receipts, and documents of the Bank, by whom to be signed.]

XXIII. The persons for the time being holding the office of Secretary and Treasurer or of Secretary alone, or of Deputy Secretary of the said Bank, are hereby severally empowered for and on behalf of the Bank to endorse and transfer Government securities, Railway shares, certificates and Bonded Warehouse warrants, and other documents of title in goods standing in the name of the Bank, and to draw, accept, and endorse Bills of Exchange, Bank Post Bills, and letters of credit, in the current and authorized business of the Bank, and to sign all other accounts, receipts, and documents, connected with such business.

[Seal to be used only in presence of three Directors who shall sign in token of their presence.]

[ব্যাঙ্কের হিসাব ও রসীদ ও দলীলে যাঁহার স্বাক্ষর করিতে হইবেক তাঁহার কথা।]

২৩ ধারা। যাঁহারা যে সময়ে উক্ত ব্যাঙ্কের সেক্রেটারী ও ত্রেজুরর কিম্বা কেবল সেক্রেটারী কি ডেপুটী সেক্রেটারী হন, তাঁহারদের প্রত্যেক জনকে ইহাতে ক্ষমতা দেওয়া গেল যে তাঁহারা ব্যাঙ্কের নিমিত্তে ও ব্যাঙ্কের পক্ষে গবর্ণমেণ্টের নিদর্শনপত্রের ও রেলওয়ে শ্যারের ও সর্টিফিকটের ও বাণ্ডেড ওয়েরহৌসের ওয়ারণ্টের ও ব্যাঙ্কের নামে যে মাল থাকে তাহার অধিকারের অন্যান্য দলীলের পৃষ্ঠে লেখেন ও তাহা হস্তান্তর করেন ও ব্যাঙ্কের চলিত ও অনুমতিমতের কার্য্যেতে বিল অফ এক্সচেঞ্জ ও ব্যাঙ্ক পোষ্ট বিল ও বরাৎ চিঠি লেখেন ও স্বীকার করেন ও ইণ্ডর্স করেন ও সেই কর্ম্ম সম্পর্কীয় অন্য সকল হিসাব ও রসীদ ও দলীলে স্বাক্ষর করেন ইতি।

XXIV. The seal of the said Bank shall not be

[তিন জন ডৈরেক্টরের সাক্ষাতে মোহর ছাপাইবার ও তাঁহাদের বর্ত্তমান থাকার চিহ্নস্বরূপে স্বাক্ষর করিবার কথা।]

২৪ ধারা। তিন জন ডৈরেক্টর বর্ত্তমান না থাকিলে

affixed to any instrument except in the presence of three Directors, who shall sign their names to the instrument in token of their presence, and such signing shall be independent of the signing of any person who may sign the instrument as a witness, and unless so signed by three Directors such instrument shall be of no validity.

[Appointment, removal, and remuneration of Officers, &c.]

XXV. The Directors for the time being shall have power to appoint such officers, clerks, and servants, as may be necessary to conduct the business of the said Bank, and to remove any officer, clerk, or servant of the said Bank, and to fix the salaries of such officers, clerks, and servants.

[Prohibits certain Officers from engaging in other commercial business as principal, agent, or broker, and requires them to give security.]

XXVI. No person who shall hold the office of Secretary and Treasurer, Deputy Secretary, Head Accountant, or Khazanchee of the said Bank, shall directly or indirectly engage in any other commercial business, either on his own account individually or jointly with others, or as agent for any other persons, or act as a broker; and every person appointed to any one or more of the said offices shall give such security to the Directors for the faithful discharge of his duty as they shall think sufficient. Provided that the security to be given by any Secretary or Treasurer shall be for not less than fifty thousand Rupees.

[Business of the Bank specified.]

XXVII. The business of the said Bank of Bengal shall consist in lending on Government Securities and shares in Railways the interest whereon shall have been guaranteed by Government, and on goods, wares, and merchandize not of a perishable kind, in drawing, discounting, buying, and selling Bills of Exchange, and other negotiable securities payable in Her Majesty's Indian Territories and not elsewhere; in granting Post Bills payable in Her Majesty's Indian Territories to order or otherwise than to bearer on demand; in buying and selling gold and silver bullion; in making investments in securities of the Government of India or in loans or Bonds secured by the Imperial Parliament on the revenues of India or in debentures of Railways guaranteed by the Government of India; in receiving deposits; in opening cash accounts and credits; in transacting pecuniary Agency business on commission; and in selling property or securities deposited in the Bank as security for loans and not redeemed, or property or securities recovered by the Bank in satisfaction of debts and claims.

[Bank may draw Bills of Exchange, &c., for the use of their constituents in the Agency Department.]

XXVIII. In addition to drawing, buying, and sell-

উক্ত ব্যাঙ্কের মোহর কোন দলীলে দেওয়া যাইবে না। তাঁহারদের বর্ত্তমান থাকার চিহ্নস্বরূপে তাঁহারা সেই দলীলে স্বাক্ষর করিবেন। কিন্তু তাঁহারদের কোন ব্যক্তি সাক্ষিস্বরূপে ঐ দলীলে স্বাক্ষর করিলে তাহা পৃথক হইবে। ও তিন জন ডৈরেকটর যদি পূর্ব্বোক্ত প্রকারে স্বাক্ষর না করেন, তবে ঐ দলীল সিদ্ধ হইবে না ইতি।

[কর্ম্মকারকপ্রভৃতিকে নিযুক্ত ও অবসর করণের ও তাঁহাদের বেতনের কথা।]

২৫ ধারা। উক্ত ব্যাঙ্কের কার্য্য নির্ব্বাহের জন্যে যে কর্ম্মকারক ও কেরানী ও চাকরদিগকে নিযুক্ত করা আবশ্যক তাহারদিগকে যাঁহারা যে সময়ে ডৈরেকটর হন তাঁহারা নিযুক্ত করিবেন এবং তাঁহারা উক্ত ব্যাঙ্কের কোন কার্য্যকারককে কি কেরানীকে কি চাকরকে অবসর করিতে ও ঐ কর্ম্মকারকেরদের ও কেরানীরদের ও চাকরেরদের বেতন নির্দ্ধার্য্য করিতে পারিবেন ইতি।

[কোন২ কর্ম্মকারকেরদের অন্য তেজারতী কর্ম্মে মুখ্য ব্যক্তি কি এজেণ্ট কি দালালস্বরূপে কর্ম্ম না করিবার ও তাঁহারদের জামীন দিবার কথা।]

২৬ ধারা। যে কোন ব্যক্তি উক্ত ব্যাঙ্কের সেক্রেটারী ও ত্রেজুরর কিম্বা ডেপুটী সেক্রেটারী কি প্রধান হিসাবী কি খাজাঞ্চীর কর্ম্ম করেন তিনি আপনার নিমিত্তে আপনি কি অন্যেরদের সঙ্গে যৌতায়, স্পষ্টরূপে কি চক্রান্তে অন্য কোন তেজারতী কর্ম্মে লিপ্ত হইবেন না, কি অন্য কোন ব্যক্তির এজেণ্টী কর্ম্ম অর্থাৎ গোমাশতাগিরি করিবেন না, কি দালালের কর্ম্ম করিবেন না। আরো পূর্ব্বোক্ত কোন এক কি অধিক পদে নিযুক্ত ব্যক্তিরা আপনারদের কর্ত্তব্য কর্ম্ম বিশ্বস্তরূপে নির্ব্বাহ করিবেন এতদ্বিষয়ে ডৈরেকটরেরা যত জামিন উপযুক্ত জ্ঞান করেন তাহা তাঁহারদের দিতে হইবেক। কিন্তু কোন সেক্রেটারীর কি ত্রেজুররের স্থানে পঞ্চাশ সহস্র টাকার ন্যূন জামিন লওয়া যাইবে না ইতি।

[ব্যাঙ্কের কর্ম্ম নির্দ্দেশ।]

২৭ ধারা। উক্ত বাঙ্গাল ব্যাঙ্কের এই২ কর্ম্ম। তাঁহারা গবর্ণমেণ্টের নিদর্শনপত্র, ও যে রেলওয়ে শ্যারের সুদের নিমিত্তে গবর্ণমেণ্ট প্রতিভূ হন সেই শ্যার, ও যাহা ক্ষয়নীয় নহে এমত মাল ও জিনিস ও বাণিজ্য দ্রব্য রাখিয়া টাকা কর্জ্জ দিবেন, এবং বিল অফ এক্সচেঞ্জ অর্থাৎ হুণ্ডী ও অন্য২ যে নিদর্শনপত্রের টাকা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় দেশের মধ্যে দেওয়া যাইতে পারে অন্য নহে, তাহা দিবেন ও তাহার উপর ডিসকৌণ্ট লইয়া টাকা দিবেন ও তাহা ক্রয় ও বিক্রয় করিবেন। ও যে পোষ্ট বিলের টাকা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় দেশের মধ্যে ঐ বিলপ্রাপ্ত ব্যক্তির আজ্ঞামতে অথবা খাড়া নহে অর্থাৎ বাহকের দাওয়া হওন মাত্রে দেওয়া যাইবে না এমত পোষ্ট বিল দিবেন। ও সোনা ও রূপার মুদ্রা ক্রয় বিক্রয় করিবেন। ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিদর্শনপত্র, কিম্বা ভারতবর্ষের রাজস্বের উপর রাজকীয় পার্লিমেণ্ট কর্ত্তৃক রক্ষিত লোন কি বণ্ড, কিম্বা যে রেলওয়ের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টপ্রতিভূ হন তাহার শ্যারের নিদর্শনপত্র ক্রয় করিবেন। ও গচ্ছিত টাকা গ্রহণ করিবেন। ও নগদ টাকা গ্রহণ করিয়া জমা ও খরচের হিসাব রাখিবেন। ও কমিশ্যন লইয়া টাকার এজেন্সী কর্ম্ম করিবেন। ও টাকা কর্জ্জ করিয়া জামিনস্বরূপে যে সম্পত্তি কি নিদর্শনপত্র ব্যাঙ্কে অর্পণ হয় ও মুক্ত করা যায় নাই তাহা, কিম্বা কর্জ্জী টাকার কি দাওয়ার পরিশোধে ব্যাঙ্ক যে সম্পত্তি কি নিদর্শন পত্র প্রাপ্ত হন তাহা বিক্রয় করিবেন ইতি।

[এজেন্সী ডিপার্টমেণ্টে যাঁহারা ব্যাঙ্কের সঙ্গে কর্ম্ম করেন তাঁহারদের পক্ষে হুণ্ডীপ্রভৃতি দিবার কথা।]

২৮ ধারা। ভারতবর্ষে যাহার টাকা দেওয়া যাইতে

ing Bills of Exchange and granting Post Bills payable in India, it shall be lawful for the Bank to draw Bills of Exchange and grant letters of credit payable out of India for the use of their constituents in the Agency Department, and to buy Bills of Exchange payable out of India for the purpose of remitting funds to meet such Bills or Letters of Credit.

[Bank may transact the business carried on at the General Treasury, and undertake the management of the Government Paper Currency.]

XXIX. It shall also be lawful for the said Bank through their Directors, under any arrangement or agreement with the Governor General of India in Council on behalf of the Secretary of State for India in Council, to take over and transact any part of the business of or hitherto carried on at the General Treasury (or in the Department of the Accountant General at Fort William), and to superintend, manage, and become agents for the issue, payment, and exchange of Government Currency Notes under Act XIX. of 1861 (*to provide for a Government Paper Currency*) or any Act which may hereafter be passed in relation to the Paper Currency of the Government of India, and to pay the amount of such Government Currency Notes in silver to the holders thereof on presentation and demand, and the Directors of the said Bank shall have power from time to time to arrange and settle with the Governor-General in Council as to the terms of remuneration on which such business in relation to the General Treasury, Accountant General's Department, and Government Paper Currency shall be undertaken by the Bank, and also as to the examination and audit from time to time of the accounts and affairs of the Bank on behalf of the Governor-General of India in Council.

[Directors not to make loans on shares &c.]

XXX. The Directors of the said Bank shall not make any loan or advance on shares or consolidated stock of the said Bank, nor on mortgage, or in any other manner on the security of any lands, houses, or immoveable property or the title deeds relating thereto.

[Books to be balanced half-yearly.]

XXXI. The Directors of the said Bank shall cause the books of the said Bank to be balanced on the 30th day of June and the 31st day of December in every year, or at such other periods as shall from time to time be determined by the Directors, and a settlement of the balance at every such period signed by a majority of the Directors shall be forthwith transmitted to one of the Secretaries to the Government of India, and the Governor General of India in Council (so long as the Government shall hold shares or stock in the said Bank, or so long as any such arrangement with the Government as aforesaid, which has already been or shall hereafter be entered into shall

পারে এমত বিল অফ এক্সচেঞ্জ অর্থাৎ হুণ্ডীক্রয়বিক্রয় করণ ও পোষ্ট বিল দেওনাতিরিক্ত, এজেন্সী ডিপার্টমেণ্টে যাঁহারা ব্যাঙ্কের সঙ্গে কর্ম্ম করেন তাঁহারদের পক্ষে ঐ ব্যাঙ্ক ভারতবর্ষের বাহিরে যাহার টাকা দেওয়া যাইতে পারে এমত হুণ্ডী কি বরাৎ চিঠী দিতে পারিবেন ও সেই হুণ্ডীর কি বরাৎ চিঠির টাকা পরিশোধার্থে ভারতবর্ষের বাহিরে যাহার টাকা দেওয়া যাইতে পারে এমত বিল অফ এক্সচেঞ্জক্রয় করিতে পারিবেন ইতি।

[জেনরল ট্রেজুরিতে যে কার্য্য চালান যায় তাহা নির্ব্বাহ করিতে ও গবর্ণমেণ্টের মুদ্রাস্বরূপ নোটের কার্য্য নির্ব্বাহ করিতে ব্যাঙ্কের ক্ষমতার কথা।]

২৯ ধারা। আরো উক্ত ব্যাঙ্ক আপনারদের ডৈরেক্টরেরদের দ্বারা ভারতবর্ষের নিমিত্তে হুজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পক্ষে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুরের সঙ্গে কোন নিয়ম কি করার করিয়া, জেনরল ট্রেজুরির কিম্বা ফোর্ট উলিয়মে আক্কৌণ্টেণ্ট জেনরলের ডিপার্টমেণ্টের কোন কর্ম্ম কিম্বা সেই ট্রেজুরিতে কি ডিপার্টমেণ্টে যে কর্ম্ম পূর্ব্বাবধি চালান যাইতেছে তাহার কোন অংশ গ্রহণপূর্ব্বক নির্ব্বাহ করিতে পারিবেন এবং ১৮৬১ সালের ১৯ আইন (অর্থাৎ গবর্ণমেণ্টের মুদ্রাস্বরূপ নোটের বিধান করিবার আইন) মতে কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের মুদ্রাস্বরূপ নোট সম্পর্কে যে কোন আইন ইহার পরে প্রচলিত হইবে তদনুসারে গবর্ণমেণ্টের মুদ্রাস্বরূপ নোট চালাইবার ও দিবার ও ভাঙ্গাইবার কার্য্য তত্ত্বাবধারণ ও নির্ব্বাহ করিতে ও তাহার এজেণ্ট হইতে পারিবেন, ও উক্ত প্রকারের গবর্ণমেণ্টের মুদ্রাস্বরূপ নোট কেহ উপস্থিত করিয়া তাহার টাকা চাহিলে তাহার রোক টাকা দিতে পারিবেন। এবং জেনরল ট্রেজুরী ও আক্কৌণ্টেণ্ট জেনরলের ডিপার্টমেণ্ট ও গবর্ণমেণ্টের মুদ্রাস্বরূপ নোট সম্পর্কে ব্যাঙ্ক যে কর্ম্ম নির্ব্বাহ করেন তাহার নিমিত্তে যে নিয়মে পারিশ্রমিক প্রাপ্ত হইবেন, তদ্বিষয়ে ও হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুরের পক্ষে ব্যাঙ্কের হিসাব ও কার্য্যব্যাপার সময়ে২ তদারক ও আডিট করিবার বিষয়ে উক্ত ব্যাঙ্কের ডৈরেক্টরেরা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুরের সঙ্গে সময়ে২ নিয়ম ও করার করিতে পারিবেন ইতি।

[শ্যারপ্রভৃতির উপর ডৈরেক্টরেরদের কর্জ্জ না দিবার কথা।]

৩০ ধারা। উক্ত ব্যাঙ্কের ডৈরেক্টরেরা ঐ ব্যাঙ্কের শ্যারের কি কানসালিডেটড ষ্টাকের উপর কিম্বা বন্ধকী দ্রব্যের উপর কিম্বা প্রকারান্তরে কোন ভূমির কি ঘরের কি স্থাবরসম্পত্তির জামিনীতে কিম্বা তৎসম্পর্কীয় অধিকারের দলীলের উপর কোন টাকা কর্জ্জ কি আগাম দিবেন না ইতি।

[খাত বহী ছয়২ মাসে নিকাশ দিবার কথা।]

৩১ ধারা। উক্ত ব্যাঙ্কের ডৈরেক্টরেরা প্রতিবৎসর জুন মাসের ৩০ তারিখে ও ডিসেম্বর মাসের ৩১ তারিখে কিম্বা অন্য যে কাল ডৈরেক্টরেরা সময়ে২ নির্দ্ধার্য্য করেন সেই কালে ঐ ব্যাঙ্কের জমা খরচের সকল হিসাব নিষ্পত্তি করিবেন। ও তৎকালে নিষ্পত্তি করা ঐ হিসাবের এক কেতায় ডৈরেক্টরেরদের অধিকাংশ ব্যক্তি স্বাক্ষর করিয়া অবিলম্বে ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক জন সেক্রেটারী সাহেবের নিকটে পাঠাইবেন। ও গবর্ণমেণ্ট যত কাল উক্ত ব্যাঙ্কে কোন শ্যারের কি ষ্টাকের অধিকারী হন কিম্বা গবর্ণমেণ্টের সঙ্গে পূর্ব্বোক্ত প্রকারের যে নিয়ম হইয়াছে কি পরে হইবেক তাহা যত কাল বৎসর থাকে তত কালপর্য্যন্ত হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুর

remain in force) shall at all times be entitled to require of the said Directors any information touching the affairs of the Bank and the production of any documents of the said Bank, and the said Directors shall comply with every such requisition.

[Dividends to be determined half-yearly.

XXXII. An account of the profits of the said Bank shall be taken half-yearly on the 1st day of January and the 1st day of July in every year, or at such other periods as may from time to time be determined on by the Directors, and a dividend thereof shall be made as soon thereafter as conveniently may be, and the amount of such dividend shall be determined by the Directors of the said Bank, on the basis of the actual profits made by the said Bank during the six calendar months preceding the day up to which such half-yearly account shall be taken, provided that the said Directors shall in their discretion have power to set apart such portion of the said profits as they may deem expedient to be added to the reserve fund against contingencies.

[General meeting of Proprietors.]

XXXIII. On the 1st Monday of the month of August in every year, a general meeting of the Proprietors of the capital of the said Bank shall be held, at which the Directors of the said Bank shall submit to the said Proprietors a statement of affairs of the said Bank made up to the preceding 30th of June or to such other day as may be determined on by the Directors.

[Election of Auditors.]

XXXIV. At the first general meeting of the Proprietors of the Bank held after the coming of this Act into operation, one or more Auditors for the current year may be elected by a majority of votes at such meeting, and in like manner an Auditor may be elected at the first general meeting of the Proprietors in each current year.

[Convening of special general meeting.]

XXXV. Any three of the Directors or any ten Proprietors of the said Bank, may at any time convene a special general meeting of the Proprietors upon giving fifteen days' previous notice of such meeting and of the purpose for which the same shall be convened as well to the Directors of the said Bank for the time being, as also by public advertisement in the *Calcutta Gazette*.

[Establishment of branch Banks.]

XXXVI. It shall be lawful for the Directors of the said Bank, with the sanction of the Governor General of India in Council, from time to time to form business agencies and to establish branch Banks at such places as they may deem advantageous to the interests of the Bank with full power to the said Directors to appoint during pleasure such agents, clerks, and servants and either with or without local Boards of Directors or management and under such regulations, restrictions and conditions as to them may seem fit, and from time to time to vary such regulations, restrictions, and conditions, and

যখন ইচ্ছা করেন তখন উক্ত ব্যাঙ্কের কার্য্যব্যাপারের বিষয়ে উক্ত ডৈরেক্টরেরদের নিকটে কোন কথা অবগত হইবার দাবিয়া করিতে ও উক্ত ব্যাঙ্কের কোন দলীল উপস্থিত করিবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন ও উক্ত ডৈরেক্টরেরদের সেই আজ্ঞামতে কার্য্য করিতে হইবেক ইতি।

[ডিবিডেণ্ড ছয়২ মাসে নির্দ্ধার্য্য হইবার কথা।]

৩২ ধারা। উক্ত ব্যাঙ্কের লভ্যের হিসাব প্রতিবৎসর জানুআরি মাসের প্রথম দিবসে ও জুলাই মাসের প্রথম দিবসে কিম্বা ডৈরেক্টরেরা সময়ে২ অন্য যে কোন কাল নিরূপণ করেন সেই কালে লইয়া, তৎপরে সাধ্যমতে ত্বরা করিয়া ডিবিডেণ্ড করিবেন (অর্থাৎ লভ্যের অংশানুসারে বণ্টন করিয়া দিবেন) ও সেই ছয় মাসের হিসাব যে দিনপর্য্যন্ত নিকাশ করা যায় তাহার পূর্ব্বে ইঙ্গরেজী পঞ্জিকামতের ছয় মাসে ঐ ব্যাঙ্কের প্রকৃত যত লভ্য হইয়াছে তাহা বুঝিয়া যত টাকা অংশ করিয়া বণ্টন করিতে হইবেক তাহা ঐ ব্যাঙ্কের ডৈরেক্টরেরা নির্দ্ধার্য্য করিবেন। কিন্তু অদৃষ্ট কোন গতিকের নিমিত্তে সঞ্চিত টাকার যে তহবীল আছে, সেই তহবীলে উক্ত ডৈরেক্টরেরা আপনারদের বিবেচনামতে ঐ লভ্যের যে অংশ উচিত বোধ করেন তাহা রাখিতে পারিবেন ইতি।

[অধিকারিরদের সাধারণ বৈঠকের কথা।]

৩৩ ধারা। প্রতিবৎসরে আগষ্ট মাসের প্রথম সোমবারে উক্ত ব্যাঙ্কের মূল ধনের অধিকারিরদের সাধারণ সভা হইবেক। ও তৎপূর্ব্বের জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত কিম্বা অন্য যে দিবস উক্ত ডৈরেক্টরেরা নির্দ্ধার্য্য করেন সেই দিবসপর্য্যন্ত ঐ ব্যাঙ্কের সমস্ত কার্য্যব্যাপারের বৃত্তান্ত ঐ ব্যাঙ্কের ডৈরেক্টরেরা ঐ সভাস্থ অধিকারিরদের গোচরে অর্পণ করিবেন ইতি।

[আডিটরদিগকে মনোনীত করণের কথা।]

৩৪ ধারা। এই আইন প্রচলিত হওনের পরে ব্যাঙ্কের অধিকারিরদের প্রথম যে সাধারণ সভা হয়, তাহাতে ঐ সভাস্থ ব্যক্তিরদের মতের আধিক্যক্রমে চলিত সনের নিমিত্তে এক কি ততোধিক জন আডিটরকে মনোনীত করা যাইবে। তদ্রূপে প্রতি বৎসরে অধিকারিরদের প্রথম সাধারণ সভাতে আডিটরকে মনোনীত করা যাইবে ইতি।

[বিশেষ সাধারণ সভা করণের কথা।]

৩৫ ধারা। উক্ত ব্যাঙ্কের ডৈরেক্টরেরদের মধ্যে কোন তিন জন কি অধিকারিরদের মধ্যে কোন দশ জন যখনই ইচ্ছা করেন তখন অধিকারিরদের বিশেষ সাধারণ সভা করিতে পারিবেন, কিন্তু ইহাতে প্রয়োজন যে তাঁহারা ঐ সভা হইবার পূর্ব্বে পঞ্চদশ দিন থাকিতে তাহা করিবার সম্বাদ ও তাহার অভিপ্রায় উক্ত ব্যাঙ্কের তৎকালীন অধিকারিদিগকে দেন ও কলিকাতা গেজেটে সম্বাদ প্রকাশ করেন ইতি।

[শাখা ব্যাঙ্ক সংস্থাপনের কথা।]

৩৬ ধারা। যেং স্থানে এজেন্সী কর্ম্ম চালাইলে ও শাখা ব্যাঙ্ক স্থাপন করিলে ব্যাঙ্কের অধিক লভ্য সম্ভাবনা সেং স্থানে উক্ত ব্যাঙ্কের ডৈরেক্টরেরা হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে এজেন্সী কর্ম্ম ও শাখা ব্যাঙ্ক সময়ে২ স্থাপন করিতে পারিবেন। তাহা করিলে এই২ বিষয়ে উক্ত ডৈরেক্টরেরদের সম্পূর্ণ ক্ষমতা থাকিবে অর্থাৎ তাঁহারা যত কালের নিমিত্তে যাঁহারদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহারদিগকে এজেণ্ট ও কেরানী ও চাকরস্বরূপে নিযুক্ত করিতে, ও সেই স্থানে বোর্ড অফ ডৈরেক্টর্স অর্থাৎ তত্ত্বাবধারক কএক ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, কিম্বা নাও করিবেন, ও যে বিধান ও নিষেধ ও নিয়ম বিহিত

the said Agents and other Officers shall give such security for their good behaviour as the Directors may require, and it shall also be lawful for the Directors from time to time, under any arrangements or agreements with the Governor General in Council on behalf of the Secretary of State in Council, to provide for the conduct and transaction by any such branch Bank or Banks of any part of the business of or hitherto conducted at the local Government Treasuries and for the superintendence, management, and agency of local issue, payment, and exchange of any Government Currency Notes, provided that such arrangements and all regulations and directions given by the said Directors to the Agents or Managers of such branch Banks, touching the management thereof or the description of business to be undertaken thereby, shall not contain anything inconsistent with or contrary to the provisions of this Act, or of any Bye-laws, Regulations, or orders which may be in force for the time being under the 40th Section of this Act.

[Bank may take over a capital and business of any other Bank, and for that purpose increase its own capital.]

XXXVII. It shall be lawful for the Directors of the said Bank, from time to time, to enter into negotiations for and to purchase and take over the capital, assets, and business of any other Bank within Her Majesty's Indian Territories, of which the capital is divided into shares, and to grant and allot to the Shareholders or Proprietors in such Bank in full of their respective right, title, and interest in such capital, assets, and business a sufficient number of shares in the capital stock of the said Bank of Bengal (which number shall be determined by the Directors) and for that purpose to increase the capital stock of the said Bank by the issue of such number of shares as may be so determined on. The Shareholders or Proprietors of the purchased Bank to whom such new shares shall be allotted, shall be Proprietors of the Bank of Bengal and be in all respects in the same position as if they had respectively subscribed and paid for the shares so allowed to them. Provided always that the business so purchased shall after the purchase be carried on by the said Bank of Bengal with, and subject to, the several restrictions contained in this Act.

[If any Proprietor becomes indebted to the Bank.]

XXXVIII. If any of the said Proprietors shall become indebted to the said Bank, it shall be lawful for the said Bank to withhold payment of the dividends on the share or shares or consolidated stock of such Proprietor registered as his own property, and not as held in trust or as executor or administrator, until payment of such debt, and to apply such dividends towards payment thereof, and after demand and default of payment, and notice in that behalf given either to such Proprietor, or his constituted agent or by public advertisement in the

বোধ করেন তাহা করিতে পারিবেন, ও সময়ে২ সেই২ বিধান ও নিষেধ ও নিয়ম মতান্তর করিতে পারিবেন। ও উক্ত এজেণ্টেরদের ও অন্য কর্ম্মকারকেদের সদাচারের যে জামিন ডৈরকটরেরা চাহেন তাহা তাঁহারদের দিতে হইবে। আরো উক্ত ডৈরকটরেরা হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পক্ষে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বহাদুরের সঙ্গে কোন নিয়ম ও করার করিয়া, গবর্ণমেণ্টের স্থানবিশেষের ত্রেজুরীর যে কর্ম্ম কিয়া সেই ত্রেজুরীতে যে কর্ম্ম পূর্ব্বাবধি চালান যাইতেছে তাহার কোন অংশ উক্ত কোন শাখা ব্যাঙ্কের দ্বারা নির্ব্বাহ হইবার, ও গবর্ণমেণ্টে মুদ্রাস্বরূপ কোন নোট স্থানবিশেষে চালাইবার ও দিবার ও ভাঙ্গাইবার কার্য্য তত্ত্বাবধারণ ও নির্ব্বাহ করিবার ও এজেণ্টী কর্ম্ম করিবার বিধান সময়ে২ করিতে পারিবেন। কিন্তু উক্ত নিয়ম, এবং ঐ শাখা ব্যাঙ্কের কর্ম্ম নির্ব্বাহের ও তাহাতে যে প্রকারের কর্ম্ম চলিবে তদ্বিষয়ের যে সকল বিধান ও আদেশ উক্ত ডৈরেকটেরেরা ঐ শাখা ব্যাঙ্কের এজেণ্টেরদিগকে কি কর্ম্ম তত্ত্বাবধারকদিগকে দেন, তাহা এই আইনের বিধানেতে, অথবা এই আইনের ৪০ ধারামতের যে কোন নিয়ম কি বিধান কি আজ্ঞা তৎকালে প্রচলিত হয় তাহাতে অসঙ্গত না হয় কি তাহার বিপরীত না হয় ইতি।

[অন্য কোন ব্যাঙ্কের মুলধন ও কার্য্য গ্রহণ করিতে ও তদর্থে স্বীয় মুলধন বৃদ্ধি করিতে ব্যাঙ্কের ক্ষমতার কথা।]

৩৭ ধারা। উক্ত ব্যাঙ্কের ডৈরেক্টরেরদের আরো এই ক্ষমতা থাকিবেক। শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় দেশের অন্তর্বর্ত্তি অন্য যে ব্যাঙ্কের মুলধন শ্যারেতে বিভক্ত আছে তাহার মুলধন ও সংস্থান ও কার্য্য তাঁহারা সময়ে২ গ্রহণ করিবার নিয়ম করিয়া তাহা ক্রয় করিয়া হস্তগত করিতে পারিবেন ও সেই ব্যাঙ্কের ঐ মুলধনে ও সংস্থানে ও কার্য্যেতে ঐ ব্যাঙ্কের অংশিরদের কি অধিকারিরদের যে২ অধিকার ও স্বত্ব ও সম্পর্ক থাকে তাহার সম্পূর্ণ প্রতিকারার্থে তাঁহারা উক্ত বাঙ্গাল ব্যাঙ্কের মুলধনের উপযুক্ত কতক শ্যার দিবেন ও বণ্টন করিবেন। এমন স্থলে কাহাকে কত শ্যার দিতে হইবে তাহা উক্ত ডৈরকটরেরা নির্দ্ধার্য্য করিবেন। আরো তদ্রূপে যত শ্যার দিতে নির্দ্ধার্য্য করেন তত শ্যারপর্য্যন্ত ঐ ব্যাঙ্কের মুলধন বৃদ্ধি করিতে পারিবেন। উক্ত ক্রীত ব্যাঙ্কের যে অংশিকি অধিকারিদিগকে তদ্রূপ নূতন শ্যার দেওয়া যায় তাঁহারা বাঙ্গাল ব্যাঙ্কের অধিকারী হইবেন। ও তাঁহারদিগকে দত্ত সেই শ্যারের নিমিত্তে তাঁহারা নাম লেখাইয়া তাহার টাকা দিলে, তাঁহারদের যে অবস্থা হইত সর্ব্বতোভাবে সেই অবস্থা থাকিবে। পরন্তু যে ব্যাঙ্ক উক্ত প্রকারে ক্রয় করা যায় তাহা ক্রয় করণের পরে তাহার কার্য্য উক্ত বাঙ্গাল ব্যাঙ্ক এই আইনের নির্দ্দিষ্ট নানা নিষেধ ক্রমে চালাইবেন ইতি।

[কোন অধিকারী ব্যাঙ্কের নিকটে ঋণগ্রস্ত হইলে তাহার কথা।]

৩৮ ধারা। যদি উক্ত অধিকারিরদের কোন ব্যক্তি উক্ত ব্যাঙ্কের নিকটে ঋণগ্রস্ত হন, তবে উক্ত ব্যাঙ্কের যে২ শ্যার তাঁহার জিম্মায় থাকে কিম্বা অছি কি আডমিনিষ্ট্রেটরস্বরূপে তাঁহার অধিকারে থাকে তদ্ভিন্ন তাঁহার আপনার সম্পত্তি স্বরূপে ঐ অধিকারে যে শ্যার কি যে২ শ্যার কি যত কানসালিডেটেড ষ্টাক থাকে, তাহার উপর যে২ ডিবিডেণ্ড হয় তাহা ঐ ঋণ পরিশোধ না-হওয়াপর্য্যন্ত উক্ত ব্যাঙ্ক আটক করিয়া রাখিতে পারিবেন। ও সেই ঋণ পরিশোধার্থে ঐ ডিবিডেণ্ডের টাকা ব্যয় করিতে পারিবেন। ও সেই টাকার দাওয়া হইলেও পরিশোধ না হইলে ও সেই অধিকারকে কি তাঁহার

Calcutta Gazette, it shall be lawful for the said Bank to refuse registration of the transfer of any such share or shares or stock of such Proprietor, until payment of such debt, and if the same shall remain unpaid for the space of six calendar months after such notice, to advertise for public sale and to sell such share or shares or stock or so many or so much as may be necessary and to apply the proceeds thereof towards payment of such debt, with interest at the rate of six per cent. per annum, paying over the surplus, if any, to such Proprietor or to his lawful representative.

নিযুক্ত এজেণ্টকে তদ্বিষয়ের সম্বাদ দেওয়া গেলে কিম্বা কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ হইয়া সম্বাদ দেওয়া গেলে পর, সেই ঋণ যত কাল পরিশোধ না হয় ততকালপর্য্যন্ত উক্ত ব্যাঙ্ক সেই অধিকারির কোন এক কি অধিক শ্যার কি ষ্টাক হস্তান্তরকরণ রেজিষ্টর করিতে অস্বীকার করিতে ক্ষমতাপন্ন হইবেন। ও সেই সম্বাদ দেওয়া গেলে পর ইঙ্গরেজি পঞ্জিকামতের ছয় মাসপর্য্যন্ত যদি সেই ঋণ পরিশোধ না হইয়া থাকে, তবে ঐ ব্যাঙ্ক ঐ এক কি অধিক সমস্ত শ্যার কি ষ্টাক কি তাহার মধ্যে যত আবশ্যক হয় তত শ্যার প্রভৃতি নীলাম হইবার ইশ্তিহার দিয়া তাহা নীলাম করিতে পারিবেন, ও সেই নীলামের উৎপন্ন টাকাহইতে ঐ ঋণ পরিশোধ করিয়া তাহার উপর বৎসরে শতকরা ছয় টাকার হিসাবে সুদ লইতে পারিবেন ও অবশিষ্ট কিছু থাকিলে তাহা ঐ অধিকারিকে কি তাঁহার আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তিকে দিতে পারিবেন ইতি।

[Recognition of legal representatives of deceased Proprietors.]

XXXIX. Whereby by the death of any Proprietor his share or shares or stock shall devolve on his legal representative, the Bank shall not be bound to recognize any legal representative of such deceased Proprietor other than a person who has taken out Probate to the Will or Letters of Administration to the estate of such deceased Proprietor from the Supreme Court of Judicature at Fort William, or who has obtained a certificate in respect of the estate of such deceased Proprietor under Act XXVII. of 1860, (*for facilitating the collection of debts on successions, and for the security of parties paying debts to the representatives of deceased persons*) describing such shares or stock, from a Court of competent jurisdiction within the Presidency of Fort William.

[মৃত অধিকারিরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে স্বীকার করিবার কথা।]

৩৯ ধারা। কোন অধিকারির মৃত্যু হওয়াতে যদি তাহার এক কি অধিক শ্যার কি ষ্টাক তাঁহার আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তির অধিকারে আইসে, তবে তাঁহার স্থলাভিষিক্ত যে ব্যক্তি ঐ মৃত অধিকারির উইলের প্রোবেট কি ইষ্টেটের লেটর্স অফ আডামিনিষ্ট্রেশন ফোর্ট উলিয়মের সুপ্রীম কোর্টহইতে প্রাপ্ত হন, কিম্বা ঐ মৃত ব্যক্তির ইষ্টেট সম্পর্কীয় যে সর্টিফিকটে ঐ২ শ্যার কি ষ্টাক নির্দ্দিষ্ট থাকে এমত সর্টিফিকট স্থলাভিষিক্ত যে ব্যক্তি ফোর্ট উলিয়ম প্রসীডেনসীর অন্তঃপাতি উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতহইতে ১৮৬০ সালের ২৭ আইন অর্থাৎ উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকা আদায় করা সুগম করণের ও মৃত ব্যক্তিরদের স্থলাভিষিক্ত লোকদিগকে যাহারা আপনং কর্জ্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের হেফাজী হওনের আইন মতে প্রাপ্ত হন, তদ্ভিন্ন অন্য কোন স্থলাভিষিক্ত ব্যক্তিকে ঐ ব্যাঙ্ক স্বীকার করিতে অবশ্য বদ্ধ হইবেন না ইতি।

[Power of Director to make, alter, and rescind Bye-laws, &c.]

XL. It shall be lawful for the Directors for the time being of the said Bank to make and pass Bye-laws, Regulations, and orders for the good government, and in reference to the mode of conducting the business of the Bank, and such Regulations and orders from time to time to modify, rescind, and vary, and it shall further be lawful for the Proprietors of the said Bank at any general meeting, whether ordinary or special, to pass resolutions and frame and from time to time rescind and vary Bye-laws and Rules for the direction of the affairs of the Bank, and the same shall be binding on the Directors and Officers and on the Proprietors of the Bank, until rescinded or varied at any subsequent general meeting, provided always that no Bye-law, Regulation, or order, or alteration or rescission of any Bye-law, Regulation, or order, whether passed by the Directors or by the Proprietors at a general meeting, shall be of any validity except in so far as the same shall be consistent with the provisions of this Act, and shall be approved by the Governor-General of India in Council, such approval to be signified in writing under the hand

[বাইলা অর্থাৎ বিধি প্রভৃতি করিতে ও মতান্তর ও রহিত করিতে ডৈরেকটরেরদের ক্ষমতার কথা।]

৪০ ধারা। যাঁহারা যে সময়ে উক্ত ব্যাঙ্কের ডৈরেকটর হন তাঁহারা ব্যাঙ্কের সুনিয়মার্থে ও কার্য্য চালাইবার নিয়ম বিষয়ে বিধি ও ব্যবস্থা ও আজ্ঞা করিতে পারিবেন, ও সেই ব্যবস্থা ও আজ্ঞা সময়ে২ মতান্তর ও রহিত ও পরিবর্ত্তন করিতে পারিবেন। আরও উক্ত ব্যাঙ্কের অধিকারিরা নিয়মিত কি বিশেষ কোন সাধারণ সভাতে ঐ ব্যাঙ্কের কার্য্যব্যাপার চালাইবার বিষয়ে কোন বাক্য নির্দ্ধারণ করিয়া কোন বিধি ও বিধান করিতে ও তাহা সময়ে২ রহিত ও পরিবর্ত্তন করিতে পারিবেন। ও তাহা হইলে পর যাবৎ তৎপরের কোন সাধারণ সভাতে রহিত কি পরিবর্ত্তন না হয় তাবৎ সেই বিধি প্রভৃতি ঐ ব্যাঙ্কের ডৈরেকটরেরদের ও কার্য্যকারকেরদের এবং অধিকারিরদের মান্য করিতে হইবেক। পরন্তু সাধারণ সভাতে ডৈরেকটরেরদের কিম্বা অধিকারিরদের দ্বারা যে কোন বিধি কি ব্যবস্থা কি আজ্ঞা করা যায়, কিম্বা যে কোন বিধি কি ব্যবস্থা কি আজ্ঞা মতান্তর কি রহিত হয় সেই কার্য্য যদি এই আইনের বিধানে সঙ্গত না হয় ও তাহা যদি হজুর কৌনসেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর গ্রাহ্য না করেন তবে তাহা কোন প্রকারে সিদ্ধ হইবে না। উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাহা গ্রাহ্য করিলে তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন

of one of the Secretaries to the Government of India.

[Construction.]

XLI. In the construction of this Act words in the singular number shall include the plural, words in the plural shall include the singular, and words in the masculine gender shall include the feminine, except where the contrary appears by the context.

[Commencement of Act.]

XLII. This Act shall come into operation on the 1st day of March 1862.

M. WYLIE,
Depy. Secy. to the Govt of India,
Home Department.

FINANCIAL DEPARTMENT.

No. 26.

Fort William, the 21st February, 1862.

READ Reports by the Auditor-General of India and the Civil Pay-Masters of Bengal, Madras, Bombay, the North Western-Provinces, and the Punjab on the Cash Balances of India for the months of November and December 1861, and January 1862.

Read also revised Estimates prepared in the Financial Department of the Revenues and Charges and the Cash requirements of India for the year 1861-62.

RESOLUTION.—During three years the Financial condition of India, consequent upon the Mutiny, has made it necessary that new Taxes should be imposed upon the Country.

Amongst these Taxes is the duty on Arts, Trades, and Dealings, commonly called the License Tax.

The Law by which this Tax is imposed was passed on the 16th July 1861.

It is a Tax which falls chiefly upon the various classes of Artizans, Mechanics, and petty Traders.

That these, as well as the wealthier classes, should, in proportion to their means, contribute to the support of the State, is just in itself and is consonant with the usages of India; and the Governor General in Council has no reason to suppose that this principle is not understood and contentedly acknowledged by all.

It is the conviction of the Governor General in Council that the License Tax may be equitably and advantageously adopted as part of the Financial System of India whenever the exigencies of the State shall make it necessary.

But the Governor General in Council desires not to impose Taxes upon any classes without necessity; and the improvement which has now shewn itself in the Financial condition of India, enables the Government to dispense with the sum which would have been yielded by the License Tax.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৪ মার্চ।]

এক জন সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত লিপিদ্বারা জ্ঞাত করা যাইবেক ইতি।

[অর্থ করণের কথা।]

৪১ ধারা। এই আইনের অর্থ করণেতে যদি পূর্ব্বাপর কথাক্রমে বিপরীত ভাব না দর্শায়, তবে এক বচনের শব্দেতে বহু বচনের শব্দ বুঝাইবেক ও বহু বচনের শব্দেতে এক বচনের শব্দ বুঝাইবেক ও পুংলিঙ্গবোধক শব্দের মধ্যে স্ত্রীদিগকেও বুঝাইবে ইতি।

[এই আইন প্রচলিত হওনের কালের কথা।]

৪২ ধারা। এই আইন ১৮৬২ সালের মার্চ মাসের প্রথম দিবসাবধি চলন হইবেক ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্ট
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

২৬ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ২১ ফেব্রুআরি।

১৮৬১ সালের নবেম্বর ও ডিসেম্বর মাসে ও ১৮৬২ সালের জানুআরি মাসে ভারতবর্ষের উদ্বৃত্ত টাকার বিষয়ে ভারতবর্ষের আডিটর জেনরল সাহেবের ও বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই ও উত্তর পশ্চিম দেশ ও পঞ্জাবের সিবিল পে মাষ্টর সাহেবেরদের রিপোর্ট পাঠ করা গেল।

আরও ১৮৬১। ৬২ সালে ভারতবর্ষের রাজস্বের ও ব্যয়ের ও যত টাকার প্রয়োজন হয় তাহার আনুমানিক যে ফর্দ্দ ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে প্রস্তুত হয় তাহা পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

রাজ বিদ্রোহ ব্যাপার হওয়া প্রযুক্ত তিন বৎসর পর্য্যন্ত ভারতবর্ষের ধনসম্পর্কীয় যে অবস্থা হইয়াছিল তৎপ্রযুক্ত দেশের উপর নূতন২ টাক্স বসান আবশ্যক হইয়াছিল।

ঐ সকল টাক্সের মধ্যে লাইসেন্স টাক্স নামে খ্যাত শিল্পকর্ম্মের ও ব্যবসায়ের ও কারবারের উপর এক টাক্স বসান হইয়াছিল।

যে আইনমতে ঐ টাক্স বসান যায় তাহা ১৮৬১ সালের ১৬ জুলাই তারিখে জারী হয়।

সেই টাক্সের টাকা নানা শ্রেণীর শিল্পকারেরদের ও মিস্ত্রি প্রভৃতির ও ক্ষুদ্র২ কারবারি লোকেরদের দিতে হইত।

রাজ্যের ব্যয় পোষণার্থে ধনাঢ্য নানা শ্রেণীর লোকেরদের যেমন কতক টাকা দেওয়া উচিত ছিল তেমনি ক্ষুদ্র লোকেরদের সঙ্গতিক্রমে তাহাদেরও কতক টাকা দেওয়া যথার্থ ও ভারতবর্ষের রীত্যনুযায়ি কর্ম্ম বটে। ও এই বিধি সকল লোকে না বুঝেও সন্তোষ পূর্ব্বক স্বীকার না করে হজুরকৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদরের এমত জ্ঞান করিবার কোন কারণ নাই।

হজুর কৌন্সেলের শ্রীযুত গবরুর্ণর জেনরল বাহাদুর নিশ্চিতমতে জ্ঞান করেন যে রাজ্যের কোন অপ্রতুলতা প্রযুক্ত যে স্থলে আবশ্যক হয়সেই স্থলে উক্ত লাইসেন্স টাক্স ভারতবর্ষের রাজস্ব উৎপন্ন করিবার নানা উপায়ের মধ্যে যথার্থ ও লভ্য জনক এক উপায়।

কিন্তু হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুর অনাবশ্যক মতে কোন শ্রেণীর লোকের উপর কোন টাক্স ধার্য্য করিতে ইচ্ছুক নহেন। ও ভারতবর্ষের অর্থসম্পর্কীয় অবস্থার যেরূপ সমৃদ্ধি এইক্ষণে প্রকাশ হইতেছে তদ্দৃষ্টে, লাইসেন্স টাক্স দ্বারা যত টাকা উৎপন্ন হইত তাহা গবর্ণমেণ্ট ত্যাগ করিতে সক্ষম হইয়াছেন।

This improvement is demonstrated by the Returns lately received under the new system of Account and Audit and by the steady increase of the Cash Balances.

The Cash Balances of all India amounted, on the 31st of January, to 18,40,00,000 Rupees, which, after allowing for the payment of all sums due for charges in England, will leave a net balance in India of more than fifteen crores.

As during the last year no Loans have been raised; as in that time there have been no extraordinary receipts; as it is certain by the Returns already before the Government that the actual Financial results of the year 1861-62 will be more favorable than was anticipated in the Estimates of April last; as most of the branches of Revenue are healthy, and as further reductions of expenditure are in progress, the Governor General in Council is satisfied that the License Tax is not required to maintain a Financial equilibrium. He has therefore resolved to dispense with it.

The annual sum which the Government will thereby surrender is between fifty and sixty lacs of Rupees.

This sum would be collected from about five millions of payers.

As the collection, although not far advanced, has been begun, the Governor General in Council determines that, in order to avoid unnecessary trouble and vexation, and to prevent all doubt of the intention of the Government, the collection shall be abandoned at once without waiting for the completion of the Budget of the ensuing year.

Accordingly, the Governor General in Council orders that, in anticipation of the Law which will be immediately proposed for the repeal of Act XVIII. of 1861, all proceedings under that Act be stopped, and that any collections which may have been made under it be returned to the payers.

ORDER.—Ordered, that a copy of the above Resolution be forwarded to the Departments, Governments, and Officers noted in the margin,* for information and necessary orders, and that the

* Foreign Department.
Government of Bengal.
" " Madras.
" " Bombay.
" " N. W. Provinces.
" " Punjab.
Accountant-General to the Government of India.
Deputy Auditor and Accountant-General, Bengal.
Deputy Auditor and Accountant-General, Madras.
Deputy Auditor and Accountant-General, Bombay.
Deputy Auditor and Accountant-General, N. W. Provinces.
Deputy Auditor and Accountant-General, Punjab.

[*Government Gazette*, 4*th March*, 1862.]

হিসাব রাখিবার ও আডিট করিবার নূতন নিয়মানুসারে সম্প্রতি যে রিটর্ণ প্রাপ্ত হওয়া গিয়াছে তদ্দ্বারা ও উদবৃত্ত টাকার ক্রমশ বৃদ্ধি দ্বারা উক্ত সমৃদ্ধি দৃষ্ট হইতেছে।

জানুআরি মাসের ৩১ তারিখে ভারতবর্ষের সমস্ত স্থলের উদবৃত্ত ১৮৪০০,০০০৲ আঠারো কোটি চল্লিশ লক্ষ টাকা থাকে ও ইঙ্গলণ্ডে যেসকল ব্যয়ের টাকা দেনা থাকে তাহা সকল শোধ করিলে পর ভারতবর্ষের উদবৃত্ত পনর কোটির অধিক হয়।

গত বৎসরে কোন টাকা কর্জ লওয়া যায় নাই, ও সেই সময়ে অতিরিক্ত কিছুই প্রাপ্তি হয় নাই, ও গবর্ণমেণ্টের গোচরে যে সকল রিটর্ণ অর্পণ হইয়াছে তদ্দ্বারা নিশ্চয়মতে জানা যায় যে গত আপ্রিল মাসে আনুমানিক ফর্দ্দ ক্রমে যে ফল সম্ভাবনা ছিল অর্থসম্পর্কে ১৮৬১।৬২ সালের তদপেক্ষা সুফল সম্ভাবনা, ও রাজস্ব যাহাতে উৎপন্ন হয় এমত সকল কার্য্য উত্তমরূপে চলিতেছে ও ব্যয়ের ক্রমশ অধিক হ্রাস করা যাইতেছে এই২ কারণে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর স্বয়ংবোধমতে জ্ঞান করেন যে অর্থসম্পর্কীয় সমভাব রক্ষার্থে লাইসেন্স টাক্সের প্রয়োজন নাই। অতএব তিনি তাহা রহিত করিতে স্থির করিয়াছেন।

এই প্রকারে গবর্ণমেণ্ট বৎসরে২ ২৫ কি ৬০ লক্ষ টাকা ত্যাগ করিবেন।

ঐ টাকা ৫০ লক্ষ ব্যক্তির স্থানে আদায় হইত।

সেই টাকা আদায় করণের কার্য্য অধিকরূপে চলে নাই কিন্তু আরম্ভ হইয়াছে, অতএব অনাবশ্যক ক্লেশ ও দুঃখ না হয় ও গবর্ণমেণ্টের অভিপ্রায় বিষয়ে কোন সন্দেহ না থাকে এই হেতুতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর স্থির করিয়াছেন যে আগামি বৎসরের আনুমানিক ফর্দ্দ প্রাপণের অপেক্ষা না করিয়া উক্ত টাক্সের টাকা আদায় করণের কার্য্য একেবারে নিবৃত্তি করেন।

অতএব হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুর আজ্ঞা করিতেছেন যে ১৮৬১ সালের ১৮ আইন রদ করণার্থ যে আইনের প্রস্তাব অগৌণে হইবে তাহার উপলক্ষে উক্ত আইনমতের সমস্ত কার্য্য স্থগিত থাকে ও তদনুসারে যে কিছু টাকা ইহার পূর্ব্বে আদায় হইয়া থাকিবেক তাহা দাতারদিগকে ফিরিয়া দেওয়া যায়।

হুকুম

হইল যে উক্ত নির্দ্ধারণের এক২ কেতা নকল পশ্চাৎ লিখিত * ডিপার্টমেণ্টের ও গবর্ণমেণ্টের ও কার্য্যকারকেরদের জ্ঞাপনার্থে ও তদ্বিষয়ের আবশ্যক আজ্ঞা হওনার্থে তাঁহারদের নিকটে পাঠান যায় ও এই নির্দ্ধা

* ফরেন ডিপার্টমেণ্ট।

বাঙ্গলা দেশের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের ও উত্তর পশ্চিম দেশের ও পঞ্জাবের গবর্ণমেণ্ট।

ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট জেনরল সাহেব। ও বাঙ্গলা দেশের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের ও উত্তরপশ্চিম দেশের ও পঞ্জাবের ডেপুটী আডিটর ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেব।

Resolution be published in the *Gazette* for general information.

C. HUGH LUSHINGTON,
Secretary to the Government of India.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 28th February, 1862.

Baboo Grish Chunder Roy, to officiate as Moonsiff of Ghosegong, in Zillah Mymensingh.

LEAVES OF ABSENCE.

The 25th February, 1862.

Baboo Soorjokanth Banerjee, Moonsiff of Buddergunge, Zillah Rungpore, for one month, under Clause I., Section VII. of the Uncovenanted Absentee Rules.

Baboo Ramloll Sein, Moonsiff of Amdhara, Zillah Beerbhoom, for seven days, from the 4th to the 10th proximo, under Clause I., Section VII. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Register*.

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

৫১০ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১২ ফেব্রুআরি।

শ্রীযুত বিন্সেণ্ট ষ্টর্ক সাহেব (Mr. Vincent Stork,) ঢাকার সাধারণ হাসপাতালের হৌস সপুরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

নীচের লিখিত দেশীয় চিকিৎসকগণের স্থানান্তরে নিযুক্ত হওয়ার কথা বিজ্ঞপ্ত হইয়াছে। অর্থাৎ

শ্রীযুত বাবু শারদানাথ গুহ ময়মুনসিংহহইতে পাবনার ঔষধালয়ে। ও

শ্রীযুত সেখ আমীরুদ্দীন পাবনাহইতে মানিকগঞ্জ এলাকাখণ্ডের ঔষধালয়ে। ও

শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র বাঁড়ুয্যা মানিকগঞ্জ এলাকাখণ্ডহইতে ঢাকার ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীতে। ও

শ্রীযুত বাবু ভুবনমোহন সেন বরিশালের জেল হাঁসপাটালহইতে নাশিরনগর এলাকাখণ্ডে। ও

শ্রীযুত বাবু নারায়ণচন্দ্র গুপ্ত ঝলেরস্বরের যাত্রিদের চিকিৎসালয়হইতে ময়মুনসিংহের ঔষধালয়ে। ও

দেশীয় চিকিৎসক শ্রীযুত সেখ গোলাম হুসেন বালেশ্বরের যাত্রিদের চিকিৎসালয়ে নিযুক্ত হইয়াছেন। ও

দেশীয় চিকিৎসক শ্রীযুত বাবু জগচ্চন্দ্র গুপ্ত বরিশালের জেল হাঁসপাতালে নিযুক্ত হইয়াছেন।

১৮৬২ সাল ১৭ ফেব্রুআরি।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে ওয়ার্ড সাহেব (Mr. J. Ward,) ঐ জিলাতে ১৮৫৯ সালের ১০ আইনঅনুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু সূর্য্যকান্ত মুখুয্যা নিমক চৌকীর ষষ্ঠ শ্রেণীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬২ সাল ১৮ ফেব্রুআরি।

শ্রীযুত এচ এচ রবিনসন সাহেব (Mr. H. H. Robinson,) বর্দ্ধমানের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

রণ সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে গেজেটে প্রকাশ করা যায়।

সি ডিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু গিরিশচন্দ্র রায় জিলা ময়মুন সিংহের ঘোষগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৫ ফেব্রুআরি।

জিলা রঙ্গপুরের বদরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু সূর্য্যকান্ত বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা বীরভূমের আমধাড়ার মুনসেফ শ্রীযুত বাবু রামলাল সেন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে আগামি মাসের ৪ তারিখঅবধি ১০ তারিখপর্য্যন্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।

শ্রীযুত জে এচ আর কার্ণাক সাহেব (Mr. J. H. R. Carnac,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে করিবেন।

শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) চব্বিশ পরগনা ও হুগলীর অতিরিক্ত জজের কর্ম্ম করিবেন ও জিলা বর্দ্ধমানের ও মেদিনীপুরের ও মুরশিদাবাদের ও যশোহরের ও বীরভূমের ডাকাইতী কমিস্যনর সাহেব ও তাঁহার অধীনস্থ কর্ম্মকারকেরদের সমর্পিত মোকদ্দমার বিচার করিবেন।

শ্রীযুত জে সি ডজসন সাহেব (Mr. J. C. Dodgson,) ময়মুনসিংহে সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে জে এস ড্রিবর্গ সাহেব (Mr. J. J. S. Driberg,) মাল দহে নিযুক্ত হইয়াছেন ও ঐ জিলাতে ও রাজশাহী এলাকার অন্য সকল জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ডবলিউ কার্লিটন সাহেব (Mr. C. W. Carleton,) চম্পারণে ফেরিঘাট কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মৌলবী জাফরআলী খাঁ চাটিগাঁয়ে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও ঐ এলাকার সকল কি কোন জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৭ ফেব্রুআরি।

নওয়াখালীর চিকিৎসক শ্রীযুত এচ এম ডেবিস সাহেব (Mr. H. M. Davis,) আপন চিকিৎসা কর্ম্মের ভার ঐ মোকামের দেশীয় চিকিৎসক দাতব্য ঔষধালয়ে নিযুক্ত শ্রীযুত বাবু লালের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্য-

কারকেরদের ছুটীর বিধির ৭ ধারার এক প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

দ্বিতীয় বাঙ্গাল পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ এ কুম্বস সাহেব (Lieutenant H. A. Coombs,) গত নবেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী পান তৎপরিবর্ত্তে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে গত ডিসেম্বর মাসের ৫ তারিখঅবধি আগামি মার্চ মাসের ১৫ পর্য্যন্ত, ছুটী পাইয়াছেন।

মানভূমের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত আর সি পেরি সাহেব (Mr. R. C. Perry,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে ১২ দিনের ছুটী পাইয়াছেন।

কাটওয়ার-সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু চন্দ্রনাথ বিশ্বাস, আপন চিকিৎসা কর্ম্মের ভার দেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণ মতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৮ ফেব্রুআরি।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ এ ককরেল সাহেব (Mr. H. A. Cockerell,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৪ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন ও তদ্ভিন্ন যে বন্দরে জাহাজে উঠিবেন সেই বন্দরে পৌঁছিবার জন্যে প্রস্তুত হওনের নিমিত্তে আট দিনের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত সাহেবজাদা আহম্মদ আলী খাঁ গত মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকট ক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২০ ফেব্রুআরি।

বাকরগঞ্জের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি এল টি হারিস্ সাহেব (Mr. G. L. T. Harris,) বর্ত্তমান মাসের ৮ তারিখে স্বীয় কর্ম্ম পুনঃগ্রহণ করাতে গত ডিসেম্বর মাসের ১২ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এফ এ ই ডালরিম্পেল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে কাণ্ডিয়া নামক কলের জাহাজে ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

---

৫৭২ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৩ ফেব্রুআরি।

নীচের লিখিত মহাশয়েরা শেরাজগঞ্জ ঔষধালয়ের কর্ম্ম নির্ব্বাহ করণার্থ কমিটির মেম্বর হইবেন, অর্থাৎ

শ্রীযুত জি সি আর ওগরমন সাহেব (Mr. G. C. R. O'Gorman.)

শ্রীযুত আর এচ হালী সাহেব (Mr. R. H. Haly.)

শ্রীযুত বাবু ইন্দ্রচাঁদ শাহা,

শ্রীযুত বাবু লক্ষিকমোহন শাহা,

শ্রীযুত বাবু মাধবচন্দ্র সেট।

শ্রীযুত এফ ওয়াকর সাহেব (Mr. F. Walker,) শেরাজগঞ্জ ঔষধালয়ের কর্ম্ম নির্ব্বাহ করণার্থ কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬২ সাল ১৪ ফেব্রুআরি।

দক্ষিণ পশ্চিমাঞ্চল প্রদেশের এজেন্সীর একটিং জুডিসিয়ল কমিসনর শ্রীযুত মেজর জে এস ডবিস সাহেব (Major J. S. Davies,) ঐ এজেন্সীর জুডিসিয়ল কমিসনর হইবেন।

লোহারডগার দ্বিতীয় শ্রেণীর একটিং ডেপুটী কমিসনর, শ্রীযুত মেজর এচ এম বডম সাহেব (Major H. M. Boddam.) হাজারিবাগে দ্বিতীয় শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

শ্রীযুত মেজর ডবলিউ এচ ওকস সাহেবের (Major W. H. Oakes,) কর্ম্মত্যাগ করণের তারিখঅবধি উপরোক্ত নিয়োগ প্রবল হইবে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর সি বর্চ সাহেব (Lieutenant R. C. Birch,) লোহারডগাতে প্রথম শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ এচ হেস সাহেব (Doctor W. H. Hayes,) সিংহভূমে দ্বিতীয় শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

শ্রীযুত কর্ণেল টি সিমসন সাহেবের (Colonel T. Simpson,) কর্ম্মত্যাগ করণের তারিখঅবধি উপরোক্ত নিয়োগ প্রবল হইবে।

১৮৬২ সাল ১৮ ফেব্রুআরি।

বর্দ্ধমান এলাকার নীচের লিখিত মুনসেফেরা স্বং এলাকার মধ্যে ১৮৩৭ সালের ৩ আইনের ১৪ ধারামতের মোকদ্দমা গ্রাহ্য ও বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন, অর্থাৎ

হুগলীতে

পাণ্ডুয়ার মুনসেফ।
আমতার ঐ
ঘাটালের ঐ
হরিপালের ঐ
উলুবেড়িয়ার ঐ
শালখিয়ার ঐ

বর্দ্ধমানে

ইন্দসের মুনসেফ।
খণ্ডঘোষের ঐ
কায়তির ঐ
সলিমাবাদের ঐ
মঙ্গলকোটের ঐ
বামনআড়ার ঐ
আউসগাঁয়ের ঐ
মহম্মদপুরের ঐ

বীরভূমে।

উখড়ার মুনসেফ।
দুবরাজপুরের ঐ
গোপালপুরের ঐ
কায়েথার ঐ
কান্দাড়ার ঐ
আমধাড়ার ঐ

বাঁকুড়াতে।

ঔন্দের মুনসেফ।
কোতলপুরের ঐ
সোনামুখীর ঐ
রাধানগরের ঐ
বড় জোড়ার ঐ
বিষ্ণুপুরের ঐ

মেদিনীপুরে।

নিমালের মুনসেফ।

১৮৬২ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ স্কোনস সাহেব (Mr. W. Sconce, B. A.) আসামে অতিরিক্ত আসিষ্টণ্ট কমিসনর হইবেন।

১৮৬২ সাল ২০ ফেব্রুআরি।

শ্রীযুত এ অর্কর্ট ও এম জে উইলসন সাহেব Messrs. A. Urquhart and M. J. Wilson,) ত্রিহুতের ফেরিফণ্ড কমিটির মেম্বর হইবেন।

১৮৬২ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) চাটিগাঁ ও ঢাকার অতিরিক্ত জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) যশোহরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

কান্দির একটিং মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন হাতি মুরশিদাবাদে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬২ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত কুমার সত্যানন্দ ঘোষাল চব্বিশ পরগনাতে অনরারি মাজিষ্ট্রেট হইবেন ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৯ ফেব্রুআরি।

মেহেরপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ই লৌইস সাহেব (Mr. E. E. Lowis,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনর মাসেম ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন প্রস্তুত হওনের নিমিত্তে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২০ ফেব্রুআরি।

পালামৌয়ের আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত কাপ্তান এ পি এস মনক্রিফ সাহেব (Capt. A. P. S. Moncrieff,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের হুকুমমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২২ ফেব্রুআরি।

মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) গত মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৭ ফেব্রুআরি।

মালদহের ও দিনাজপুরের মধ্যবর্ত্তি সরকারী রাস্তায় রাঙ্গামাটির খেয়া ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী খেয়া প্রকাশ হইল।

১৮৬২ সাল ১৯ ফেব্রুআরি।

হাজারিবাগে শ্রীযুত কাপ্তান এ পি এস মনক্রিফ সাহেবের (Capt. A. P. S. Moncrieff,) প্রথম শ্রেণীর ডেপুটী কমিসানেরের কর্ম্ম করিতে হওনের যে কথা বর্ত্তমান মাসের ১৮ তারিখের গেজেটে হয় তাহা রহিত হইল।

৬০১ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৮ ফেব্রুআরি।

বর্দ্ধমানের অনরারি মাজিষ্ট্রেট শ্রীযুত এ এস সয়র্স সাহেব (Mr. A. S. Sawers,) ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ২২ ফেব্রুআরি।

অযোধ্যার রাজার নিকটে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট শ্রীযুত মেজর সি হার্বর্ট সাহেব (Major C. Herbert,) ১৮৬০ সালের ১৪ আইনমতে অযোধ্যার রাজার বাজার যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যে মোকদ্দমার বিচার করণার্থ চব্বিশ পরগনার মাজিষ্ট্রেট হইবেন।

১৮৬২ সাল ২৪ ফেব্রুআরি।

নীচের লিখিত মুনসেফেরা আং ১২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। অর্থাৎ

জিলা রাজশাহীর অন্তঃপাতি নাটুরের শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা ফরীদপুরে।

জিলা যশোহরের অন্তঃপাতি কুমারখালীর শ্রীযুত বাবু তারাকৃষ্ণ হাল্দার পাবনাতে।

জিলা মুরশিদাবাদের অন্তঃপাতি জঙ্গিপুরের শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা রাজশাহীতে।

জিলা নদীয়ার অন্তঃপাতি শান্তিপুরের শ্রীযুত বাবু মধুসূদন ঘোষ নদীয়াতে।

জিলা ত্রিপুরার শ্রীযুত বাবু নবকৃষ্ণ সেন চাটিগাঁয়ে।

জিলা যশোহরের অন্তঃপাতি সিংহিয়ার শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী যশোহরে।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের অন্তঃপাতি কাটওয়ার শ্রীযুত মৌলবী আদীলুদ্দীন পূর্ণিয়াতে।

জিলা ছিলটের অন্তঃপাতি লাটুর শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন ময়মন সিংহে।

জিলা হুগলীর অন্তঃপাতি শালিখার শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক হুগলীতে।

জিলা চব্বিশপরগনার অন্তঃপাতি সাতক্ষীরার শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার চব্বিশ পরগনায়।

জিলা ফরীদপুরের শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত ঢাকাতে।

জিলা বাকরগঞ্জের অন্তঃপাতি বৌলফের শ্রীযুত বাবু ব্রজকিশোর সেন বাকরগঞ্জে।

জিলা রঙ্গপুরের অন্তঃপাতি কুষ্ণপুরের শ্রীযুত বাবু রসিকলাল বসু ময়মন সিংহে।

১৮৬২ সাল ২৬ ফেব্রুআরি।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি বি লেন সাহেব (Mr T. B. Lane,) প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

চাটিগাঁয়ের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward,) চাটিগাঁয়ের দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ জি পেনটর সাহেব (Mr. H. G. Paynter.) বেহারের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চব্বিশ পরগনায় আপন বর্ত্তমান কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ বেভ্রিজ সাহেব (Mr. H. Beveridge,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উপরোক্ত নিয়োগ শ্রীযুত ডবলিউ জে লংমুর সাহেবের (Mr. W. J. Longmore,) মৃত্যুর তারিখ অবধি প্রবল হইল।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওন পর্য্যন্ত ত্রিপুরার জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব (Mr. W. H. D'Oyly,) রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শাহাবাদের অন্তঃপাতি বক্সারের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম জেলানী পাটনাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৪ ফেব্রুআরি।

মানভূমের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ মুখুয্যা অচিহ্নিত কার্য্য কারকেরদের

ছুটীর বিধির ৭ ধারা ১ প্রকরণমতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের জজ শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) গতমাসের ৩১ তারিখেযে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে তিনমাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৫ ফেব্রুআরি।

পাটনার মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত এচ সি ওয়েক সাহেব (Mr. H. C. Wake, C. B.,) বর্ত্তমানমাসের ৮ তারিখে যে ছুটীপান তদতিরিক্ত সাত দিনের ছুটীপাইয়াছেন।

বঙ্গরের আসেসর ও ডেপুটী কালেকটর শ্রীযুত পি পি কার্টর সাহেব (Mr. P. P. Carter,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৬ ফেব্রুআরি।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে আণ্ডিয়ানামক কলের জাহাজে ভারতবর্ষ হইতে গমন করিয়াছেন এমত রপোর্ট করেন।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারি নেমক চৌকীয়ত মোতালকে শহর কলিকাতা সন ১৮৬২ সাল তাং ২৭ ফেব্রুআরি।

যেহেতুক নেমক কাঁড়ি শ্যামবাজারের দৌলত খাঁ জমাদারের এজহারক্রমে গত ৩ ফেব্রুআরি তারিখে চৌকী সুতানুটীর ঈশানচন্দ্র চট্টোপাধ্যায় দারোগাপ্রভৃতি কর্ত্তৃক পুলিশের কার্য্যকারকগণের সহায়তামতে অত্রস্থ সুখময়ের পোতার এক দোকানঘর তল্লাশে এক কাঁড়িতে ৫৲৭॥ নেমক গ্রেফ্তার হওয়ায় উপরোক্ত দোকানঘরে কেহ অবস্থিতি না করায় রামদাস পাল নামক এক ব্যক্তি আকন সামন্তর গোমস্তা করারে উক্ত ঘরের মালিক উপরোক্ত নামন্ত এবং নামন্তমজুর শ্রীধরসাহাকে ঐ ঘর ভেয়া দেওয়ার পর শ্রীধর সাহার মৃত্যু হওয়া ব্যক্ত করে তৎপরে সহচারীনাম্নী এক জন স্ত্রী লোক মৃত শ্রীধরসাহার মাতা করার দিয়া চৌকী সুতানুটীর প্রচারিত শ্রীধরসাহার নামিক ১৮ জানুআরি তারিখের ৭ রোজ মেয়াদের ২৯২৩ নম্বর ৬৭ নিবর পুনঃ নেমকের বাবৎ ও ২৯১৯ নম্বর ৭ রোজ মেয়াদে ১॥ মোন ৩৯ সের মুসলপুর পাক্কা নেমকের ২ খণ্ড ছাড় ধৃত হওয়া নেমকের দলিলস্বরূপ দর্শায় উপরোক্ত ছাড়দ্বয় একএক কারণে অর্থাৎ ধৃত হওয়া নেমকের পরিমাণের সহিত ছাড়ের লিখিত নেমকের ও রকম নেমকের একা না হওয়ায় বিশেষতঃ ছাড়ের নেমক আলাহিদা না থাকায় অধিকন্তু উক্ত ছাড় খজুরা পোক্তা বস্তের নেমকের বাবৎ থাকায় দলিল গণ্য না হওয়ায় সকসাধারণের বিজ্ঞাপনার্থে অত্র ইস্তাহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে কেহ উক্ত নেমকের যথার্থ দাবি রাখে তাহার উচিত যে মেয়াদ এক মাস মধ্যে এপক্ষের হুজুরে হাজির হইয়া আপনাপন দাবি উপস্থিত করে নচেৎ আগামী ৪ এপ্রেল অথবা তৎপর অন্য কোন তারিখে এই মোকদ্দমা অত্রস্থ পুলিসের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের হুজুরে বিচার কারণ অর্পণ করা যাইবেক ইতি।

এল ডবলিউ ওএন। কলিকাতার নেমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE HODGES, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 1st day of March next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 5th day of September 1860, until the 1st day of February instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 27th February, 1862.

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জার্জ হজেস সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডেবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয় পুনশ্চ শুনিবার জন্যে আগামি মার্চ মাসের ১ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬০ সালের সেপ্টেম্বর মাসের ৫ তারিখ অবধি ১৮৬১ সালের ফেব্রুআরি মাসের ১২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কেন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৭ ফেব্রুআরি।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ড বিধির আইন ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া শ্রীরামপুরের যন্ত্রালয়ে উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকা মাত্র।

Government Gazette, 4th March, 1862.]

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্ট সহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্ঘণ্ট সহ উক্ত যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পূর্ব্বোক্ত দণ্ডবিধির আইন যে স্থলে যেরূপে খাটে ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্য যেরূপে করিতে হইবে তাহা এই আইনেতে ব্যক্ত হইয়াছে। মূল্য ২ ॥০ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের পুস্তকালয়ে কিম্বা নূতন চিনা বাজারের ৪৭ নম্বর বাটীতে শ্রীপদ্মলোচন নাথের নিকটে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে শ্রীরামপুরের ছাপাখানার থেকর রেঞ্জারিও কোং নিকট রঙ্গপুর ও গুয়াহাটী আসামে বিক্রয়ে আছে মূল্য পাঠাইলে পাইবেন।

সটীক শ্রীমদ্ভাগবত ... ৩৩৲
শব্দাম্বুধি ৩৮০০০ শৎ ২ ॥০
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ... ১ ॥০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ৩২ সংখ্যাপর্য্যন্ত . ৮৲ এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১।২।৩।৪। ৫।৬।৭।৮।৯ স্কন্ধ ৪৸০
যোগবাশিষ্ঠ ১নাৎ১৬সর্গ ৪
জ্ঞানরত্নাকর ... ২৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲
সপ্তকাণ্ড রামায়ণ প্রৎ...২৲
আরব্যোপাখ্যান ১নাৎ ৫,
পঞ্চম খণ্ডে ... ... ৫৲
অপূর্ব্বোপাখ্যান, ২১প্রৎ২
বত্রিশ সিংহাসন, গদ্য ১৲
আদ্যকৃত ইৎবাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইৎও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই...৫৲
শিবসংকীর্ত্তন .. ১৲
ইংরাজী শকুন্তলা .....১৲
ইং প্রবোধচন্দ্র নাটক ১৲
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইৎবাংসং ২
কাঞ্জীর বিচার ... ...॥০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহচৌরপঞ্চাশতএক জেলেদে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ..... ৪০৲
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম ..... ৫০৲
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পশ্চাবেতিহাস ... ...১৲
প্রাচীন ঐ ... ...২৲
ন্যায়দর্শন ... ...২ ॥০
পুরাবৃত্ত বিবরণ ... .. ১৲
সটীক শ্রীমদ্ভগবদগীতা ও আনন্দ গিরির টীকাসম্বলিত ... ... ৭৲
চাহার দরবেশ ... ১৲
প্রিয়ম্বদ... ... ... ১৲
কেরি বাংইংডিক্সনরি ৫০৲
বিদ্যাকল্পদ্রুম ৩২৲
পূর্ণচন্দ্রোদয় ...
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ও গীতাবলী।০
চিকিৎসাসার ... ... ১ ॥০
বেদান্তসার ... ১৲
মদ খাওয়া বড়দায় ॥০
কোলব্রুকের অমরকোষ ৮৲
হিতোপদেশ অর্থসম্বলিত ১
চাণক্য ও নবরত্নের শ্লোকঐ
ইন্ কমটাক্স ।০
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩ নাৎ ১৮৩৩। ৯ বালম ১০০
শব্দসাধন মুক্তাবলী ৩খণ্ড ৩
চমৎকার হিরাক্লাদ ১
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ...৬৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে।
তিলোত্তমা কাব্য ১৲
নাট্য পরিশিষ্ট নাটক ১
প্রস্থান ভেদ ... ।০
রসরঞ্জিকা ...

শ্রীঅদ্বৈতচন্দ্র আচ্য।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৪ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1180. ১১৮০ (১৭৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 11, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১১ মার্চ।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

ACT.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 28th February 1862, and is hereby promulgated for general information :—

ACT No. V. OF 1862.

An Act to provide for the payment at the Banks of Bengal, Madras, and Bombay, respectively, of Moneys payable at the General Treasuries of Calcutta, Madras, and Bombay.

[Preamble.]

WHEREAS, under the provisions of Act XXIV. of 1861 (*An Act to enable the Banks of Bengal, Madras and Bombay to enter into arrangements with the Government for managing the issue, payment and exchange of Government Currency Notes and certain business hitherto transacted by the Government Treasuries*) the Bank of Bengal has entered into an agreement with the Secretary of State for India in Council through the Governor General of India in Council that so much of the business hitherto generally transacted at the General Treasury of the Government at the Presidency of Fort William, as consists in receiving and paying money on behalf of the Supreme Government and the Government of Bengal, shall be carried on and transacted by the said Bank, subject to the provisions of the said agreement and to such orders and directions with regard to receipts and payments as may from time to time be given to the said Bank by the Governor General in Council, or any of the Officers of the Government of India authorized in that behalf.

And whereas the Governor General in Council has

দেশীয় ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

আইন।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিম্ন লিখিত আইন বিষয়ে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ২৮ ফেব্রুআরি তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ৫ আইন।

কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের জেনরল ত্রেজুরীতে যে সকল টাকা দিতে হয় তাহা বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাই ব্যাঙ্কে দেওয়া যাইবার বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৬১ সালের ২৪ আইন (অর্থাৎ গবর্ণমেণ্টের মুদ্রাস্বরূপে চলিত নোট চালাইবার ও দিবার ও ভাঙ্গাইবার কার্য্য ও গবর্ণমেণ্টের ত্রেজুরীতে যে কর্ম্ম পূর্ব্বাবধি চালান যাইতেছে তাহার কতক কর্ম্ম নির্ব্বাহ করণার্থে, গবর্ণমেণ্টের সঙ্গে বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের ব্যাঙ্কের নিয়ম করিবার ক্ষমতা দেওনের আইনের) বিধানমতে, বাঙ্গাল ব্যাঙ্ক হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের দ্বারা ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের সঙ্গে এই নিয়ম করিয়াছেন যে, সুপ্রীম গবর্ণমেণ্টের ও বাঙ্গলাদেশের গবর্ণমেণ্টের পক্ষে টাকা গ্রহণ করিবার ও দিবার যে কর্ম্ম সাধারণমতে ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর গবর্ণমেণ্টের জেনরল ত্রেজুরীতে পূর্ব্বাবধি নির্ব্বাহ হইয়া আসিতেছে, তাহাতে উক্ত বাঙ্গাল ব্যাঙ্ক চালান ও নির্ব্বাহ হইবেক। কিন্তু ইহাতে উক্ত নিয়মের বিধান রক্ষা করিতে ও টাকা গ্রহণের ও দেওনের বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা তৎকার্য্যার্থে ভারতবর্ষের গবর্ণমেণ্টের উপযুক্তক্ষমতাপন্ন কোন কার্য্যকারকগণ সময়ে২ উক্ত ব্যাঙ্কের প্রতি যে আজ্ঞা ও আদেশ করেন তাহা মান্য করিতে হইবে।

আরো হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল

given notice in the *Calcutta Gazette* that the Treasury of the Secretary of State for India in Council and of Her Majesty's Indian Government at Calcutta shall, from and after the 1st day of March 1862, be established at the Bank of Bengal.

And whereas the Bank of Madras and the Bank of Bombay are in treaty with the Governor in Council of Madras and the Governor in Council of Bombay respectively, for the purpose of entering into similar agreements, and it is probable that such agreements will be shortly executed, and that similar notice to that hereinbefore mentioned will be given by the Governors in Council of Madras and Bombay in regard to the Banks of Madras and Bombay.

And whereas divers promissory notes and negotiable securities and other obligations for the payment of money made by or on behalf of the Secretary of State for India in Council or by the Governor General of India in Council, the Governor of Madras in Council, and the Governor of Bombay in Council respectively, on behalf of the East India Company and of the Secretary of State for India in Council, are made payable at the General Treasury of Fort William in Bengal, the General Treasury at Madras, and the General Treasury at Bombay respectively.

And whereas divers other securities and obligations are made payable to the Secretary of State for India in Council or to the said Governor General in Council, or to the Governors in Council of Madras or of Bombay at the said General Treasuries of Fort William in Bengal, Fort St. George, and Bombay respectively.

It is therefore enacted as follows :—

[On and after 1st March 1862, all sums payable by or to Government to be payable at the Bank of Bengal instead of at the General Treasury at Calcutta.]

I. On and after the 1st day of March 1862, and until the expiration of fourteen days after notice shall be given in the *Calcutta Gazette* by the Governor General of India in Council that the Treasury of the Government will be no longer held at the Bank of Bengal, all sums payable by or to the Secretary of State for India in Council or by or to the Governor General of India in Council, or the Government of Bengal on behalf of the Secretary of State for India in Council, at the General Treasury of Fort William in Bengal, shall be payable by or to the Secretary of State in Council or by or to the Governor General of India in Council or the Government of Bengal respectively, on behalf of the Secretary of State in Council, at the Bank of Bengal instead of at the General Treasury at Calcutta.

[Presentment of promissory notes, &c., at the Bank of Bengal.]

II. Whenever presentment of any promissory note, Security, or obligation for payment or for

বাহাদুর কলিকাতা গেজেটে সম্বাদ দিয়াছেন যে, ১৮৬২ সালের মার্চ মাসের ১ তারিখ অবধি কলিকাতায় ভারতবর্ষের নিমিত্তে হুজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের ও শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ত্রেজুরী বাঙ্গাল ব্যাঙ্কে স্থাপিত হইবেক।

আরো মান্দ্রাজের ও বোম্বাইয়ের ব্যাঙ্ক মান্দ্রাজের হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবের সঙ্গে ও বোম্বাইয়ের হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবের সঙ্গে তত্তুল্য প্রকারের নিয়ম করণকার্য্যে প্রবর্ত্ত হইয়াছেন, ও সেই নিয়ম অত্যল্পকালে সিদ্ধ হওয়া সম্ভাবনা, ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের ব্যাঙ্কের বিষয়ে মান্দ্রাজের ও বোম্বাইয়ের হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবেরদের পূর্ব্বোক্তমতের সম্বাদ প্রচার করা সম্ভাবনা।

আরো ভারতবর্ষের নিমিত্তে হুজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের কি তাঁহার পক্ষে কৃত, এবং কোম্পানি বাহাদুরের পক্ষে ও ভারতবর্ষের নিমিত্তে হুজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পক্ষে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ও হুজুর কৌন্সেলে মান্দ্রাজের শ্রীযুত গবর্নর সাহেবের ও হুজুর কৌন্সেলে বোম্বাইয়ের শ্রীযুত গবর্নর সাহেবের কৃত নানা প্রমিসরি নোটের, ও ক্রয় বিক্রয়যোগ্য নিদর্শনপত্রের, ও টাকা দিবার অন্যং প্রতিজ্ঞাপত্রের টাকা, বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের জেনরল ত্রেজুরীতে ও মান্দ্রাজের জেনরল ত্রেজুরীতে ও বোম্বাইয়ের জেনরল ত্রেজুরীতে প্রাপ্য হয়,

আরো অন্যং নানা নিদর্শনপত্রের ও প্রতিজ্ঞাপত্রের টাকা ভারতবর্ষের নিমিত্তে হুজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবকে কিম্বা হুজুর কৌন্সেলে উক্ত গবর্নর জেনরল বাহাদুরকে কিম্বা মান্দ্রাজের কি বোম্বাইয়ের হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবদিগকে, বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের ও ফোর্ট সেণ্ট জর্জের ও বোম্বাইয়ের উক্ত জেনরল ত্রেজুরীতে দাতব্য হয়,

এই২ কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[১৮৬২ সালের ১ মার্চ তারিখ অবধি গবর্ণমেণ্টের দাতব্য কি প্রাপ্য সকল টাকা কলিকাতার জেনরল ত্রেজুরীতে না দিয়া বাঙ্গাল ব্যাঙ্কে দিতে হইবার কথা।]

১ ধারা। ১৮৬২ সালের মার্চ মাসের প্রথম দিবসাবধি, ও তৎপরে গবর্ণমেণ্টের ত্রেজুরী বাঙ্গাল ব্যাঙ্কে না থাকিবার সম্বাদ হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে প্রকাশ করিলে পর চতুর্দ্দশ দিন গত না হওনপর্য্যন্ত, ভারতবর্ষের নিমিত্তে হুজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের, কিম্বা ভারতবর্ষের নিমিত্তে হুজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পক্ষে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের, কিম্বা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের যে সকল টাকা বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের জেনরল ত্রেজুরীতে দাতব্য কি প্রাপ্য হয়, সেই টাকা কলিকাতার জেনরল ত্রেজুরীর পরিবর্ত্তে বাঙ্গাল ব্যাঙ্কে হুজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের, কি তাঁহার পক্ষে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের, কি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দাতব্য কি প্রাপ্য হইবে ইতি।

[বাঙ্গাল ব্যাঙ্কে প্রমিসরি নোটপ্রভৃতি উপস্থিত করিবার কথা।]

২ ধারা। যে স্থলে কোন প্রমিসরি নোট কি নিদর্শনপত্র, কিম্বা টাকা দিবার কি অন্য বিষয়ের প্রতি-

any other purpose at the General Treasury of Fort William in Bengal would, before the said 1st day of March 1862, have been necessary or sufficient, presentment for such purpose at the Bank of Bengal shall be necessary or sufficient, as the case may be on and after the said 1st day of March 1862, and until the expiration of fourteen days after such notice as in the 1st Section mentioned shall have been given.

[Payment at the Banks of Madras and Bombay of sums payable by or to Government at the General Treasuries at Madras and Bombay.]

III. If the Governors in Council of Madras and of Bombay respectively shall give notice in the *Government Gazettes* of their Presidencies respectively that the Banks of Madras and Bombay respectively have entered into agreements or arrangements with the Secretary of State for India in Council through the said Governors in Council, for the purposes mentioned in the preamble of this Act, under the provisions of the said Act XXIV. of 1861, and that from and after a date to be specified in such notice, the Treasury of the Secretary of State for India in Council, and of Her Majesty's Indian Government at Madras and Bombay respectively, shall be established at the Banks of Madras and Bombay respectively, all sums payable by or to the Secretary of State for India in Council, or by or to the Governor of Madras in Council or the Governor of Bombay in Council on behalf of the Secretary of State for India in Council at the General Treasury at Madras or at the General Treasury at Bombay respectively, shall from and after the date specified in such notice, and until the expiration of fourteen days after notice shall have been given by the said Governors in Council respectively that the Treasury of the Government will be no longer held at those Banks respectively, be payable by or to the Secretary of State in Council, or by or to the Governor of Madras in Council, or by or to the Governor of Bombay in Council on behalf of the Secretary of State in Council, at the Bank of Madras or the Bank of Bombay respectively instead of at the General Treasury at Madras or the General Treasury at Bombay.

[Presentment of promissory notes, &c., at the Banks of Madras and Bombay.]

IV. In such case, whenever presentment of any promissory note, security, or obligation for payment or for any other purpose, at the General Treasuries at Madras or Bombay respectively, would have been necessary or sufficient, if such notice had not been given and this Act had not been passed, presentment for such purpose, at the Banks of Madras and Bombay respectively, shall be necessary or sufficient, as the case may be, on and after the date specified in such notice by the Governors in Council of Madras and Bombay respectively, and until the expiration of fourteen days after such notice as aforesaid that the said Treasury will be no

জাপক ১৮৬২ সালের উক্ত মার্চ মাসের প্রথম দিবসের পূর্ব্বে বাঙ্গলা দেশে ফোর্ট উলিয়মের জেনরল ত্রেজুরীতে উপস্থিত করা আবশ্যক কি উপযুক্ত হয়, সেই স্থলে ১৮৬২ সালের মার্চ মাসের উক্ত ১ তারিখঅবধি ও ১ ধারার লিখিতমতের নোটিস দেওয়া যাইবার পর চতুর্দ্দশ দিবস গত না হওনপর্য্যন্ত, সেই প্রমিসরি নোটপ্রভৃতি সেই কারণে বাঙ্গাল ব্যাঙ্কে উপস্থিত করা আবশ্যক কিম্বা বিহিতবিশেষে উপযুক্ত হইবে ইতি।

[মান্দ্রাজের ও বোম্বাইয়ের জেনরল ত্রেজুরীতে গবর্ণমেণ্টের দাতব্য কি প্রাপ্য টাকা মান্দ্রাজের ও বোম্বাইয়ের ব্যাঙ্কে দিবার কথা।]

৩ ধারা। মান্দ্রাজের ও বোম্বাইয়ের ব্যাঙ্ক, ১৮৬১ সালের উক্ত ২৪ আইনের বিধানমতে, এই আইনের হেতুবাদের লিখিত কার্য্য করণার্থে, এই স্থানের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবেরদের দ্বারা ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটরী অফ ষ্টেট সাহেবের সঙ্গে নিয়ম ও করার করিয়াছেন, ও নিরূপিত কোন তারিখঅবধি মান্দ্রাজে ও বোম্বাইয়ে ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের ও শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ত্রেজুরী মান্দ্রাজ ও বোম্বাইয়ের ব্যাঙ্কে স্থাপন হইল, এই মর্ম্মের সম্বাদ যদি হজুর কৌন্সেলে উক্ত দুই স্থানের শ্রীযুত গবর্নর সাহেব আপনং প্রসীডেনসীর গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করেন, তবে ঐ সম্বাদের নির্দ্দিষ্ট তারিখঅবধি, ঐ২ স্থানের গবর্ণমেণ্টের ত্রেজুরী উক্ত ব্যাঙ্কে না থাকিবার সম্বাদ ঐ২ স্থানের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেব যে তারিখে দেন সেই তারিখঅবধি চতুর্দ্দশ দিন গত না হওনপর্য্যন্ত, মান্দ্রাজের জেনরল ত্রেজুরীতে কি বোম্বাইয়ের জেনরল ত্রেজুরীতে ভারতবর্ষীয় নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের, কিম্বা তাঁহার পক্ষে মান্দ্রাজের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবের, কিম্বা বোম্বাইয়ের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবের যে টাকা দাতব্য কি প্রাপ্য হয়, তাহা মান্দ্রাজের জেনরল ত্রেজুরীতে কি বোম্বাইয়ের জেনরল ত্রেজুরীতে না হইয়া মান্দ্রাজের ব্যাঙ্কে কি বোম্বাইয়ের ব্যাঙ্কে ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের, অথবা তাঁহার পক্ষে মান্দ্রাজের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবের কিম্বা বোম্বাইয়ের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবের দাতব্য কি প্রাপ্য হইবে ইতি।

[মান্দ্রাজ ও বোম্বাইয়ের ব্যাঙ্কে প্রমিসরি নোটপ্রভৃতি উপস্থিত করিবার কথা।]

৪ ধারা। তদ্রূপ স্থলে পূর্ব্বোক্ত সম্বাদ না দেওয়া গেলে ও এই আইন প্রচলিত না হইলে, যদি কোন প্রমিসরি নোট কি নিদর্শনপত্র কিম্বা টাকা দিবার কি অন্য কোন বিষয়ের প্রতিজ্ঞাপত্র মান্দ্রাজের কি বোম্বাইয়ের জেনরল ত্রেজুরীতে উপস্থিত করা আবশ্যক কি উপযুক্ত হইত, তবে মান্দ্রাজের ও বোম্বাইয়ের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবেরদের তদ্রূপ সম্বাদের নির্দ্দিষ্ট তারিখঅবধি, উক্ত ত্রেজুরী ঐ২ ব্যাঙ্কে আর না থাকিবার সম্বাদ প্রকাশ হইবার পর চতুর্দ্দশ দিন গত না হওয়াপর্য্যন্ত উক্ত কার্য্যের নিমিত্তে ঐ প্রমিসরি নোটপ্রভৃতি মান্দ্রাজের

longer held at those Banks respectively shall have been given.

[Proviso as to presentment at the several Banks.]

V. Nothing in this Act shall render necessary the presentment at the Banks of Bengal, Madras, and Bombay respectively, of any Security or other obligation which it would not have been necessary to present at the General Treasuries of Bengal, Madras, and Bombay respectively, if this Act had not been passed.

M. Wylie,
Depy. Secy. to the Govt. of India,
Home Department.

BILLS.

The following Bill was introduced into the Council of the Governor General of India, for the purpose of making Laws and Regulations, on the 29th January 1862, and was referred to a Select Committee, who will make a report thereon after the 1st of May next:—

A Bill to provide for a new Silver and a new Copper Coinage.

[Preamble.]

Whereas it is expedient to provide for a new Silver and a new Copper Coinage; It is enacted as follows:—

[Repeal of Acts.]

I. From the day of so much of the 1st and 2nd Sections of the Act XVII. of 1835 (*relating to Gold and Silver Coinage*) as provides that the Silver Coins therein mentioned only shall be coined at the Mints within the territories of the East India Company, and that such Coins shall bear on the reverse the words "The East India Company"; and the Acts XXXI. of 1837 (*relating to Coinage*) and XXI. of 1838 (*relating to the Silver Coinage*); and Acts XXI. of 1835, XXII. of 1844, and XI. of 1854 (*relating to the Copper Coin,*) shall be repealed, except as to any act already done or Coin already coined or issued under the same.

[Description of Coins.]

II. From the day of 1862 the undermentioned Silver and Copper Coins only shall be coined at the Mints in British India.

Silver Coin.

A Rupee.
A Half Rupee.
A Quarter Rupee or Four Anna Piece.
An Eighth of a Rupee or Two Anna Piece.

Copper Coin.

A Double Pice or Half Anna.
A Pice or Quarter Anna.
A Half Pice or one-eighth of an Anna.
A Pie, being one-third of a Pice, or one-twelfth of an Anna.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১১ মার্চ।]

ও বোম্বাইয়ের ব্যাঙ্কে উপস্থিত করা আবশ্যক হইবেক অথবা বিষয়বিশেষ উপযুক্ত হইবে ইতি।

[নানা ব্যাঙ্কে উপস্থিত করণ বিষয়ি বর্জ্জিত কথা।]

৫ ধারা। এই আইন প্রচলিত না হইলে যে কোন নিদর্শনপত্র কি অন্য প্রতিজ্ঞাপত্র বাঙ্গলা দেশের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের জেনরল ত্রেজুরীতে উপস্থিত করা আবশ্যক না হইত, তাহা বাঙ্গাল কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের ব্যাঙ্কে উপস্থিত করা এই আইনের কোন কথাতে আবশ্যক হইবেক না ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পশ্চাৎ লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬২ সালের ২৯ জানুআরি তারিখে উপস্থিত করা যায় ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। তাঁহারা আগামি মে মাসের ১ দিবসের পরে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

রূপার ও তামার নূতন মুদ্রা করণের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

রূপার ও তামার নূতন মুদ্রা করা বিহিত এই কারণে এই২ বিধান হইতেছে।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। সোণা ও রূপার মুদ্রা বিষয়ি ১৮৩৫ সালের ১৭ আইনের ১ ও ২ ধারার যে২ কথাতে এই বিধান হইয়াছিল যে কেবল ঐ ধারার লিখিত রূপার মুদ্রা কোম্পানি বাহাদুরের দেশের অন্তরবর্ত্তি টাঁকশালে প্রস্তুত হইবে, তাহার এক পীঠে The East India Company এই কথা দেওয়া যাইবে, সেই কথা, ও মুদ্রাবিষয়ি ১৮৩৭ সালের ৩১ আইন ও রূপার মুদ্রা বিষয়ি ১৮৩৮ সালের ২১ আইন ও তামার মুদ্রাবিষয়ি ১৮৩৫ সালের ২১ আইন ও ১৮৪৪ সালের ২২ আইন ও ১৮৫৪ সালের ১১ আইন অমুক সালের অমুক মাসের অমুক দিবসাবধি রহিত হইবে, কিন্তু তৎপূর্ব্বে যে কোন ক্রিয়া করা যায় কি যে কোন মুদ্রা প্রস্তুত কি চলন হয় তদ্বিষয়ে ঐ২ আইন রদ হইবেক না ইতি।

[যে২ প্রকারের মুদ্রা হইবে তাহার কথা।]

২ ধারা। ১৮৬২ সালের অমুক মাসের অমুক দিবসাবধি কেবল নীচের লিখিত রূপার ও তামার মুদ্রা ব্রিটনীয় ভারতবর্ষের টাঁকশালে প্রস্তুত হইবে।

রূপার মুদ্রা।
টাকা।
আধুলি।
সিকি।
দুআনি।

তামার মুদ্রা।
ডবল পয়সা অর্থাৎ অর্দ্ধআনা।
পয়সা অর্থাৎ আনার চতুর্থ ভাগ।
অর্দ্ধপয়সা অর্থাৎ আনার অষ্টম ভাগ।
পাই অর্থাৎ পয়সার তৃতীয় ভাগ কি আনার দ্বাদশ ভাগ ইতি।

[Weight and Standard of Silver Coins.]

III. The Rupee so coined shall be of the same weight and standard as those provided for the Company's Rupee by the said Act XVII. of 1835, that is to say, the weight shall be 180 grains Troy, and the standard as follows :—$\frac{11}{12}$th or 165 grains of pure Silver; $\frac{1}{12}$th or 15 grains of Alloy. The other Silver Coins shall be of proportionate weight and of the same standard.

[Weight of Copper Coins.]

IV. The Copper Coins so coined shall be of the weight prescribed for Coins of the same denominations respectively by Acts XXI. of 1835 and XI. of 1854, that is to say:

The Double Pice shall weigh		200	grains Troy.
The Pice	...	100	,,
The Half Pice	...	50	,,
The Pie	...	$33\frac{1}{3}$	,,

[Inscriptions on Coins.]

V. Until the Governor General in Council shall otherwise order under the power hereinafter reserved, the Silver and Copper Coins so coined shall bear on the obverse the likeness and the name of Her Majesty Queen Victoria, and the inscription "Victoria Queen," and on the reverse the designation of the Coins in English filled by the word "India," with such date and embellishments on each Coin as the Governor General in Council from time to time may direct.

[Governor General in Council may order other devices, &c.]

VI. It shall be lawful for the Governor General in Council, from time to time, to direct the coining and issuing of all Coins authorized by this Act, and to prescribe, in lieu of the likeness and inscription as heretofore prescribed, such other devices and inscriptions and embellishments for all or any of the Coins hereby authorized, as he may, by order in Council to be published in the Government Gazette, direct.

[Rupee and half Rupee to be legal tender.]

VII. The said Rupee and Half Rupee shall be a legal tender in payment or on account of all engagements whatever, provided the Coin shall not have lost more than two per cent. in weight, and provided it shall not have been clipped or filed, or have been defaced or diminished, otherwise than by use.

[Quarter and Eighth of a Rupee how to be legal tender.]

VIII. The Quarter Rupee and Eighth of a Rupee shall be legal tender only for the fractions of a Rupee, subject to the same provisions as in the last preceding Section mentioned.

[Copper Coin how to be legal tender.]

IX. The Double Pice shall be a legal tender for one-thirty-second part of a Rupee or for half an Anna.

[*Government Gazette, 11th March*, 1862.]

[রূপার মুদ্রার ওজন ও ধাতুর পরিমাণ।]

৩ ধারা। উক্ত প্রকারের নির্ম্মিত টাকা ১৮৩৫ সালের উক্ত ১৭ আইনমতের কোম্পানির টাকার নির্দ্ধারিত ওজনের ও ধাতুর পরিমাণের তুল্য হইবে, অর্থাৎ তাহার ওজন ১৮০ গ্রেন ট্রয়, ও তাহার ১২ অংশের ১১ অংশ অর্থাৎ ১৬৫ গ্রেন খাটি রূপা ও এক অংশ অর্থাৎ ১৫ গ্রেন খাইদ। রূপার অন্য সকল মুদ্রার তদনুযায়ি ওজন ও পরিমাণ হইবে ইতি।

[তামার মুদ্রার ওজন।]

৪ ধারা। উক্ত প্রকারের যে তামার মুদ্রা প্রস্তুত হয় তাহার ওজন ১৮৩৫ সালের ২১ আইন ও ১৮৫৪ সালের ১১ আইনমতের তত্তুল্য প্রকার মুদ্রার নির্দ্দিষ্ট ওজনের সমান হইবে অর্থাৎ

ডবল পয়সার ওজন		২০০	গ্রেন ট্রয়।
পয়সার	ঐ	১০০	ঐ।
অর্দ্ধপয়সার	ঐ	৫০	ঐ।
পাইয়ের	ঐ	৩৩$\frac{১}{৩}$	ঐ।

[মুদ্রার উপর মুদ্রিত কথা।]

৫ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরকে পশ্চাৎ লিখিত ধারামতে যে ক্ষমতার্পণ হয়, তৎক্রমে তিনি যত কাল প্রকারান্তরের আজ্ঞা না করেন, তত কালপর্য্যন্ত উক্ত প্রকারের প্রস্তুত রূপার ও তামার মুদ্রার একপীঠে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার প্রতিকৃতি ও নাম ও Victoria Queen ও অপর পীঠে ইঙ্গেজী অক্ষরে ঐ মুদ্রার নাম ও India ও হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর প্রত্যেক মুদ্রাতে যে তারিখ ও শোভাকর যে চিহ্ন সময়ে২ দিবার আজ্ঞা করেন তাহা দেওয়া যাইবে ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অন্যান্য অস্তাদির আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৬ ধারা। এই আইনমতে যে সকল মুদ্রা করিবার অনুমতি হয় তাহার প্রস্তুতকরণ ও চলন বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সময়ে২ আজ্ঞা করিতে পারিবেন, ও যে প্রতিকৃতি ও মুদ্রিত কথা পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার পরিবর্ত্তে এই আইনের নির্দ্দিষ্ট সকল কি কোন মুদ্রার অন্য যে অঙ্কিত ও মুদ্রিত কথা ও শোভাকার চিহ্ন হজুর কৌন্সেলে আজ্ঞা করেন তাহা নির্দ্দিষ্ট করিতে পারিবেন, সেই আজ্ঞা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবে ইতি।

[টাকা ও আধুলি আইনমতের চলন মুদ্রা হইবার কথা।]

৭ ধারা। উক্ত টাকা ও আধুলি সকল প্রকারের করারের সমন্ধে আইনমতের চলন মুদ্রা হইবে, কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ মুদ্রার ওজনের শতাংশের দুই অংশের অধিক ক্ষয় না হয়। ও তাহা ছাটা কি উখাদ্বারা ঘষা না হয় কিম্বা, ব্যবহারক্রমে ক্ষয় হওয়া-ভিন্ন, অন্য প্রকারে তাহার অক্ষর উঠিয়া না যায় কি তাহার হ্রাস না হয় ইতি।

[সিকি ও দুআনি যে প্রকারে আইনমতের চলন মুদ্রা হইবে তাহার কথা।]

৮ ধারা। সিকি ও দুআনি ইহার পূর্ব্বের লিখিত ধারার বিধান অনুসারে কেবল টাকার রেজকি মুদ্রা স্বরূপে আইনমতের চলন মুদ্রা হইবে ইতি।

[তামার মুদ্রা যেরূপে আইনমতের চলন মুদ্রা হইবে তাহার কথা।]

৯ ধারা। ডবল পয়সা টাকার দ্বাত্রিংশতাংশস্বরূপে অর্থাৎ আধ আনাস্বরূপে আইনমতের চলন মুদ্রা হইবে। পয়সা এক টাকার ৬৪ ভাগের এক ভাগস্বরূপে অর্থাৎ

The Pice for one-sixty-fourth part of a Rupee, or for one-fourth of an Anna.

The Half Pice for one-hundred-and-twenty-eighth part of a Rupee, or for one-eighth of an Anna; and the Pie, one-third of a pice, for the one-hundred and-ninety second part of a Rupee, or the twelfth of an Anna.

Provided that none of the said Copper Coins shall be a legal tender, except for the fractions of a Rupee, and except in the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca for the fractions of a Dollar.

[Coin coined under former Acts still to be legal tender.]

X. All Silver Coin of the weight and standard specified in the said Acts XVII. of 1835, and XXI. of 1838, issued since the passing of those Acts respectively and before the day of and declared by those Acts respectively to be a legal tender, and all Copper Coins of the weight specified in the said Acts XXI. of 1835, XXII. of 1844, and XVII. of 1855 issued since the passing of those Acts respectively and before the day of and declared by those Acts respectively to be a legal tender, shall continue to be a legal tender for the amounts thereof respectively, subject to the same conditions and provisions as under those Acts respectively, anything in this Act contained notwithstanding.

[Existing Acts to continue in force.]

XI. All Acts and Laws in force in British India at the time of the passing of this Act respecting the Queen's Coin, or the Silver or Copper Coin current in British India, and not repugnant to the provisions of this Act, shall be, and continue in full force and effect, and shall be applied to the Silver and Copper Coin to be coined in pursuance of this Act.

[Definition of British India.]

XII. The words "British India" in this Act denote the territories which are or may become vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., C. 106, "entitled An Act for the better Government of India."

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to legalize the Coinage at and issue from the Mints of the new Silver and Copper Coins which the Government proposes to issue, and the dies of which have been prepared in England.

[Act XVII. of 1835.]

These Coins are of the same denomination, standard, and weight as those of the Coin already in use. The only change proposed to be made in the Coin which requires for its sanction an alteration in the law, consists in the omission of the words "East India Company," and of the designation of the Coin in Persian, which, under the present law, must be impressed on the reverse of the

এক আনার চতুর্থাংশ স্বরূপে আইনমতের চলন মুদ্রা হইবে।

আধপয়সা টাকার ১২৮ অংশের এক অংশ অর্থাৎ এক আনার অষ্টমাংশস্বরূপে, ও পয়সার তৃতীয় অংশ এক পাই, টাকার ১৯২ অংশের এক অংশ অর্থাৎ আনার দ্বাদশাংশস্বরূপে চলন হইবে।

কিন্তু উক্ত তামার মুদ্রা টাকার ভগ্নাংশস্বরূপ না হইলে ও পুলু পিনাঙ্গ ও সিঙ্গপুর ও মালাকা নামক বসতি স্থানে ডালরের ভগ্নাংশস্বরূপ না হইলে আইন মতের চলন মুদ্রা হইবে না ইতি।

[পূর্ব্বং আইনমতে যে মুদ্রা প্রস্তুত হয় তাহা আইন মতের মুদ্রা স্বরূপে চলিবার কথা।]

১০ ধারা। ১৮৩৫ সালের উক্ত ১৭ আইনের ও ১৮৩৮ সালের ২১ আইনের নির্দ্দিষ্ট ওজনের ও ধাতুর পরিমাণের যে সকল রূপার মুদ্রা এই আইন প্রচলিত হইবার পরে ও অমুক সালের অমুক মাসের অমুক দিবসের পূর্ব্বে বাহির হয়, ও সেই২ আইনক্রমে আইনমতের চলন মুদ্রা প্রকাশ হয়, সেই সকল রূপার মুদ্রা ও ১৮৩৫ সালের উক্ত ২১ আইনের ও ১৮৪৪ সালের ২২ আইনের ও ১৮৫৫ সালের ১৭ আইনের নির্দ্দিষ্ট ওজনের যে সকল তামার মুদ্রা এই আইন প্রচলিত হইবার পরে ও অমুক সালের অমুক মাসের অমুক দিবসের পূর্ব্বে বাহির হয় ও সেই২ আইনক্রমে আইনমতের চলন মুদ্রা বলিয়া প্রকাশ হয়, সেই সকল তামার মুদ্রা, এই আইনের নিয়ম ও বিধানের অধীনে এই মুদ্রার মূল্যানুসারে আইনমতের মুদ্রাস্বরূপে চলিতে থাকিবে, এই আইন বলবৎ হইলেও চলিতে থাকিবে ইতি।

[চলিত আইন প্রবল থাকিবার কথা।]

১১ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে মহারাণীর মুদ্রার কি ব্রিটনীয় ভারতবর্ষের চলিত রূপার কি তামার মুদ্রার বিষয়ে যে সকল আইন ও আকট ব্রিটনীয় ভারতবর্ষে প্রচলিত আছে ও এই আইনের বিধানের বিপক্ষ না হয়, তাহা সম্পূর্ণরূপে বলবৎ ও ফলবৎ হইবে ও থাকিবে ও তাহা এই আইনমতের প্রস্তুত রূপার ও তামার মুদ্রার প্রতি খাটিবে ইতি।

[ব্রিটনীয় ভারতবর্ষ এই কথার অর্থ।]

১২ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষ এই যে কথা এই আইনেতে আছে তাহাতে "ভারতবর্ষের আরো উত্তমরূপে কর্ত্তৃত্ব করিবার আইন" নামে বিক্টরিয়া মহারাণীর ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে যে সমস্ত দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি হইয়াছে কি বর্ত্তিবে তাহাই বুঝায় ইতি।

অভিপ্রায় ও হেতু বর্ণনা।

গবর্ণমেণ্ট রূপার ও তামার যে নূতন মুদ্রা চালাইতে প্রস্তাব করিয়াছেন তাহার ছেনি ইঙ্গলণ্ডে প্রস্তুত হইয়াছে। সেই মুদ্রা টাকশালে প্রস্তুত ও চলন করা আইনসিদ্ধ হয়, এই মুসাবিদার এই অভিপ্রায়।

এইক্ষণে যে মুদ্রার ব্যবহার হইতেছে, তাহার যে নাম ও ধাতুর পরিমাণ ও ওজন আছে উক্ত মুদ্রার ও তাহাই থাকিবে। কিন্তু এইক্ষণকার চলিত মুদ্রাতে East India Company যে কথা আছে, তাহা ও ১৮৩৫ সালের ১৭ আইনেতে মুদ্রার এক পীঠে মুদ্রার যে নাম পারস্য অক্ষরে লিখিবার আজ্ঞা হইয়াছিল তাহা উঠাইয়া দিবার প্রস্তাব হইল। এইরূপ পরিবর্ত্তন হওয়ার জন্যে আইন পরিবর্ত্তনের প্রয়োজন হইল। নূতন মুদ্রার এক পীঠে মহারাণীর নাম ও খ্যাতি ও প্রতিকৃতি, ও অন্য পীঠে

Coin. In lieu thereof the new Coin will bear on its obverse the name and title as well as the likeness of the Queen, and on the reverse the designation of the Coin in English. There are other changes in the devices and ornaments on the Coin, but this is the only one calling for alteration of the law, as the Governor General in Council in his executive capacity is empowered by the Act above referred to, to prescribe such other embellishments for the Silver Coinage as he may think fit.

The present Bill provides that the Coin shall bear the likeness of Her Majesty, and the inscription "Victoria Queen," until the Governor General in Council shall otherwise direct, and empowers the Governor General in Council from time to time to vary the devices and inscriptions.

The proposed change in the Copper Coinage, which also mainly consists in the substitution of the name of the Queen for that of the East India Company, does not of itself require any change in the law. For power is given by Act XVII. of 1835, Section X., Act XXI. of 1835, and Act XXII. of 1844 to the Governor General in Council by Order in Council to prescribe the devices and inscriptions for the Copper Coin.

But as the provisions for the Copper Coinage are scattered through several Acts* it has seemed desirable (except as to such of them as apply to the Copper Coin in the Straits Settlement, which stand on a different footing from the rest of India in that respect†) to repeal these Acts, and consolidate their provisions in the present Bill.

(Sd.) W. RITCHIE.

The 22nd January, 1862.

M. WYLIE,

Depy. Secy. to the Govt. of India,

Home Department.

* Act XXI. of 1835,
„ XXII. of 1844,
„ XI. of 1854.
† Act VI. of 1847,
„ XVII. of 1855.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 12th February 1862, and was referred to a Select Committee, who will make a report thereon after the 15th of May next :—

A Bill relating to Breaches of Contract committed in bad faith.

[Preamble.]

WHEREAS it is just and expedient that Defendants in Civil suits who have broken their Contracts in bad faith, without reasonable excuse, after receiving consideration for the same, shall be liable to stricter provisions in regard to the judgment and execution to be awarded against them than Defen-

[*Government Gazette, 11th March*, 1862.]

ইঙ্গরেজী অক্ষরে মুদ্রার নাম থাকিবে। মুদ্রার অঙ্কিত কথার ও শোভাকর চিহ্নের অন্যান্যরূপ পরিবর্ত্তন হইবে। কিন্তু তজ্জন্যে আইন পরিবর্ত্তন করা আবশ্যক নহে, কেননা পূর্ব্বোক্ত আইনক্রমে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি এই ক্ষমতা অর্পণ হয় যে রূপার মুদ্রাতে শোভাকর অন্য যে কোন প্রকারের চিহ্ন নির্দ্দিষ্ট করা উপযুক্ত বোধ করেন তাহা করিতে পারেন।

এই মুসাবিদাতে বিধান হইতেছে যে, হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর যতকাল প্রকারান্তরের আজ্ঞা না করেন, ততকালপর্য্যন্ত মুদ্রাতে শ্রীশ্রীমতী মহারাণীর প্রতিকৃতি থাকিবে ও Victoria Queen এই কথা মুদ্রিত থাকিবে। আরো তাহার অঙ্কিত ও মুদ্রিত কথা সময়ে২ পরিবর্ত্তন করিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকে ক্ষমতা দেওয়া যাইতেছে।

তামার মুদ্রারও উক্তরূপ পরিবর্ত্তন হইবার অর্থাৎ কোম্পানি বাহাদুরের নাম উঠাইয়া তাহাতে মহারাণীর নাম দিবার প্রস্তাব হইয়াছে। কিন্তু তাহা করিবার নিমিত্তে আইন পরিবর্ত্তনের কোন প্রয়োজন নাই। যেহেতুক ১৮৩৫ সালের ১৭ আইন ও ১৮৩৫ সালের ২১ আইনের ১০ ধারা ও ১৮৪৪ সালের ২১ আইনেতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি এই ক্ষমতা প্রদান হইয়াছে যে তিনি হজুর কৌন্সেলে আজ্ঞা করিয়া তামার মুদ্রাতে যে অঙ্ক ও যে২ কথা মুদ্রিত থাকিবে তাহা নির্দ্দিষ্ট করেন।

কিন্তু তামার মুদ্রা বিষয়ক বিধান অনেক আইনেতে (অর্থাৎ ১৮৩৫ সালের ২১ আইন ও ১৮৪৪ সালের ২২ আইন ও ১৮৫৪ সালের ১১ আইনেতে) হইয়াছে, এই হেতুক তৎসমুদয় রহিত করিয়া তাহার মর্ম্ম এই মুসাবিদাতে সংগ্রহ করা বিহিত জ্ঞান হইয়াছে। কিন্তু ষ্ট্রেট সেটলমেণ্টের তামার মুদ্রার বিষয়ে যে আইন খাটে তাহা (অর্থাৎ ১৮৪৭ সালের ৬ আইন ও ১৮৫৫ সালের ১৭ আইন) সেই২ বিষয়ে ভারতবর্ষের অন্যান্য আইনহইতে ভিন্ন অবস্থাগত হওয়াতে তাহা রহিত হইল না ইতি।

ডবলিউ রিচি।

১৮৬২ সাল ২২ জানুআরি।

এম ওয়াইলি।

দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের সেক্রেটারী।

আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের মন্ত্রিসভাতে আইনের নিম্ন লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬২ সালের ১২ ফেব্রুআরি তারিখে উপস্থ করা গেলে বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। তাঁহারা আগামি মে মাসের ১৫ তারিখের পর সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

কুটিলভাবে চুক্তি ভঙ্গের যে অপরাধ করা যায় তদ্বিষয়ের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যাহারা চুক্তি করিয়া আপনারদের চুক্তিমতে কর্ম্ম করিতে ত্রুটি করে কিন্তু কুটিলভাবে ও যুক্তিসিদ্ধ ওজর অভাবেও নয়, এমত লোকেরদের নামে দেওয়ানী আদালতে নালিশ হইলে তাহারদের যে বিচার হয় ও তাহারদের উপর যে হুকুম জারী হয়, তদপেক্ষা কোন ব্যক্তি চুক্তি করিয়া তাহার নিমিত্তে দাদন পাইলে যুক্তিসিদ্ধ

dants whose failure to perform their contracts has not been in bad faith or without reasonable excuse; It is enacted as follows:—

[Definitions.]

I. In this Act, a person is said to break, or to refuse or neglect to perform his Contract in bad faith, if he breaks, or refuses or neglects to perform, his Contract intentionally and from some motive of interest or ill-will, and not otherwise.

The words "reasonable excuse" denote an excuse which the Court may think reasonable, having regard to the circumstances of the case and the ability of the Defendant to perform his Contract, although such excuse does not amount to a legal justification of the non-performance of the Contract. The expression "substantial part of the consideration" denotes any such part of the consideration as the Court shall deem to be substantial according to the nature of the Contract and the circumstances of the case. Mere payment of earnest or of a small sum to bind the bargain shall not be deemed a substantial part of the consideration within the meaning of this Act. Nor shall any payment or delivery as part of the consideration be deemed substantial, if it is less in amount or value than the Defendant was entitled according to the terms of the Contract to have received from the Plaintiff at the time of the neglect or refusal of the Defendant to perform his Contract.

The words "damages necessary to indemnify the Plaintiff against all loss" are not confined to such damages as were contemplated, or may reasonably be supposed to have been contemplated, by the parties at the time they entered into the Contract. They include the full extent of loss which the Plaintiff has sustained or is reasonably likely to sustain as a direct consequence of the breach of Contract, including the loss of any profit which he has been thereby directly prevented from making, whether the Defendant at the time of entering into the Contract or of the breach knew that such loss would be the direct consequence of a breach of the Contract or not.

Words importing the singular number include the plural: and words importing plural number include the singular.

Words importing the masculine gender include females.

[Civil Court to determine as to breach in bad faith and without excuse of Contract for which consideration has been received.]

II. (1).—When any person who shall have entered into a Contract for the performance of any act on his part, shall have received the consideration, or any substantial part of the consideration, for the performance of the Contract on his part, and shall refuse or neglect to perform his Contract according to the terms thereof, it shall be lawful for the

ওজর না থাকিলেও কুটিলভাবে চুক্তি ভঙ্গ করিলে, সেই আসামীর বিচার ও তাহার উপর হুকুম জারীর আরো কঠিন বিধান করা যথার্থ ও বিহিত। এই কারণে এই বিধান হইতেছে।

[অর্থ করণের কথা।]

১ ধারা। এই আইনেতে যদি কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক ও স্বীয় লভ্যের কোন অভিপ্রায়ে কিম্বা কুইচ্ছাতে চুক্তি ভঙ্গ করে কি চুক্তিমতে কর্ম্ম করিতে স্বীকার না করে কি শৈথিল্য করে, তবে বলা যাইবে যে সেই ব্যক্তি কুটি-লভাবে চুক্তি ভঙ্গ করে কি চুক্তিমতে কর্ম্ম করিতে স্বীকার করে না কি শৈথিল্য করে, অন্য স্থলে নয়।

যুক্তিসিদ্ধ ওজরের অর্থ এই। কোন ব্যক্তি যে ওজর করে তাহাতে চুক্তিমতে কর্ম্ম না করিলে যদিও আইনমতে তাহার নিরপরাধ না হয়, তথাপি আদালত অবস্থার ভাব বুঝিয়া ও আসামীর চুক্তিমতে কর্ম্ম করিবার ক্ষমতা বিবেচনায় যে ওজর যুক্তিসিদ্ধ জ্ঞান করেন, তাহা যুক্তিসিদ্ধ ওজর।

অবধারিত মূল্যের স্থূলাংশের অর্থ এই। চুক্তির ভাব ও অবস্থার গতিক বুঝিয়া আদালত অবধারিত মূল্যের যে অংশ স্থূল জ্ঞান করেন তাহা স্থূলাংশ। বায়নার টাকা, কিম্বা চুক্তি দৃঢ় করিবার জন্যে যে অল্প টাকা দেওয়া যায়, তাহা এই আইনের অর্থমধ্যে অবধারিত মূল্যের স্থূলাংশ জ্ঞান হইবেক না। কিম্বা অবধারিত মূল্যের একাংশ দেওয়া গেলে কি অর্পণ হইলেও, আসামী যে সময়ে আপন চুক্তিমতে কর্ম্ম করিতে ত্রুটি করে কি অস্বীকার করে সেই সময়ে চুক্তির নিয়মমতে ফরিয়াদীর স্থানে তাহার যত টাকা কি যত মূল্যের দ্রব্য পাইবার অধিকার থাকে তাহার ন্যূন যদি পাইয়া থাকে, তবে তাহা স্থূলাংশ জ্ঞান হইবেক না।

"ফরিয়াদীর সমস্ত ক্ষতিপূরণের আবশ্যক টাকা" এই কথার মধ্যে, চুক্তি করিবার সময়ে উভয় পক্ষ যে ক্ষতির সম্ভাবনা জানিয়াছিল কিম্বা যে ক্ষতির সম্ভাবনা যুক্তিসিদ্ধমতে বোধ হইতে পারিত তাহামাত্র বুঝায় না। কিন্তু চুক্তি ভঙ্গের স্পষ্ট ফলস্বরূপে ফরিয়াদীর যে ক্ষতি হইয়াছে কিম্বা যুক্তিসিদ্ধমতে তাহার যে ক্ষতি সম্ভাবনা তাহা সমুদয় ও তন্মধ্যে তাহার যে কোন লভ্যের নিবারণ ঐ চুক্তি ভাঙ্গাতে স্পষ্টরূপে হইয়াছে, তাহাও ঐ কথার মধ্যে ধরিতে হইবে অর্থাৎ ঐ চুক্তি ভঙ্গ হইলে স্পষ্টরূপে সেই ফল হইবে আসামী ঐ চুক্তি করণ সময়ে কিম্বা চুক্তি ভঙ্গ করণ সময়ে ইহা জানিলে কি না জানিলেও তাহা ধরিতে হইবে।

এই বচনের শব্দের মধ্যে বহু বচনের শব্দও বুঝাইবেক ও বহু বচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবেক।

পুংলিঙ্গ বোধক শব্দের মধ্যে স্ত্রীদিগকে বুঝাইবে ইতি।

যে চুক্তির নিমিত্তে অবধারিত মূল্যের একাংশ পাওয়া গিয়াছে তাহা কুটিলভাবে ও বিনা ওজরে ভঙ্গ হইবার বিষয়ে আদালতের স্থির করিবার কথা।]

২ ধারা। ১ প্রকরণ।—যদি কোন ব্যক্তি কোন কর্ম্ম করিতে চুক্তি করিয়া ঐ চুক্তির কর্ম্ম নির্ব্বাহ করিবার অবধারিত মূল্য কিম্বা অবধারিত মূল্যের কোন স্থূলাংশ পাইয়া সেই চুক্তির নিয়মানুসারে কর্ম্ম করিতে স্বীকার না করে কি শৈথিল্য করে, তবে ঐ চুক্তি ভঙ্গের কোন মোকদ্দমা দেওয়ানী যে আদালতে উপস্থিত করা যায়, তাহা রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত আদালত হউক কি

Civil Court before which any suit for the breach of such Contract may be brought, whether such Court be one established by Royal Charter or not, to determine whether the Defendant has in bad faith and without reasonable excuse refused or neglected to perform his Contract.

[And may in such cases award full damages.]

(2).—If it shall find that the Defendant has* in bad faith and without reasonable excuse refused or neglected to perform his Contract, the Court shall record its judgment to that effect, and shall award to the Plaintiff the full amount of damages necessary to indemnify the Plaintiff against all loss which he may have sustained, or which the Court may consider he is reasonably likely to sustain by reason of the non-performance of the Contract.

[On order of specific performance Court may award damages for non-performance.]

III. If a Civil Court shall order the specific performance of any Contract of which the consideration, or a substantial part of the consideration, shall have been received by the Defendant, and shall fix an amount to be paid as damages in the event of the non-performance thereof, and shall find that the Defendant has* in bad faith and without reasonable excuse broken his Contract, the Court may award and assess the damages to be paid in the event of non-performance in the manner provided by Section II. of this Act; and such damages, if they shall become payable, shall be deemed to be damages within the meaning of this Act, and shall be subject to all its provisions be regard to damages.

[When damages under Section II. not paid, Defendant may be detained.]

IV. (1).—Whenever damages shall be awarded by a Civil Court under Section II. of this Act, if the Defendant shall fail to pay the same at the time at which they are payable by the judgment or decree, it shall be lawful for the Court to order him to be arrested and detained in execution for such period as it may deem fit, not exceeding the period allowed by the Code of Civil Procedure (Act VIII. of 1859), that is to say if the decree be for the payment of money not exceeding 50 Rupees, a period not exceeding three months; if the decree be for the payment of money not exceeding 500 Rupees, a period not exceeding six months; or if the decree be for the payment of money exceeding 500 Rupees, a period not exceeding two years.

[In such case plaintiff not bound to pay for subsistence.]

(2).—It shall not be necessary in such case for the Plaintiff to provide subsistence money as required by that Act or by Act VII. of 1855 *(to amend the Law of Arrest on mesne process in Civil actions in Her Majesty's Courts of Judicature, and to pro-*

না হউক, সেই আদালত স্থির করিবেন যে আসামী ঐ চুক্তিক্রমে কর্ম্ম করিতে দুষ্টিভাবে ও যুক্তিসিদ্ধ ওজর বিনা অস্বীকার কি শৈথিল্য করিয়াছে কি না করিয়াছে।

[ও তদ্রূপ স্থলে সম্পূর্ণ ক্ষতির প্রতিকারের আজ্ঞা করিবার কথা।]

২ প্রকরণ।—আসামী কুটিলভাবে ও যুক্তিসিদ্ধ ওজর না থাকিতেও চুক্তিক্রমে কার্য্য করিতে অস্বীকার কি শৈথিল্য করিয়াছে, আদালতের যদি এইরূপ নিষ্পত্তি হয়, তবে আদালত আপনার সেই মর্ম্মের বিচার রিকার্ড করিবেন, ও সেই চুক্তিক্রমে কার্য্য না করাতে ফরিয়াদীর যত ক্ষতি হয়, তৎসমুদয়ের কিম্বা আদালতের বিবেচনায় তাহার যত ক্ষতি যুক্তিমতে সম্ভাবনা তাহার প্রতিকারার্থে যত আবশ্যক তাহা ফরিয়াদীর সম্পূর্ণরূপে পাইবার ডিক্রী করিবেন ইতি।

[আদালত বিশেষ কর্ম্ম সম্পন্ন করিবার আজ্ঞা করিলে তাহা না করিলে ক্ষতিপূরণের আজ্ঞা করিবার কথা।]

৩ ধারা। আসামী যে চুক্তি করিয়া অবধারিত মূল্য কিম্বা অবধারিত মূল্যের কোন অংশ পাইয়াছে এমত চুক্তিমতে কোন নির্দ্দিষ্ট কার্য্য যদি আদালত সম্পন্ন করিতে আজ্ঞা করেন ও সেই কর্ম্ম সম্পন্ন না হইলে তাহার ক্ষতি পূরণের কতক টাকা যদি নির্দ্ধার্য্য করেন ও আসামী কুটিলভাবে ও যুক্তিসিদ্ধ ওজর না থাকিলেও ঐ চুক্তি ভঙ্গ করিয়াছে এমত নিষ্পত্তি করেন, তবে ঐ চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পন্ন না হইলে আদালত এই আইনের ২ ধারার নির্দ্দিষ্টমতে ক্ষতি পূরণের আজ্ঞা করিয়া তাহা ধার্য্য করিবেন। ও যদি সেই ক্ষতিপূরণের টাকা দিতে হয়, তবে তাহা এই আইনের অর্থের মধ্যে ক্ষতিপূরণ জ্ঞান হইবেক ও ক্ষতি পূরণ বিষয়ের যে সকল বিধান এই আইনে আছে তাহা তদ্বিষয়ে বর্ত্তিবেক ইতি।

[২ ধারামতের ক্ষতিপূরণের টাকা দেওয়া না গেলে আসামীকে আটক করিবার কথা।]

৪ ধারা। ১ প্রকরণ।—যখন এই আইনের ২ ধারামতে দেওয়ানী আদালতে ক্ষতি পূরণের আজ্ঞা হয়, তখন বিচার কি ডিক্রীমতে যে সময়ে ঐ ক্ষতিপূরণের টাকা দিতে হয়, সেই সময়ে আসামী তাহা দিতে ত্রুটি করিলে, আদালত তাহাকে ধরিয়া ঐ হুকুম জারীক্রমে যত কাল উপযুক্ত বোধ করেন তত কালপর্য্যন্ত আটক রাখিতে আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইনমতে যত কালের নিয়ম আছে তাহার অধিক কাল না হয়। অর্থাৎ যদি ৫০৲ টাকার অনধিক দিবার আজ্ঞা হয়, তবে তিন মাসের অনধিক কাল, ও যদি ৫০০৲ টাকার অনধিক দিবার আজ্ঞা হয় তবে ছয় মাসের অনধিক কাল কিম্বা যদি ৫০০৲ টাকার অধিক দিবার আজ্ঞা হয়, তবে দুই বৎসরের অনধিক কাল, তাহাকে রাখিতে আজ্ঞা করিবেন ইতি।

[এমত স্থলে ফরিয়াদীর খোরাকী দিতে না হইবার কথা।]

২ প্রকরণ।—এমত স্থলে ফরিয়াদীর উক্ত আইনমতে কিম্বা ১৮৫৫ সালের ৭ আইনমতে (অর্থাৎ শ্রীমতী মহারাণীর আদালতে দেওয়ানী মোকদ্দমার কার্য্য চলন সময়ে পরওয়ানাক্রমে গ্রেফ্তার করিবার আইন সংশোধন করিবার ও উক্ত কোন আদালতে দেওয়ানী পর-

* N. B.—The words "wilfully or" in Section II. Clause 2 and Section III. were retained in the original Draft Bill by mistake and are omitted from the Bill as now re-printed.

vide for the subsistence of Prisoners confined under Civil process in any of the said Courts) or diet money as required by Act IX. of 1850 (*for the more easy recovery of Small Debts and Demands in Calcutta, Madras, and Bombay.*)

[Defendant to pay for subsistence or to be kept to hard labor.]

V. In every such case the Defendant shall provide for his own subsistence in Jail, and in case he shall fail so to do, he shall be maintained at the expense of the Government and allowed the same diet as Prisoners in the Criminal Jail, and shall be subject to hard labor in the Civil Jail for the period during which he shall be detained in execution.

[Defendant not entitled to discharge.]

VI. A Defendant in confinement for non-payment of such damages shall not be entitled to his discharge in respect thereof under the 280th and 281st Sections of the said Code of Civil Procedure, or under any order for his personal discharge by a Court for the relief of Insolvent Debtors (other than final order of discharge in the nature of a Certificate of his former and his after-acquired property) until he shall have been imprisoned for the period for which he shall have been committed as aforesaid, unless he shall have paid the full amount of such damages.

[If Defendant discharged, his property may still be liable.]

VII. A Defendant once discharged by the expiration of the period of imprisonment so awarded as aforesaid shall not be again imprisoned or arrested under the same Decree; but until the Decree shall be fully satisfied his property shall continue liable, when the Decree shall be that of a Court established by Royal Charter, to be taken in execution according to the provisions of Act VI. of 1855 (*to extend the operation of and regulate the mode of executing writs of execution in Her Majesty's Supreme Courts of Judicature*) or to any Act or Rules in force for the time being regulating execution in such Courts, and when the Decree shall be that of a Court not so established, to attachment and sale according to the said Code of Civil Procedure.

[Proviso.]

VIII. Provided that if the Defendant shall obtain from any Court for the Relief of Insolvent Debtors an order of final discharge of his person and his after acquired property in the nature of a certificate in bankruptcy, nothing in this Act contained shall prevent the full operation of such order in respect of the person or the after-acquired property of the said Defendant.

[Arrest of Defendant not satisfaction.]

IX. The arrest and confinement of a Defendant by virtue of the provisions of this Act under any judgment or decree of a Court established by Royal

ওয়ানাক্রমে কয়েদ করা, ব্যক্তিদিগের প্রতিপালনের বিধান করিবার আইনমতে) ভরণপোষণের টাকা দেওয়া কিম্বা ১৮৫০ সালের ৯ আইনের (অর্থাৎ কলিকাতার ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে অল্প কর্জ্জ টাকা ও দাওয়া সুগমরূপে আদায় করিবার আইনের) নির্দ্দিষ্ট মতে খোরাকী দেওয়া আবশ্যক হইবে না ইতি।

[আসামীর খোরাকী দিবার কিম্বা কঠিন পরিশ্রম করিতে হইবার কথা।]

৫ ধারা। তদ্রূপ প্রত্যেক স্থলে জেলখানায় আসামীর আপন ভরণপোষণের নিয়ম করিতে হইবে। যদি না করে, তবে গবর্ণমেণ্টের খরচে তাহার ভরণপোষণ হইবেক ও ফৌজদারী জেলখানার কয়েদীরা যে খোরাক পায় তাহা পাইবে ও হুকুম জারীক্রমে যত কাল আটক থাকে তত কালপর্য্যন্ত তাহার দেওয়ানী জেলখানায় কঠিন পরিশ্রম করিতে হইবেক ইতি।

[আসামীর মুক্ত হইবার অধিকার না থাকিবার কথা।]

৬ ধারা। যখন আসামী ক্ষতিপূরণের টাকা না দেওয়াপ্রযুক্ত কয়েদ হয়, তখন সেই ক্ষতিপূরণের সমুদয় না দেওনপর্য্যন্ত তাহার যত কাল পূর্ব্বোক্তমতে কয়েদ হইবার আজ্ঞা হয় তত কালপর্য্যন্ত কয়েদ থাকিবেক ও দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের ২৮০ ও ২৮১ ধারার বিধানমতে কিম্বা তাহার পূর্ব্ব ও পশ্চাৎ উপার্জ্জিত সম্পত্তির সর্টিফিকটস্বরূপে মুক্ত হইবার চূড়ান্ত আজ্ঞাভিন্ন যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত হইতে তাহার স্বয়ং মুক্ত হইবার কোন আজ্ঞামতে মুক্ত হইবার অধিকার থাকিবে না ইতি।

[আসামী মুক্ত হইলেও তাহার সম্পত্তির উপর দায় থাকিবার কথা।]

৭ ধারা। পূর্ব্বোক্তমতে কয়েদ হইবার আজ্ঞাক্রমে আসামী কয়েদ হইবার মিয়াদ গত হইলে পর যখন মুক্ত হয় তখন সেই ডিক্রীমতে তাহাকে পুনশ্চ কয়েদ কি গ্রেফ্তার করা যাইতে পারিবে না। কিন্তু ডিক্রী যদি রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত আদালতের ডিক্রী হয়, তবে সেই ডিক্রীমতের সমুদয় টাকা যত কাল না দেওয়া যায়, তত কালপর্য্যন্ত ১৮৫৫ সালের ৬ আইনের (অর্থাৎ শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের ডিক্রী জারীর পরওয়ানা জারী করিবার ফল বিস্তারিত করিবার ও তাহার নিয়মের বিধান করিবার আইনের) বিধানমতে, কিম্বা এই আদালতের ডিক্রীজারীর যে কোন আইন কি বিধি সে সময়ে প্রচলিত থাকে তদনুসারে, ঐ আসামীর সম্পত্তি ঐ ডিক্রী জারীমতে লওয়া যাইবার যোগ্য হইবে। ও সেই ডিক্রী যদি উক্ত প্রকারের স্থাপিত আদালতভিন্ন অন্য আদালতের ডিক্রী হয়, তবে দেওয়ানী আদালতের কার্য্যবিধানের উক্ত আইনমতে ঐ সম্পত্তি ক্রোক ও নীলাম হইবার যোগ্য হইবেক ইতি।

[রক্ষিত কথা।]

৮ ধারা। পরন্তু যদি আসামী যোত্রহীন ঋণিদের উপকারার্থ কোন আদালতহইতে দেউলিয়ার অবস্থাগত সর্টিফিকটস্বরূপে আপনার ও স্বীয় পশ্চাৎ উপার্জ্জিত সম্পত্তির চূড়ান্ত মুক্তির আজ্ঞা প্রাপ্ত হয়, তবে ঐ আসামীর কিম্বা তাহার পশ্চাৎ উপার্জ্জিত সম্পত্তির বিষয়ে ঐ হুকুমের সম্পূর্ণরূপে সফল হইবার কোন দ্বার এই আইনের কোন কথাতে হইবেক না ইতি।

[আসামীর গ্রেফ্তারহওয়া পরিশোধস্বরূপ জ্ঞান না হইবার কথা।]

৯ ধারা। রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত কোন আদালতের কোন নিষ্পত্তি কি ডিক্রীক্রমে আসামী এই আইনের বিধানমতে গ্রেফ্তার ও কয়েদ হইলেও তাহার

Charter shall not be deemed a satisfaction of such judgment or decree in respect of any property of the Defendant.

[Extent of the Act.]

X. This Act shall not extend to any Contract entered into before the passing of this Act.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to provide proceedings of greater strictness, in regard to the amount of damages, and the nature of the execution to be awarded, than the Law at present admits, against Defendants in Civil suits who have broken their Contracts in bad faith and without reasonable excuse, after having received consideration for the same.

2. A Bill was brought into the Legislative Council last year by the Hon'ble Mr. Beadon to provide for the punishment of breaches of Contract of one particular class, namely. Contracts for the cultivation, production, gathering, provision, manufacture, carriage, and delivery of agricultural produce. The Bill was framed upon the same principle as Act XIII. of 1859, which provided for the punishment of breaches of Contract by artificers, workmen, and laborers in the Presidency Towns and in such other places as the Government might extend the Act to, and was itself based on the special legislation that has long obtained in England in regard to breaches of Contract between masters and workmen or laborers in numerous callings and trades. Mr. Beadon's Bill provided for the Criminal trial before a Magistrate of all charges of wilful breach of such agricultural Contracts by Ryots, laborers, or others who had received an advance from their employers, and for their punishment by imprisonment with hard labor.

3. The Bill was read a second time and was referred to a Select Committee. In the meantime a Despatch was received by the Government of India from the Right Hon'ble the Secretary of State in Council expressing disapproval of the principle of the Bill, on the ground that it treated a mere breach of Contract as a Criminal offence, and indicating an intention to disallow the Bill if passed by the Council in India.

4. The President of the Select Committee upon the Bill, the Hon'ble and learned Chief Justice, (who had supported the penal provisions of the Bill but thought that they ought not to be restricted to Contracts under which advances had been made,) thereupon prepared a Draft Report, stating that the Committee thought, under the circumstances, that it would be injurious to the public interests to pass an Act with the knowledge that those who have been entrusted by Parliament with the power of ordering its immediate repeal would doubtless exercise such power; but further stating that although the Council could not do all that it might wish, the Committee thought that some relief might be afforded by exempting Complainants in cases of the na-

[*Government Gazette*, 11*th March*, 1862.]

কোন সম্পত্তি বিষয়ে, ঐ নিষ্পত্তি ডিক্রীমতের কার্য্য শোধ জ্ঞান হইবেক না ইতি।

[এই আইন যেপর্য্যন্ত বর্ত্তিবে তাহার কথা।]

১০ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন চুক্তি করা যায় তৎসম্পর্কে বর্ত্তিবে না ইতি।

অভিপ্রায় ও হেতু বর্ণনা।

কোন ব্যক্তি চুক্তি করিয়া অবধারিত মূল্যের একাংশ পাইলে পর, কুটিলভাবে ও উপযুক্ত ওজর না থাকিলেও সেই চুক্তি ভঙ্গ করাতে যখন তাহার নামে দেওয়ানী আদালতে নালিশ হয় তখন, এইক্ষণকার চলিত আইনমতে ক্ষতি পূরণার্থ তাহার যত টাকা দিবার আজ্ঞা হইতে পারে ও ডিক্রী যে প্রকারে জারী হইতে পারে তদ্বিষয়ের আরো কঠিন বিধান করা উক্ত মুসাবিদার অভিপ্রায়।

২। গত বৎসরে শ্রীযুত অনরবিল বীডন সাহেব বিশেষ এক প্রকারের চুক্তি অর্থাৎ ক্ষেত্রোৎপন্ন দ্রব্যের চাষ ও উৎপন্ন ও সংগ্রহ করণ ও যোগান ও প্রস্তুত করণ ও বহন ও সমর্পণ করণের চুক্তিভঙ্গের দণ্ডের বিধান করিবার এক মুসাবিদা ব্যবস্থাপক কৌন্সেলে উপস্থিত করেন। ঐ মুসাবিদা ১৮৫৯ সালের ১৩ আইনের মূল বিধানানুসারে প্রস্তুত হয়। রাজধানীতে ও অন্য২ যে২ স্থানে গবর্ণমেণ্ট উক্ত আইন প্রচলিত করেন সেই স্থানে কারিগরেরা ও কর্ম্মকারকেরা ও মজুরেরা চুক্তিভঙ্গ করিলে তাহারদের দণ্ডের বিধান উক্ত ১৩ আইনে হইয়াছিল। ও নানা প্রকারের কর্ম্মে ও ব্যবসায়ে প্রভুরদের ও কর্ম্মকারকেরদের কি মজুরেরদের মধ্যে যে চুক্তি হয় তাহার ভঙ্গ করণ বিষয়ে যে বিশেষ আইন বহুকালাবধি ইঙ্গলণ্ড দেশে চলন আছে সেই আইনানুযায়ি উক্ত ১৩ আইন হয়। শ্রীযুত বীডন সাহেবের মুসাবিদাতে এই মর্ম্মের বিধান হইয়াছিল যে, রাইয়তেরা ও মজুরপ্রভৃতি অন্য লোকেরা ক্ষেত্রোৎপন্ন দ্রব্য বিষয়ের চুক্তি করিয়া মুনিবেরদের স্থানে দাদন পাইয়া যদি ইচ্ছাপূর্ব্বক চুক্তিভঙ্গ করে, তবে তাহারদের নামে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ফৌজদারী মোকদ্দমা হইয়া তাহারদের কঠিন পরিশ্রমসহিত কয়েদ ওগুন দণ্ড হইতে পারিবে।

৩। সেই মুসাবিদা দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়াছিল। ইতিমধ্যে ঐ মুসাবিদাতে চুক্তিভঙ্গের দোষ ফৌজদারী অপরাধ জ্ঞান হওয়াতে হজুরকৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী অফ ষ্টেট সাহেব তাহাতে অসম্মত হইলেন ও সেই মুসাবিদা ভারতবর্ষস্থ কৌন্সেলে প্রচলিত হইলেও তিনি তাহা অগ্রাহ্য করিবেন, এই মর্ম্মের এক পত্র ভারতবর্ষের গবর্ণমেণ্ট প্রাপ্ত হন।

৪। ঐ মুসাবিদা বিবেচনার্থে যে বিশেষ কমিটী নিযুক্ত হন, তাঁহারদের প্রসীডেণ্ট অতি সম্ভ্রান্ত ও বিজ্ঞবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেব ঐ মুসাবিদার দণ্ডসম্পর্কীয় বিধানেতে সম্মত ছিলেন, কিন্তু চুক্তি হইয়া যে স্থলে দাদন দেওয়া যায় কেবল তদ্রূপ স্থলে ঐ আইনের বিধান প্রচলিত করা অনুচিত জ্ঞান করিয়াছিলেন। পরে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের উক্ত পত্র প্রাপ্ত হওয়া গেলে, তিনি এক রিপোর্টের পাণ্ডু লিপি করিয়া লিখিলেন যে উক্ত আইন প্রচলিত করিলে যাহারা পারলিমেণ্টকর্ত্তৃক তাহা অগৌণে রহিত করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারা অবশ্য সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এই জ্ঞানে ঐ আইন প্রচলিত করিলে রাজকীয় মঙ্গলের হানি হয়। আরো লিখিলেন যে কৌন্সেল যাহা ইচ্ছা করেন তাহা সমুদয় করিতে না পারিলেও, কমিটীর মহাশয়েরা বোধ করেন যে বীডন সাহেবের

ture contemplated by Mr. Beadon's Bill, from the necessity of supplying subsistence money before the Defendants could be detained in execution by order of the Court, and by rendering the Defendants liable to be kept to hard labor in the Civil Jail for the period allowed by the Code of Civil Procedure for their detention in execution unless they should provide for their own maintenance. The Hon'ble and learned Chief Justice prepared a Draft of an amended Bill in accordance with these suggestions.

5. The Report itself had not been presented, nor had any conclusion as to the Draft of the Report or of the amendments, been adopted, by the Select Committee at the time of the expiration of the functions of the Council as then constituted.

6. The Government of India has since carefully and earnestly considered the subject, and has come to the conclusion that, in regard to Contracts upon which consideration has been received, the principle of the measure recommended in the Draft Report ought to be adopted, but that that principle should be carried out to what appears to be its legitimate extent, and should be applied to all Contracts whatsoever, broken in bad faith, and without reasonable excuse, by Defendants who have received consideration. While it is thought that a general measure of this kind will be less likely to meet with objection or disallowance in England than a measure restricted to agricultural Contracts, it is also felt that a broad and comprehensive Law applicable to all Contracts and to all Civil Courts throughout India, by which a clear distinction is marked out between the honest and the dishonest Contractor—between the man who breaks his Contract in bad faith and from some motive of interest or ill will, and the man whose breach of Contract arises from misfortune or from circumstances which afford him morally a reasonable excuse though not a legal justification for the breach—is more consonant with just principles of legislation, and is less exposed to distrust and misinterpretation than a measure restricted to a special class of Contracts.

7. The Bill accordingly provides that when any person who shall have contracted for the performance of any act on his part shall have received the consideration, or a substantial part of the consideration for the same, and shall have broken his Contract, it shall be lawful for the Civil Court before which any suit for the breach of such Contract shall be brought, to determine whether the Defendant has broken the Contract in bad faith and without any reasonable excuse: And in that case the Court shall record its judgment to that effect, and shall award such amount of damages as is necessary fully to indemnify the Plaintiff against all loss, present and prospective, arising from such breach. When the Court has so pronounced, the Defendant shall be liable to be committed to the Civil Jail in execution,

মুসাবিদাতে যে প্রকারের মোকদ্দমার উল্লেখ হইয়াছে, তাহাতে আদালতের আজ্ঞামতে আসামীদের ডিক্রীজারীক্রমে কয়েদ হইবার পূর্ব্বে তাহারদের খে রাকীর টাকা ফরিয়াদীরদের দেওয়া অনাবশ্যক, ও আসামীরা আপনারদের ভরণ পোষণের নিয়ম না করিলে দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনমতে যত কাল কয়েদ হইতে পারে তত কাল তাহারদিগকে কঠিন পরিশ্রমসহিত দেওয়ানী জেলখানায় রাখা যাইতে পারিবেক এমত বিধান করিলে, তৎপক্ষে কিছু উপকার হইতে পারিবে। এই প্রস্তাবানুসারে সড়ীস্থ ও বিজ্ঞবর চীফ জুষ্টিস সাহেব সংশোধিত মুসাবিদার পাণ্ডুলিপি প্রস্তুত করিয়াছিলেন।

৫। ঐ রিপোর্ট কৌনসেলের গোচরে অর্পিত হয় নাই ও রিপোর্টের কিম্বা সংশোধিত মুসাবিদার পাণ্ডুলিপি বিষয়ে বিশেষ কমিটীর মহাশয়েরা কিছুই স্থির করেন নাই, ইতিমধ্যে তৎকালের স্থাপিত কৌন্সেলের কার্য্য স্থগিত হয়।

৬। তৎপরে ভারতবর্ষের গবর্ণমেণ্ট মনোযোগপূর্ব্বক ও ব্যগ্রচিত্তে সেই বিষয়ের বিবেচনা করিয়া স্থির করিয়াছেন যে, চুক্তি করিয়া অবধারিত মূল্যের একাংশ পাওয়া গেলে সেই চুক্তিবিষয়ে রিপোর্টের পাণ্ডুলিপির প্রস্তাবিত নিয়ম প্রচলিত করা উচিত বটে, কিন্তু সেই নিয়ম উপযুক্তমতে বিস্তারিত করিয়া বর্ত্তান বিহিত অর্থাৎ আসামীরা অবধারিত মূল্য প্রাপ্ত হইয়া কুটিলভাবে ও যুক্তিসিদ্ধ ওজর না থাকিলেও যে চুক্তি ভঙ্গ করে এমত সমস্ত চুক্তির প্রতি ঐ বিধি বর্ত্তান বিহিত। কেবল ক্ষেত্রোৎপন্ন দ্রব্যসম্পর্কীয় চুক্তি বিষয়ে আপত্তি হইতে পারিলেও, বোধ হয় যে পূর্ব্বোক্ত প্রকারের সাধারণ নিয়ম বিষয়ে ইঙ্গলণ্ডে আপত্তি ও অগ্রাহ্য হওয়া তাদৃশ সম্ভাবনা নহে। অথচ ভারতবর্ষের সমস্ত স্থলে সকল চুক্তি বিষয়ে ও সমুদয় দেওয়ানী আদালতে বর্ত্তিতে পারে এমত অতি বিস্তারিত যে আইন দ্বারা সরল ও কুটিল চুক্তিকারকের অর্থাৎ যে ব্যক্তি কুটিলভাবে ও স্বীয় লভ্যের কোন অভিপ্রায়ে কি কুইচ্ছাতে চুক্তি ভঙ্গ করে, ও যে ব্যক্তি দুর্ভাগ্যবশত, ও অন্য যে গতিক দ্বারা তাহার চুক্তি ভঙ্গ করাতে আইনমতে নিরপরাধ হইতে না পারিলেও নীতি সম্পর্কে তাহার পক্ষে যুক্তিসিদ্ধ ওজর হইতে পারে, এমত ব্যক্তির বিভেদ প্রকাশ হয়, তদ্রূপ আইন করা ব্যবস্থাপনের যথার্থ নিয়মে অধিক রূপে সঙ্গত ও বিশেষ প্রকারের চুক্তিসম্পর্কীয় নিয়মেতে যত অবিশ্বাস ও অভিপ্রায় বোধের ত্রুটি হইতে পারে তত সেই সাধারণ বিধান করণেতে সম্ভাবনা নাই।

৭। এই হেতুতে উক্ত মুসাবিদাতে এই২ বিধান হইয়াছে। যখন কোন ব্যক্তি কোন কর্ম্ম করিবার চুক্তি করিয়া অবধারিত মূল্য কি ঐ মূল্যের কোন স্থূলাংশ পাইলে পর আপন চুক্তি ভঙ্গ করে, তখন আসামী কুটিলভাবে ও যুক্তিসিদ্ধ কোন ওজর না থাকিলেও ঐ চুক্তি ভঙ্গ করিয়াছে কি না এই কথা দেওয়ানী যে আদালতে ঐ চুক্তি ভঙ্গের কোন মোকদ্দমা উপস্থিত করা যায়, সেই আদালত স্থির করিবেন। এমত স্থলে আদালত আপন সেই মর্ম্মের নিষ্পত্তি রিকার্ড করিবেন ও সেই চুক্তি ভঙ্গপ্রযুক্ত ফরিয়াদীর বর্ত্তমান ও ভাবি যে সকল ক্ষতি হয় তাহা সম্পূর্ণরূপে পরিশোধার্থে যত টাকা আবশ্যক তত টাকার আজ্ঞা করিবেন। আদালত সেই আজ্ঞা করিলে দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধায়ক আইনের নির্দ্দিষ্ট কালের অনধিক যত কাল আজ্ঞা করেন তত কালপর্য্যন্ত আসামী ঐ আজ্ঞা প্রবল হওনক্রমে দেওয়ানী জেলখানায় কয়েদ হইতে পারিবে,

for such period as the Court may award, not exceeding the time provided by the Code of Civil Procedure, (that is, when the damages are under 50 Rupees a term not exceeding three months, when above 50 Rupees but under 500 Rupees a term not exceeding six months, when above 500 Rupees a term not exceeding two years)—and in such case the Plaintiff shall not be bound to supply the subsistence money required by the Code or by Act VII. of 1855 regulating execution from the Supreme Courts: But the Defendant shall be bound to maintain himself in Jail, or on failing so to do shall be maintained at the expense of the Government, and shall be kept to hard labor while so maintained: And the Defendant shall not be entitled to be discharged from such confinement under the discharge Clauses of the Code of Civil Procedure (Sections 280 and 281), or under any order of discharge of an Insolvent Court (other than a final order of discharge in the nature of a certificate), until he shall either have paid the full amount of damages or shall have undergone the term of imprisonment awarded by the Court. The Bill also provides that when a Defendant shall have been discharged from Jail by effluxion of time, his person shall not be again liable to be taken in execution for the same claim, but his property shall continue subject to execution and sale till the amount of damages is repaid, unless in the case of a person subject to the jurisdiction of a Court for the relief of Insolvent Debtors, the party shall have obtained his final order of discharge in the nature of a certificate from such a Court.

8. The Bill places an award for damages made by the Court in the alternative in case its Decree for specific performance is not carried out, on the same footing as ordinary damages under the Bill.

9. Care has been taken so to define the words "in bad faith," "reasonable excuse," and certain other expressions in the Bill (which might, if undefined cause embarrassment to the Court applying its provisions) as to exclude from the operation of the Bill all cases in which intentional and dishonest breach of Contract is not an ingredient, and to give the Court within the limits prescribed a large discretion to deal with each case according to its special circumstances.

10. Such a measure will not be open to the objection that it is pointed against one particular class of Defendants, or that its benefits are confined to one particular class of Plaintiffs. Nor will the objection that a breach of Contract often involves Equities between the parties with which a Magistrate or other Criminal Authority unaccustomed to administer Civil Justice is not competent to deal satisfactorily, apply to such a measure; For the remedy it provides is to be administered solely by the ordinary Civil Courts, including in that term the Small Cause Courts, in cases within their jurisdiction: And the difficulty of determining

অর্থাৎ ক্ষতি পূরণার্থে ৫০ টাকার ন্যূন দিবার আজ্ঞা হইলে তিন মাসের অনধিক কাল, ও ৫০ টাকার অধিক কিন্তু ৫০০ টাকার ন্যূন দিবার আজ্ঞা হইলে ছয় মাসের অনধিক কাল, ও ৫০০৲ টাকার অধিক দিবার আজ্ঞা হইলে দুই বৎসরের অনধিক কাল কয়েদ হইতে পারিবে। এমত স্থলে ঐ কার্য্য বিধানের আইনের কিম্বা সুপ্রিম কোর্টের ডিক্রী জারীর বিধানের ১৮৫৫ সালের ৭ আইনের নির্দ্দিষ্টমতে আসামীর খোরপোষের টাকা ফরিয়াদীর দেওয়া অনাবশ্যক। জেলখানায় আসামীর আপন ভরণপোষণের নিয়ম করিতে হইবেক। না করিলে তাহার ভরণপোষণের খরচ গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবে ও তাহা যত কাল হয় তত কাল তাহার কঠিন পরিশ্রম করিতে হইবেক। আর আসামী ক্ষতিপূরণের সমুদয় টাকা না দিলে কিম্বা আদালতের আজ্ঞামতে তাহার কয়েদ হইবার মিয়াদ গত না হইলে, সেই আসামী দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের মুক্ত হইবার ২৮০ ও ২৮১ ধারার বিধানমতে, কিম্বা সর্টিফিকটভাবে মুক্ত হইবার চূড়ান্ত আজ্ঞাভিন্ন যোত্রহীন আদালতের মুক্ত হইবার কোন আজ্ঞাক্রমে মুক্ত হইতে পারিবে না। ঐ মুসাবিদাতে আরো এই বিধান হইয়াছে যে, মিয়াদ গত হইয়া আসামী জেলহইতে মুক্ত হইলে, তাহাকে সেই দাওয়ার উপলক্ষে ডিক্রী জারীক্রমে পুনরায় ধরা যাইতে পারে না। কিন্তু ঐ ক্ষতি পূরণের সমুদয় টাকা না দেওনপর্য্যন্ত তাহার সম্পত্তি ঐ ডিক্রী জারীক্রমে লওয়া যাইতে ও নীলাম হইতে পারে, কেবল যে স্থলে আসামী যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালতের এলাকার অধীন ব্যক্তি হয় সেই স্থলে ঐ আদালতহইতে সর্টিফিকটভাবে মুক্ত হইবার চূড়ান্ত আজ্ঞা প্রাপ্ত হইলে তাহার সম্পত্তি ক্রোক হইতে পারিবে না।

৮। এই বিধানেতে সাধারণ ক্ষতিপূরণের টাকার যে বিধান হইয়াছে, সেই বিধানানুসারে বিশেষ কর্ম্ম সম্পন্ন করণ বিষয়ে আদালতের ডিক্রী হইয়া ঐ যদি কার্য্য সম্পন্ন না হয় তবে ক্ষতিপূরণের টাকা দিবার আজ্ঞা এই মুসাবিদামতে হইবে।

৯। এই মুসাবিদার কএক কথার অর্থ নিশ্চিতরূপে না করা গেলে তাহার বিধানানুযায়ি কর্ম্ম করণে আদালতের ক্লেশ বোধ হইতে পারে। এইহেতুতে "কুটিলভাবে" ও "যুক্তিসিদ্ধ ওজরপ্রভৃতি" কথার এমন স্পষ্ট অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে যে ইচ্ছাপূর্ব্বক ও কুটিলভাবে চুক্তি ভঙ্গ না হইলে তাহাতে এই মুসাবিদার কার্য্য প্রচলিত হইবেক না। ও উক্ত নির্দ্দিষ্ট সীমার মধ্যে আদালত প্রত্যেক মোকদ্দমার বিশেষ অবস্থা বুঝিয়া অতিবিস্তারিতরূপে স্বীয় বিবেচনামতে কার্য্য করিতে পারিবেন।

১০। ফলতঃ এই মুসাবিদার বিধান কেবল বিশেষ একি প্রকারের আসামীর বিপক্ষ হইয়াছে কিম্বা বিশেষ একি প্রকারের ফরিয়াদীরা তাহাতে উপকার পাইতে পারে বলিয়া আপত্তি হইতে পারিবে না। আরো চুক্তি ভঙ্গের মোকদ্দমায়, উভয় পক্ষের মধ্যে যাহা ন্যায্য হয় এমত অনেক বিষয় আসিতে পারে ও এমন স্থলে মাজিষ্ট্রেট সাহেবেরা কিম্বা ফৌজদারী অন্য যে কার্য্যকারকেরদের দেওয়ানী মোকদ্দমার বিচার কার্য্যে অনুশীলন না থাকে, তাঁহারা তৎসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেন না, এইরূপ আপত্তিও এইমুসাবিদাতে অর্পে না। কেননা এই মুসাবিদার বিধানমতে যে উপকার প্রাপ্তহওয়া যাইতে পারে তাহা কেবল সাধারণ দেওয়ানী আদালতে হইবেক, ও যে২ মোকদ্দমা ক্ষুদ্র

whether a Contract has been broken in bad faith or without reasonable excuse, will practically be no greater than that of resolving the ordinary questions with which Civil Courts have to deal. The measure, too, is free from the objection that the proceedings provided against a defaulting Contractor may be perverted into an instrument of extortion or oppression, as it is only after the Civil Court has fully heard the whole evidence on both sides, and after it has determined that a valid Contract exists, and that that Contract has been broken by the Defendant after receiving consideration, that it will be called on to pronounce whether the breach was committed in good or in bad faith, or with or without reasonable excuse.

11. The only restriction placed by the Bill upon the nature of the Contracts to which its provisions apply, is that the Contract shall be one upon which consideration has been received by the person breaking it. On the one hand it is thought unadvisable to extend the measure to Contracts upon which the Plaintiff has not actually given any consideration by parting with his money, goods, or otherwise, but has merely promised to give some equivalent for the act to be done by the Defendant: In such cases it is often impossible to say with absolute certainty whether the Plaintiff would have performed his part of the Contract if the Defendant had performed his. The position of the Plaintiff has not been changed for the worse, as it has been when he has actually performed his part of the Contract; The injury to him therefore in the great majority of cases is less than when he has given consideration. And the non-performance of the Contract, even though in some cases it may proceed from fraudulent motives, is not in itself of that palpably dishonest character, partaking morally of the nature of a breach of trust, which it is in the other case.

12. On the other hand it has been thought advisable not to limit the measure to cases in which consideration has been paid in money, but to extend it to all cases in which consideration of whatever kind has been received by the Defendant. The Tradesman who has sold and delivered his goods, or the Landlord whose land has been held by a tenant, is as much entitled to protection in respect of the money receivable by him, as the capitalist or Planter, who has advanced his money, is entitled to such protection in respect of the goods or produce he is to receive in return.

13. Such a measure will include every breach of Contract which Mr. Beadon's Bill provided for, and will in addition embrace a variety of other Contracts of which a wilful and dishonest breach may be fraught with as mischievous consequences to the other contracting party as in the class of Contracts referred to in that Bill.

(Sd.) W. RITCHIE.

The 29th January 1862.

মোকদ্দমার আদালতের এলাকার আইনে তৎসম্পর্কে দেওয়ানী আদালতের মধ্যে ঐ ক্ষুদ্র মোকদ্দমার আদালতও গণ্য হইবে। ও কোন চুক্তি কুটিলভাবে ও যুক্তিসিদ্ধ ওজরবিনা ভঙ্গ হইয়াছে কি না, ইহা নির্দ্ধার্য্য করা যদি কঠিন হয়, তবে দেওয়ানী আদালতে অন্য যেং বিষয় নিরূপণার্থে সাধারণমতে উপস্থিত হইয়া থাকে তদপেক্ষা কঠিন দৃষ্ট হইবেক না। আরো চুক্তি ভঙ্গকারি ব্যক্তির বিপক্ষে যেং কার্য্যের বিধান হইয়াছে তাহা বিকৃত হইয়া অপহরণ কি দৌরাত্ম্য করণের অস্ত্রস্বরূপ হইতে পারিবে এই আপত্তিও ঐ মুসাবিদাতে অর্শে না যেহেতুক দেওয়ানী আদালতের উভয় পক্ষের সমুদয় প্রমাণ লইতে হইবেক ও বলবৎ চুক্তি করা হইয়াছে ও আসামী অবধারিত মূল্য প্রাপ্ত হইয়া চুক্তিভঙ্গ করিয়াছে ইহা আদালতের প্রথমে নির্দ্ধার্য্য করিতে হইবেক পরে সেই চুক্তি সরলভাবে কি কুটিলভাবে কি যুক্তিসিদ্ধ ওজর থাকিলে কি না থাকিলে ভঙ্গ হইয়াছে ইহা নিরূপণ করিবেন।

১১। যে প্রকারের চুক্তির প্রতি এই মুসাবিদার বিধান খাটে তাহা সঙ্কোচকারক কেবল এক কথা আছে, অর্থাৎ যে ব্যক্তি চুক্তিভঙ্গ করে সে অবধারিত মূল্যের কোন অংশ না পাইলে এ চুক্তির বিষয়ে খাটে না। ফরিয়াদী যে স্থলে আপনার টাকা কি মাল কি প্রকারান্তরের দ্রব্য দ্বারা অবধারিত মূল্যের কোন অংশ না দিয়া কেবল আসামীর কর্ম্ম হইলে পর তাহার কিছু মূল্য দিবার প্রতিজ্ঞা করে, এমন চুক্তির বিষয়ে ঐ বিধান বর্ত্তান উচিত বোধ হয় নাই, যেহেতুক তদ্রূপ স্থলে আসামী ঐ চুক্তিমতের কর্ম্ম করিলেও ফরিয়াদী আপনার কর্ত্তব্য অংশ করিত কি না ইহা নিশ্চিতমতে জানা প্রায় অসাধ্য হয়। চুক্তিমতে ফরিয়াদীর যাহা কর্ত্তব্য তাহা করিলে পর আসামী চুক্তিভঙ্গ করিলে ফরিয়াদীর ক্ষতি হয়, কিন্তু ফরিয়াদীর যাহা কর্ত্তব্য তাহা যদি প্রথমে না করে তবে তাহার প্রায় পূর্ব্ববৎ অবস্থা থাকে, অতএব অধিকাংশ স্থলে অবধারিত মূল্য দেওয়াতে তাহার যত ক্ষতি হইতে পারে, না দেওয়াতে তাদৃশ ক্ষতি হয় না। ও তদ্রূপ স্থলে চুক্তি যদিও প্রতারণাভিপ্রায়ে ভঙ্গ হয় তথাপি তাহা স্পষ্টরূপে কুটিলভাবের কর্ম্ম নহে ও নীতিপক্ষে বিশ্বাসঘাতকতার তুল্য নহে।

১২। পরপক্ষে অবধারিত মূল্য, টাকা দিয়া দেওয়া না গেলেও অন্য যে কোন প্রকারে আসামী ঐ অবধারিত মূল্যের অংশপ্রাপ্ত হয় তদ্রূপ স্থলে এই বিধান বর্ত্তান বিহিত বোধ হইয়াছে। ধনস্বামী কি কুঠীওয়ালা আপনার টাকা আগাম দিলে তৎপরিবর্ত্তে তাহার প্রাপ্য মাল কি দ্রব্য সম্পর্কে যেমন তাহার রক্ষা পাইবার অধিকার থাকে তেমনি যে ব্যবসায়ি ব্যক্তি আপনার মাল বিক্রয় করিয়া হস্তান্তর করেন, কিম্বা যে ভূম্যধিকারির ভূমি রাইয়তের অধিকারে থাকে তিনিও আপন প্রাপ্য টাকা সম্পর্কে রক্ষা পাইবার অধিকার রাখেন।

১৩। বীডন সাহেবের মুসাবিদাতে যত প্রকারের চুক্তি ভঙ্গের বিধান হইয়াছে উক্ত মুসাবিদাতে সেই সমুদয়ের নিয়ম হইয়াছে, ও সেই মুসাবিদার উল্লিখিত চুক্তি ভঙ্গেতে যত অপকার সম্ভাবনা, অন্যং যে চুক্তি ইচ্ছাপূর্ব্বক ও কুটিলভাবে ভঙ্গ হইলে তত্তুল্য অপকার হইতে পারে, এতদ্রূপ বহুপ্রকারের চুক্তি এই মুসাবিদার মধ্যে মধ্যে আসিতে পারে।

ডবলিউ রিচি।

১৮৬২ সাল ২৯ জানুআরি।

DRAFT REPORT.

To the Hon'ble the Legislative Council.

We, the undersigned, being the Select Committee to whom a Bill "to provide for the punishment of Breach of Contract for the Cultivation, Production, Gathering, Provision, Manufacture, Carriage, and Delivery of Agricultural Produce," and a Bill "to provide for the registration and for the better enforcement of engagements for the cultivation and delivery of Agricultural Produce" were referred, have the honor to report as follows:—

[Measurement of lands by the Collector in certain cases. If the holder or cultivator fails to attend according to notice, his land shall lapse to the person entitled to measure.]

II. If any Zemindar, Talookdar, or person

[*Government Gazette*, 18*th March*, 1862.]

[এই আইন যে স্থানে প্রচলিত হইবে তাহার কথা।]

৮ ধারা। এই আইন জিলা গোয়ালপাড়াভিন্ন আসাম প্রদেশের কোন স্থানে প্রচলিত হইবে না ইতি।

[গবর্ণমেণ্টের সাধারণ বিধি করিবার কথা।]

৯ ধারা। কার্য্যকারকেরদের কর্ম্ম করণার্থ ও এই আইনক্রমে স্থাপিত ডাকের দ্বারা পত্রাদি চালান করণার্থ গবর্ণমেণ্ট সাধারণ বিধি করিতে ক্ষমতাপন্ন হইবেন। কিন্তু সেই বিধি এই আইনের বিধানের, কিম্বা ডাকঘরের কর্ম্ম নির্ব্বাহার্থ ও ডাকের মাসুলের নিয়ম করণার্থ ও ডাকঘরের বিপরীত অপরাধের দণ্ড করণার্থ ১৮৫৪ সালের ১৭ আইনের বিধানের অসঙ্গত না হয় ইতি।

এ জি মাকফরসন।
ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

আইনের পশ্চাৎ লিখিত মুসাবিদা আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের কৌন্সেলে ১৮৬২ সালের ১৫ ফেব্রুআরি তারিখে পাঠ হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হয়। তাহারা আগামি মার্চ মাসের ১৯ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর মধ্যে খাজানা আদায় করিবার আইন সংশোধন করণার্থ ১৮৫৯ সালের ১০ আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের শাসিত প্রদেশসমূহে ১৮৫৯ ১০ আইন সংশোধন করা বিহিত হওয়াতে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[রাইয়তেরা ইচ্ছাপূর্ব্বক খাজানা না দিয়া রাখিলে, তাহারদের অর্থদণ্ডের আজ্ঞা হইবার কথা।]

১ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনমতে খাজানার বাবৎ কোন মোকদ্দমার বিচার যে আদালতে হইতেছে, সেই আদালত যদি দেখিতে পান যে ফরিয়াদী যত খাজানার দাওয়া করেন তাহা সমুদয়ের ডিক্রী পাইবার যোগ্য হন, ও রাইয়তের, কিম্বা অন্য যে ব্যক্তি ঐ খাজানার দায়ী হয় তাহার নিকটে রীতানুসারে আইনমতে দাওয়া হইয়াছিল কিন্তু সে ইচ্ছাপূর্ব্বক, ও দাওয়ার কি তাহার কোন অংশের বিষয়ে আপত্তি করিবার যুক্তিসিদ্ধ হেতু না থাকিলেও, ঐ টাকা দিতে অস্বীকার কি শৈথিল্য করে, তবে আদালত সুদ ও খরচা সমেত খাজানার যত টাকা ডিক্রী করেন তদতিরিক্ত শত করা পঁচিশ টাকার অনধিক নির্দ্দিষ্ট কতক টাকা ফরিয়াদীর ক্ষতিপূরণ স্বরূপে পাইবার আজ্ঞা করিতে পারিবেন। ও মোকদ্দমায় যে খাজানার ডিক্রী হয় তাহা যে কার্য্যক্রমে আদায় হইতে পারে, ঐ দণ্ডের টাকাও সেই মতে আদায় হইতে পারিবে। দাওয়ার বিষয়ে আপত্তি করিবার যে হেতু ব্যক্ত হয়, তাহাতে যদিও ঐ দাওয়ার টাকা না দেওয়া গেলে আসামীর আইনমতে নিরপরাধ না হয়, তথাপি সেই হেতু এই আইনের অর্থমতে যুক্তিসিদ্ধ হেতু হইতে পারিবে ইতি।

[কোন২ স্থলে কালেক্টর সাহেবের দ্বারা ভূমির মাপ হইবার কথা, ও পাট্টাদার কি রাইয়ত এত্তেলামতে উপস্থিত না থাকিলে সে ভূমি মাপ করিবার স্বত্ববান ব্যক্তির অধিকারে আসিবার কথা।]

২ ধারা। যদি কোন জমীদার কি তালুকদার, কিম্বা ভূমির

having a right to measure any land, intends to measure such land, but does not know and cannot ascertain by whom such land is held or cultivated, he may apply to the Collector for the official measurement of such land specifying its boundaries, or otherwise describing it so as to admit of its identification, depositing such sum as to the Collector may seem proper by way of expenses; and the Collector shall thereupon issue a notification, requiring the person or persons holding or cultivating the land to attend at the measurement of it on a fixed day. The notification shall be affixed to a tree or a post on the land, and shall also be stuck up in the village to which the land belongs, in the Office of the Collector, and in the Mâl Cutcherry of the Zemindaree or Talook in which the village is situated. If the person or any one or more of the persons holding or cultivating the land or any part or parts thereof, fail to attend either personally or by agent on the day fixed by the notification for the measurement, the Collector or any person deputed by the Collector for the purpose, shall nevertheless proceed to the measurement of the land upon such information as to its boundaries and the parcels into which it may be divided as he can obtain, and shall duly record the particulars of the measurement. Whenever no person comes forward as holding or cultivating the land or any part or parts thereof, the Collector or other person deputed to make the measurement shall note the fact in regard to such land or such part or such parts thereof, and issue a notification, specifying the same, and declaring such land or such part or such parts thereof liable to lapse to the Zemindar, Talookdar, or other person entitled to measure, unless the holder or cultivator thereof appear before the Collector within a period of fifteen days to claim the same. If within the same period no such holder or cultivator, appears, the Collector, on the application of the person entitled to measure, shall pronounce the lapse of such land or such part or such parts thereof, to such Zemindar, Talookdar, or other person accordingly. If within the same period the holder of such land or of any part thereof shall appear either personally or by agent before the Collector, and shall satisfy the Collector that he had some reasonable excuse for not having appeared on the day of measurement, and shall deposit such sum as to the Collector may seem proper by way of expenses, the Collector may order a re-measurement if he thinks it necessary to do so, or otherwise he shall amend the record of measurement accordingly.

[Measurements to be by the Government standard pole.]

III. All measurements made under this Act, shall be made by the Government standard pole of measurement.

[Section LXXIV. of Act X. of 1859 repealed.]

IV. Section LXXIV. of Act X. of 1859 is

পরিমাণ লইবার অধিকার যাঁহার থাকে এমত অন্য ব্যক্তি ঐ ভূমি মাপ করিতে মনস্থ করেন, কিন্তু সেই ভূমি তাহার অধিকারে আছে, কেবা তাহা চাষ করে, ইহা যদি না জানেন, ও নিশ্চয় করিতে না পারেন, তবে তিনি ঐ জমীর সীমা লিখিয়া, কিম্বা যাহাতে চেনা যায় এমতে অন্য প্রকারে ভূমি নির্দ্দিষ্ট করিয়া, ও তাহা মাপিবার যত খরচ কালেক্টর সাহেবের বিবেচনায় উপযুক্ত হয় তাহা গচ্ছিত করিয়া, সরকারী নিয়মমতে ঐ ভূমির মাপ হইবার প্রার্থনা কালেক্টর সাহেবের নিকটে করিতে পারিবেন। তাহাতে কালেক্টর সাহেব ইশ্তিহার দিয়া ঐ ভূমির পাট্টাদারকে কি রায়তকে নিরূপিত দিনে ঐ ভূমি মাপ হইবার সময়ে উপস্থিত থাকিতে আজ্ঞা করিবেন। সেই ইশ্তিহার ঐ ভূমির কোন বৃক্ষে কি খাম্বে টকাইয়া দেওয়া যাইবে, ও সেই ভূমি যে গ্রামের অন্তর্গত থাকে সেই গ্রামের কোন স্থানে ও কালেক্টরী কাছারীতে ও সেই গ্রাম যে জমীদারীর কি তালুকের শামিল থাকে তাহার মাল কাছারীতে টকান যাইবে। ঐ ইশ্তিহারমতে মাপ করিবার যে দিন নিরূপণ হইয়াছে সেই দিনে যদি ঐ ভূমির কি তাহার কোন অংশের পাট্টাদার কি রায়ত কোন এক কি অধিক জনস্বয়ং কি মোখ্তারের দ্বারা উপস্থিত না হয়, তথাপি কালেক্টর সাহেব, কিম্বা সেই কর্ম্মের জন্যে তাঁহার প্রেরিত অন্য ব্যক্তি, ঐ ভূমির সীমা বিষয়ে ও তাহা যত খণ্ডে বিভক্ত হয় তদ্বিষয়ে যেপর্য্যন্ত সম্বাদ পাইতে পারেন তদনুসারে ঐ ভূমি মাপিবার কার্য্যে প্রবর্ত্ত হইবেন ও সেই পরিমাণের বৃত্তান্ত রিকার্ড করিবেন। ঐ ভূমির কি তাহার কোন এক কি অধিক অংশের পাট্টাদার কি রায়ত বলিয়া কোন ব্যক্তি যদি উপস্থিত না থাকে, তবে কালেক্টর সাহেব, কিম্বা মাপ করিবার জন্যে তাহার প্রেরিত অন্য ব্যক্তি, ঐ ভূমির কি তাহার উক্ত এক কি অধিক অংশের সম্পর্কে এ কথা লিখিয়া রাখিবেন, ও তাহা নির্দ্দিষ্ট করিয়া এই মর্ম্মের এত্তেলা জারী করিবেন, যে ঐ ভূমির কিম্বা তাহার এক কি অধিকাংশের পাট্টাদার কি রায়ত যদি ঐ ভূমিতে দাওয়া প্রকাশ করিবার জন্যে পঞ্চদশ দিনের মধ্যে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত না হয়, তবে সেই ভূমি জমীদারের কি তালুকদারের কিম্বা ঐ ভূমির পরিমাণলইবার অধিকার অন্য যে ব্যক্তির থাকে, তাঁহার অধিকারে যে আসিবে। সেই পঞ্চদশ দিনের মধ্যেও যদি পাট্টাদার কি রায়ত উপস্থিত না হয়, তবে পরিমাণ লইবার অধিকার ব্যক্তির থাকে তিনি কালেক্টর সাহেবের নিকটে প্রার্থনা করিলে, কালেক্টর সাহেব আজ্ঞা করিবেন যে, ঐ ভূমি কিম্বা তাহার উক্ত এক কি অধিক খণ্ড ঐ জমীদারের কি তালুকদারের কি উক্ত অন্য ব্যক্তির অধিকারে বর্ত্তে। সেই পঞ্চদশ দিনের মধ্যে যদি ঐ ভূমির কি তাহার উক্ত কোন খণ্ডের পাট্টাদার আপনি কি মোখ্তারের দ্বারা কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হয়, ও মাপিবার দিনে তাহার উপস্থিত না হইবার যে যুক্তিসিদ্ধ কারণ ছিল তাহা যদি কালেক্টর সাহেবের বোধমতে জানায়, ও খরচের নিমিত্তে কালেক্টর সাহেব যত টাকা উপযুক্ত বোধ করেন তত টাকা যদি গচ্ছিত করে, তবে কালেক্টর সাহেব আবশ্যক বোধ করিলে ঐ ভূমির পুনশ্চ মাপ হইবার আজ্ঞা করিবেন, নতুবা তদনুসারে ঐ মাপের লিখন সংশোধন করিবেন ইতি।

[গবর্ণমেণ্টের খাটি দণ্ড দ্বারা মাপ হইবার কথা।]

৩ ধারা। এই আইনমতে যে সকল মাপ হয়, তাহা গবর্ণমেণ্টের মাপিবার খাটি দণ্ডদ্বারা হইবেক ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের ৭৪ ধারা রদ হইবার কথা।]

৪ ধারা। এই ধারাক্রমে ১৮৫৯ সালের ১০ আই-

hereby repealed, and the following new Section shall be read as Section LXXIV. of that Act :—

[Defendant may pay into Court what he admits to be due without paying in any costs. If plaintiff proceed and ultimately recover no further sum than that paid into Court, he shall be liable to the whole costs.]

"LXXIV.—The defendant in any action under "this Act may pay into Court such sum of money "as he shall think a full satisfaction for the demand "of the plaintiff without paying in any costs in- "curred by the plaintiff up to the time of such "payment: and such sum shall be immediately "paid to the plaintiff. If the defendant deposit "less than the sum claimed, and the plaintiff elect "to proceed in the case, and ultimately recover no "further sum than shall have been paid into Court, "the plaintiff shall be charged with the whole costs "of the suit incurred by the defendant as well as "those incurred by himself."

[Fees to Agents or Mooktears to be charged as costs of suit.]

V. So much of Section LXXI. of Act X. of 1859 as directs that no fee for any Agent shall be charged as part of the costs of suit in any case under the Act is hereby rescinded: and it shall be competent to a Collector, in any suit tried and decided under Act X. of 1859, to award to any party as a fee for the services of any Agent or Mooktear employed by him, and to charge as costs of suit, such a sum, not exceeding the rate of fee chargeable under the provisions of Section VII. of Act I. of 1846 for Pleaders in the Civil Courts, as the Collector may direct.

[Attachment before judgment.]

VI. The provisions relating to attachment before judgment contained in Sections LXXXI. to XC. of Act VIII. of 1859 (*for simplifying the procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter*) are hereby extended to Act X. of 1859, and shall be applicable according to the nature and exigency of the case, to suits tried under that Act.

[Section LXXXVI. of Act X. of 1859 repealed.]

VII. Section LXXXVI. of Act X. of 1859 is hereby repealed, and the following new Section shall be read as Section LXXXVI. of that Act :—

[Execution to issue on oral application at the time the decree is made, and on written application thereafter.]

"LXXXVI. Process of execution may be issued "against either the person or the property of a "judgment debtor, but process shall not be issued "simultaneously against both person and property. "It may be issued on the oral application of the "judgment creditor, his Agent or Mooktear, made "at the time the decree is made, or thereafter upon "the written application of the judgment creditor, "his Agent or Mooktear, directed to the Court by "which the original decree was made. Process of

নের ৭৪ ধারা রদ হইল ও পশ্চাৎ লিখিত নূতন ধারা ঐ আইনের ৭৪ ধারারূপ পাঠ হইবে।—

[আসামী যত টাকা দেনা স্বীকার করে তাহা আদালতে দিবার ও খরচা দিতে না হইবার কথা ও ফরিয়াদী মোকদ্দমা চালাইয়া যদি অধিক টাকার ডিক্রী না পায়, তবে সমুদয় খরচা তাহার দিতে হইবার কথা।]

৭৪ ধারা। এই আইনমতের কোন মোকদ্দমায় আসামী, ফরিয়াদীর দাবেয়া পরিশোধ করিবার যত টাকা ন্যায্য বোধ করে তত টাকা আদালতে দাখিল করিতে পারিবে, ও ফরিয়াদীর তৎকালপর্য্যন্ত যত খরচ হয় তাহা বিনা ঐ টাকা দাখিল করিতে পারিবে। ও সেই টাকা অবিলম্বে ফরিয়াদীকে দেওয়া যাইবে। আসামী যদি দাওয়ার ন্যূন টাকা দাখিল করে, ও ফরিয়াদী মোকদ্দমা চালাইতে ইচ্ছা করে, ও শেষে যদি আদালতে দাখিল করা উক্ত টাকার অধিকের ডিক্রী না পায়, তবে ঐ মোকদ্দমায় আসামী ও ফরিয়াদী দুই জনের যত খরচা হয় তাহা সমুদয় ঐ ফরিয়াদীর দিতে হইবে ইতি।

[মোক্তারের রসুম মোকদ্দমার খরচার ন্যায় ধরিবার কথা।]

৫ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনমতের কোন মোকদ্দমায় কোন মোক্তারের নিমিত্তে কোন রসুম মোকদ্দমার খরচার একাংশ বলিয়া ধরিতে হইবেক না ঐ আইনের ৭১ ধারার উক্ত কথা এই ধারাক্রমে রদ হইল। ও ১৮৫৯ সালের ১০ আইনমতের বিচার ও নিষ্পত্তি করা কোন মোকদ্দমায়, কোন পক্ষ যে মোক্তারকে নিযুক্ত করেন তাহার কর্ম্মের নিমিত্তে কালেক্টর সাহেব যত টাকা উচিত জ্ঞান করেন, ঐ পক্ষের তত টাকা দিবার আজ্ঞা করিতে ও তাহা মোকদ্দমার খরচার ন্যায় ধরিতে পারিবেন। কিন্তু ১৮৪৬ সালের ১ আইনের ৭ ধারামতে দেওয়ানী আদালতের উকীলেরা যে তিসাবে রসুম পান তাহার অধিক দিতে আজ্ঞা করিবেন না ইতি।

[নিষ্পত্তি করিবার পূর্ব্বে ক্রোক করিবার কথা।]

৬ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করিবার যে বিধান ১৮৫৯ সালের ৮ আইনের (অর্থাৎ রাজকীয় চার্টর দ্বারা যে দেওয়ানী আদালত স্থাপিত হয় নাই, তাহার কার্য্য সুগম করিবার আইনের) ৮১ অবধি ৯০ পর্য্যন্ত সকল ধারাতে হইয়াছে তাহা এই ধারাক্রমে ১৮৫৯ সালের ১০ আইনে বর্ত্তিবে, ও সেই আইনমতের বিচারিত মোকদ্দমার ভাব ও প্রয়োজনানুসারে সেই মোকদ্দমায় খাটিবে ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের ৮৬ ধারা রদ হইবার কথা।]

৭ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনের ৮৬ ধারা এই ধারাক্রমে রদ হইল ও পশ্চাৎ লিখিত নূতন ধারা ঐ আইনের ৮৬ ধারা বলিয়া পাঠ করিতে হইবে —

[ডিক্রী যে সময়ে হয় সেই সময়েতেই বাচনিক প্রার্থনা হইলে ও তৎপরেতে লিখিত দরখাস্ত হইলে ডিক্রী জারী হইবার কথা।]

৮৬ ধারা। ডিক্রীমতের খাতকের অথবা তাহার সম্পত্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইতে পারিবে, কিন্তু খাতক ও তাহার সম্পত্তি এই উভয়ের উপর একি সময়ে পরওয়ানা বাহির হইবে না। যে সময়ে ডিক্রী হয় সেই সময়েতেই ডিক্রীমতের মহাজন কিম্বা তাহার মোক্তার বাচনিক প্রার্থনা করিলে, ঐ পরওয়ানা বাহির হইতে পারে। অথবা তাহার পরে, ডিক্রীমতের মহাজন কিম্বা তাহার মোক্তার যে আদালতে প্রথম ডিক্রী হয় সেই আদালতে দরখাস্ত লিখিয়া দিলে ঐ পরওয়ানা বাহির হইতে পারে। খাতকের কিম্বা তাহার

" execution against the person or moveable property " of a debtor shall be in the form (E) or (F) con- " tained in the Schedule to this Act or to the like " effect."

[Person arrested under Section CXLV. of Act X. of 1859 to be at once brought before Collector, and his case to be at once tried.]

VIII. If any person shall be arrested under Section CXLV. of the said Act X. of 1859, he shall be brought before the Collector with all convenient speed, and the Collector shall proceed forthwith to try the case. If the case cannot be at once heard and determined, the Collector may, if he think fit, require the party arrested to give security for his appearance whenever the same may be required. In default of such security the party arrested shall be committed to the Civil Jail till the case is heard.

[Section CL. of Act X. of 1859 repealed.]

IX. Section CL. of Act X. of 1859 is hereby repealed, and the following new Section shall be read as Section CL. of that Act :—

[Powers of Deputy Collectors.]

" CL. All the powers vested in the Collector by " any of the Sections of this Act, may be exercised " by any Deputy Collector in cases referred to him " by a Collector, and in all cases without such " reference by any Deputy Collector placed in " charge of any Sub-Division of a District or who " is specially authorised by Government to receive " such cases: and all applications and reports al- " lowed or required by this Act to be made to the " Collector, may be made to any Deputy Collector " having such local jurisdiction or such special au- " thority as aforesaid."

[Special appeal from decisions of Zillah Judge under Section CLXI. of Act X. of 1859.]

X. The decisions passed by a Zillah Judge under Section CLXI. of Act X. of 1859 shall be open to special appeal in the same manner and subject to the same rules as the decisions of Zillah Judges, passed in regular appeal, are open to special appeal under the said Act VIII. of 1859.

[Section CLXII. of Act X. of 1859 repealed.]

XI. Section CLXII. of Act X. of 1859 is repealed, and the following new Section shall be read as Section CLXII. of the said Act :—

[Suits to be tried by the Collector or Deputy Collector within whose jurisdiction the cause of action arose.]

" CLXII. Suits under this Act shall be pre- " ferred in the Revenue Office of the District, or

অস্থাবর সম্পত্তির উপর ঐ ডিক্রী জারীর পরওয়ানা এই আইনের তফসীলের E কিম্বা F চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক ইতি।

[যে ব্যক্তি ১৮৫৯ সালের ১০ আইনের ১৪৫ ধারাক্রমে ধৃত হয় তাহাকে অবিলম্বে কালেক্টর সাহেবের সম্মুখে আনিবার ও তাহার মোকদ্দমার অগৌণে বিচার হইবার কথা।]

৮ ধারা। যদি কোন ব্যক্তি ১৮৫৯ সালের উক্ত ১০ আইনের ১৪৫ ধারাক্রমে ধৃত হয় তবে তাহাকে সুগম-মতে ত্বরা করিয়া কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত করিতে হইবে ও কালেক্টর সাহেব অবিলম্বে তাহার মোকদ্দমার বিচারকার্য্যে প্রবৃত্ত হইবেন। যদি সেই মোকদ্দমা অগৌণে শুনিয়া নিষ্পত্তি হইতে না পারে, তবে কালেক্টর সাহেব উপযুক্ত বোধ করিলে ঐ ধৃত ব্যক্তির যে সময়ে হাজির হইবার প্রয়োজন হয় সেই সময়ে তাহার হাজির হইবার জামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন। সে জামিন না দিলে যত কাল মোকদ্দমা শুনা না যায়, তত কালপর্য্যন্ত ঐ ধৃত ব্যক্তিকে দেওয়ানী জেলখানায় রাখা যাইবে ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারা রদ হইবার কথা।]

৯ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারা এই ধারাক্রমে রদ হইল। ও পশ্চাৎ লিখিত নূতন ধারা ঐ আইনের ১৫০ ধারা বলিয়া পাঠ করিতে হইবেক—

[ডেপুটী কালেক্টরেরদের ক্ষমতার কথা।]

১৫০ ধারা। কালেক্টর সাহেব যে কোন মোকদ্দমা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করেন, তাহাতে এই আইনের কোন ধারামতে কালেক্টর সাহেব যে ক্ষমতা প্রাপ্ত হন সেই সকল ক্ষমতাক্রমে ঐ ডেপুটী কালেক্টর কার্য্য করিতে পারিবেন। ও যে কোন ডেপুটী কালেক্টর কোন জিলার খণ্ডের (অর্থাৎ মহকুমার) কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন, ও যাঁহারা তদ্রূপ মোকদ্দমা প্রথম স্থলে গ্রাহ্য করিতে গবর্ণমেণ্টহইতে বিশেষমতে ক্ষমতা প্রাপ্ত হন, তাঁহারদের প্রতি কালেক্টর সাহেব মোকদ্দমা অর্পণ না করিলেও তাঁহারা উক্ত ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন। ও যে সকল দরখাস্ত কি রিপোর্ট এই আইনঅনুসারে কালেক্টর সাহেবের নিকটে করিবার অনুমতি কি আজ্ঞা হয়, তাহা স্থানবিশেষের এলাকা প্রাপ্ত কিম্বা পূর্ব্বোক্ত বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন ডেপুটী কালেক্টরের নিকটে করা যাইতে পারিবে ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের ১৬১ ধারামতে জিলার জজ সাহেবের নিষ্পত্তির উপর খাস আপীলের কথা।]

১০ ধারা। জিলার জজ সাহেবেরদের নিকটে আসল-তামতের আপীল হইলে তাঁহারদের নিষ্পত্তির উপর ১৮৫৯ সালের উক্ত ৮ আইনমতে যেরূপে ও যে বিধিক্রমে খাস আপীল হইতে পারে, জিলার জজ সাহেব ১৮৫৯ সালের ১০ আইনের ১৬১ ধারাক্রমে যে নিষ্পত্তি করেন তাহার উপরও সেইরূপে ও সেই বিধিক্রমে খাস আপীল হইতে পারিবে ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনের ১৬২ ধারা রদ হইবার কথা।]

১১ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনের ১৬২ ধারা রদ হইল। ও পশ্চাৎ লিখিত নূতন ধারা ঐ আইনের ১৬২ ধারা বলিয়া পাঠ করিতে হইবেক—

[যে কালেক্টর সাহেবের কি ডেপুটী কালেক্টরের এলাকার মধ্যে নালিশের হেতু হয়, তাঁহারই দ্বারা মোকদ্দমার বিচার হইবার কথা।]

১৬২ ধারা। নালিশের হেতু যে জিলার মধ্যে হয় সেই জিলার মালগুজারীর কাছারীতে এই আইনমতের

" when a Sub-Division of a District has been placed " under the jurisdiction of a Deputy Collector, in " the Revenue Office of the Sub-Division in which " the cause of action shall have arisen, or when the " cause of action shall have arisen within the limits " of the local jurisdiction of any Deputy Collector " not in charge of a Sub-Division but who has been " specially authorised by Government to receive " such suits, then in the office of such last men- " tioned Deputy Collector. Provided always, that " the Collector may withdraw any suit from any " Deputy Collector, and try it himself, or refer it " to another Deputy Collector. If the lands com- " prised in any talook, farm, or other tenure, or " any lands held under one lease or engagement, " or at one entire rent in respect of which arrears " of rent may be due, are situated in more than " one District or Sub-Division, or within the local " limits of the jurisdiction of more than one De- " puty Collector so specially authorised as afore- " said, the District of Sub-Division or local " limits in which the greater part of such lands is " situate, shall be held to be the District or Sub- " Division or local limits in which the cause of " action has arisen; and if any question shall be " raised respecting the District or Sub-Division or " local limits within which the greater part of the " lands is situate, the Board of Revenue, or if all " the lands be situate in one District, the Collec- " tor of the District, shall decide the question, and " such decision shall be conclusive on the point of " jurisdiction."

[Act to be read as part of Act X. of 1859.]

XII. This Act shall be read with and taken as part of Act X. of 1859.

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

যে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। যদি জিলার এক খণ্ড ডেপুটী কালেক্টরের অধীনে করা যায় তবে যে খণ্ডের মধ্যে নালিশের হেতু হয় সেই খণ্ডের মালগুজারির কাছারীতে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। যিনি জিলার খণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত নহেন কিন্তু উক্ত প্রকারের মোকদ্দমা গ্রাহ্য করিতে গবর্ণমেণ্টহইতে বিশেষ ক্ষমতা প্রাপ্ত হন, এমত কোন ডেপুটী কালেক্টরের এলাকার মধ্যে যদি নালিশের হেতু হয়, তবে সেই ডেপুটী কালেক্টরের কাছারীতে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। কিন্তু কালেক্টর সাহেব যখন ইচ্ছা করেন তখন কোন ডেপুটী কালেক্টরহইতে কোন মোকদ্দমা উঠাইয়া লইয়া আপনি তাহার বিচার করিতে পারিবেন, কিম্বা অন্য ডেপুটী কালেক্টরের প্রতি তাহা অর্পণ করিতে পারিবেন। যে জমীর খাজানা বাকী হয় তাহা যে তালুকের কি ইজারার কি অন্য করারমতের ভূমির শামিল থাকে, কিম্বা একি পাট্টা কি বন্দোবস্ত ক্রমে কিম্বা মোটে অবধারিত খাজানাক্রমে অন্য যে ভূমির সঙ্গে অধিকার হয়, সেই ভূমি যদি একি জিলার কি খণ্ডের মধ্যে না থাকে, কিম্বা পূর্ব্বোক্তমতের বিশেষ ক্ষমতাপ্রাপ্ত একি ডেপুটী কালেক্টরের এলাকার সীমার মধ্যে না থাকে, তবে ঐ ভূমির অধিকাংশ যে জিলার কি খণ্ডের কি স্থানবিশেষের এলাকার মধ্যে থাকে তাহাতেই নালিশের হেতু উদয় হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক। ও সেই ভূমির অধিকাংশ কোন্ জিলার কি খণ্ডের কি স্থানবিশেষের এলাকার মধ্যে থাকে এই বিষয়ে যদি কোন সন্দেহ হয়, তবে বোর্ড রেবিনিউর সাহেবেরা, কিম্বা সকল ভূমি যদি একি জিলার মধ্যে থাকে তবে ঐ জিলার কালেক্টর সাহেব, ঐ সন্দেহ মিটাইবেন, ও তদ্রূপে এলাকার বিষয়ে যাহা নির্দ্ধার্য্য করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

[এই আইন ১৮৫৯ সালের ১০ আইনের একাংশস্বরূপে পাঠ হইবার কথা।]

১২ ধারা। এই আইন ১৮৫৯ সালের ১০ আইনের সঙ্গে পাঠ হইবেক ও তাহার একাংশস্বরূপ জ্ঞান হইবে ইতি।

এ জি মাকফর্সন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 7.

From H. T. Prinsep, Esquire, Officiating Register of the Sudder Dewanny Adawlut, to the Zillah Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 5th February 1862.

I am directed to request that you will be so good as to instruct all your subordinate Moonsiffs that, before taking advantage of any leave that may be granted them, it is necessary that they should invariably communicate with the Collector of the District, regarding the disposal of cases that may be pending before them under Act X. of 1859.

(Signed) H. T. PRINSEP,
Offg. Register.

[*Government Gazette, 18th March*, 1862.]

সদর দেওয়ানী আদালতের সরকুলর।

৭ নম্বর।

বাঙ্গালাপ্রভৃতি দেশের নানা জিলার শ্রীযুত জজ সাহেবের নিকট সদর দেওয়ানী আদালতের একটিং রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৫ ফেব্রুআরি।

আজ্ঞাক্রমে তোমাকে আদেশ করিতেছি যে, আপনার অধীন সকল মুনসেফকে এই উপদেশ কর, যে তাঁহারা ছুটী প্রাপ্ত হইলে যখন সেই ছুটী গ্রহণ করেন, তখন ১৮৫৯ সালের ১০ আইনের যে সকল মোকদ্দমা তাঁহারদের সম্মুখেউপস্থিত থাকে তাহার নিষ্পত্তি করণ বিষয়ে, তাঁহারা সর্ব্বদা জিলার কালেক্টর সাহেবের সঙ্গে লিখনপঠনকরেন।

এচ টি প্রিন্সেপ।
একটিং রেজিষ্টর।

No. 8.

From the Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 17th February, 1862.

In circulating for the information of yourself and your subordinates, the accompanying extract from a letter to my address from Secretary to the Government of Bengal, No. 129A, of the 20th ultimo, I am directed to draw attention to the explanations submitted in your monthly Civil Statement regarding cases pending beyond the periods prescribed for their decision.

2. You will observe that it is the intention of Government in no case to receive as satisfactory for such delay that "the date fixed for hearing has not arrived," unless the Officer concerned can show that his outturn of decided cases is much above the average; that the number of institutions have been extraordinarily large, and that he has, in the manner prescribed by the concluding paragraph of the Government letter, applied for extra assistance for speedily disposing of his arrears of work.

3. The Court look to you, as the head of the Civil administration of a district, to subject to thorough investigation and scrutiny all such applications before forwarding them for submission to Government, and in every case to add your own remarks as to the necessity for making such application and the reason for granting the assistance solicited, as it must be distinctly understood that neither the Court nor Government will attend to such calls unless real necessity, not attributable to the indolence or incapacity of the applying Officer, be shewn.

4. I am further directed to draw your attention to the vague nature of the explanations for delay in the decision of cases as entered in your monthly Civil Statements.

5. The Court expect that in future you will be careful to submit, on the part of yourself and your subordinates, the fullest explanations in every case in which such is necessary. It should be invariably specified on what date the case was last taken up and the order then passed, and similarly in cases referred to arbitration or local enquiry, the date fixed for the submission of the award or report. Further, the Court expect that in submitting these explanations you should offer your own remarks as to their sufficiency, for the Court wish to impress upon you that any explanation which has passed you without comment and is afterwards deemed unsatisfactory cannot be considered but as a reflection on the supervision which it is your duty to exercise over your subordinates.

(Signed) H. T. PRINSEP,
Register.

৮ নম্বর।

বাঙ্গলা প্রভৃতি দেশের দেওয়ানীর শ্রীযুত কার্য্যকারক সাহেবের নিকটে সদর দেওয়ানী আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৭ ফেব্রুআরি।

বঙ্গ দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেব গত মাসের ২০ তারিখের ১২৯ A নম্বরের যে পত্র আমার নামে প্রেরণ করেন, তাহাইতে গৃহীত এক কথা তোমার ও তোমার অধীন কার্য্যকারকেরদের জ্ঞাপনার্থে পাঠাইতেছি। মোকদ্দমার নিষ্পত্তির জন্যে যত কাল নির্দ্দিষ্ট হইয়াছে তাহার অধিক কাল মোকদ্দমা উপস্থিত থাকিলে তদ্বিষয়ে তোমার মাসিক দেওয়ানী কৈফিয়তে তুমি যে হেতুবাদ লিখিয়াছ তাহাতে তোমারদিগকে এই সুযোগে মনোযোগ করাইতেছি।

২। জানিবা যে, কোন কার্য্যকারক গড়ে যত মোকদ্দমা নিষ্পত্তি করিয়া থাকেন তাহার অধিক নিষ্পত্তি করিয়াছেন অথবা অসাধারণমতে বহু মোকদ্দমা উপস্থিত হওয়াতে গবর্ণমেণ্টের পত্রের শেষ দফার নির্দ্দিষ্টমতে তিনি বাকী কর্ম্ম অরায় নিষ্পত্তি করিবার জন্যে অতিরিক্ত সাহায্য প্রার্থনা করিয়াছেন, ইহা যদি দেখাইতে না পারেন, তবে "মোকদ্দমা শুনিবার নির্দ্ধারিত তারিখ পঁহুছে নাই" বিলম্বের এই হেতু হুদ্বোধজনক বলিয়া গ্রাহ্য করা গবর্ণমেণ্টের তখন অভিপ্রায় নয়।

৩। যখন অতিরিক্ত সাহায্যের প্রার্থনা হয়, তখন গবর্ণমেণ্টে তাহা অর্পণ করিবার পূর্ব্বে তুমি সেই প্রার্থনার হেতু সম্পূর্ণরূপে অনুসন্ধান করিয়া, তাহার সূক্ষ্ম বিচার করিবা, ও তদ্রূপ প্রার্থনার আবশ্যক ও তদ্রূপ সাহায্য করণের হেতু বিষয়ে তোমার যাহা মন্তব্য তাহা লিখিবা। জিলার মধ্যে দেওয়ানী কার্য্য নির্ব্বাহের প্রধান কর্ম্মকারক হওয়াতে সদর আদালতের সাহেবেরা তোমাহইতে এই কর্ম্ম হইবার অপেক্ষা করেন। আরো উক্ত প্রার্থনাকারি কার্য্যকারকের আলস্য কি অক্ষমতা ভিন্ন যথার্থমতে আবশ্যক না হইলে, সদর আদালত কিম্বা গবর্ণমেণ্ট সেই প্রার্থনা গ্রাহ্য করিবেন না, ইহা স্পষ্টরূপে জানিতে হইবেক।

৪। আরো তোমার মাসিক দেওয়ানী কৈফিয়তে মোকদ্দমা নিষ্পত্তি করিবার যে২ হেতু লেখা হইয়াছে তাহা অনিশ্চিত। এই বিষয়েও তোমাকে মনোযোগ করাইতে আদেশ পাইয়াছি।

৫। ইহার পরে যে স্থলে বিলম্বের হেতু ব্যক্ত করা আবশ্যক, সেই স্থলে তুমি আপনার পক্ষে ও তোমার অধীন কর্ম্মকারকেরদের পক্ষে সেই হেতু অতিবিস্তারিতরূপে ব্যক্ত কর, সদর আদালতের সাহেবেরদের এই ইচ্ছা। বিশেষতঃ মোকদ্দমার বিচার শেষ যে তারিখে করা হইয়াছে, ও সেই সময়ে যে হুকুম হয়, ও কোন মোকদ্দমা সালিসীতে অর্পণ হইলে কিম্বা স্থানবিশেষে অনুসন্ধানার্থে অর্পণ হইলে, তাহাতে ফয়সলা কি রিপোর্ট উপস্থিত করিবার যে তারিখ নির্দ্ধারিত হইয়াছে, তাহাও সর্ব্বদাই লিখিতে হইবে। আরো যখন সেই হেতু অর্পণ করিবা তখন তাহার হুদ্বোধজনকতা বিষয়ে তোমার যাহা মন্তব্য থাকে তাহাও তুমি লিখ, সদর আদালতের সাহেবেরদের এই ইচ্ছা। তুমি আপত্তি প্রভৃতি না লিখিয়া যে হেতু গ্রাহ্য কর, তাহা যদি পরে অনুপযুক্ত জান হয়, তবে তোমার অধীন কার্য্যকারকেরদের উপর তোমার যে প্রকারের তত্ত্ব রাখা কর্ত্তব্য তাহার ত্রুটি হইয়াছে জান হইবেক। এই কথা সদর আদালতের সাহেবেরা দৃঢ়মতে তোমার মনোগত করাইতে চাহেন।

এচ টি প্রিন্‌সেপ। রেজিষ্টর।

Extract Paragraphs 3 and 4 of a letter from the Secretary to the Government of Bengal to the Register of the Sudder Court, dated 20th January, 1862.

With regard to those Judicial Officers who have fixed the days for hearing several Small Cause Court cases, instituted in September at three, four, and even five months' distance, I am desired to observe that in the opinion of the Lieutenant-Governor, the necessity for an early decision in all cases of this particular description, is a matter of such great importance, that nothing should be left undone to introduce a better system by which this object could be accomplished, and that if the Sudder Court think it expedient to make an example of those Officers who are most blameable for fixing these remote dates for trial, such a measure would be fully supported by Government.

4. All Officers should be warned of the serious consequences that will follow any culpable delay in the disposal of these cases, and whenever their file is too heavy to permit them to fix a date for hearing any Small Cause Court case, within a period of six weeks, they should represent the matter to the Judge of the District. The Judge will then enquire into the matter, and on satisfying himself that the case is as represented to him, and that notwithstanding every exertion on the part of the local Judge, cases must stand over the above prescribed limit, he should make a statement of the circumstances to the Sudder Court, with a view to an application being made by them to Government, for such additional judicial power as may appear necessary.

(True Extract.)

J. H. BELCHAMBERS,
Assistant Register.

সদর আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে বঙ্গ দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬২ সালের ২০ জানুআরি তারিখের ৩ ও ৪ দফা।

৩। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য যে২ মোকদ্দমা সেপ্টেম্বর মাসে উপস্থিত করা যায়, তাহা শুনিবার জন্যে কোন২ বিচারকর্ত্তারা তিন কি চারি কিম্বা কোন২ স্থলেও পাঁচ মাসান্তরের দিন নির্দ্ধারিত করিয়াছেন। তাঁহারদের বিষয়ে আমি আদেশমতে এই কথা জ্ঞাত করিতেছি। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বোধ করেন যে উক্ত বিশেষ প্রকারের সকল মোকদ্দমা অরায় নিষ্পত্তি করা অতিগুরুতর বিষয়। অতএব যে নিয়মক্রমে ঐ অভিপ্রায় সিদ্ধ হইতে পারে এমত সুনিয়ম চালাইবার জন্যে সাধ্যমতে কোন উদ্যোগের ত্রুটিহওয়া অনুচিত। ও বিচার করণার্থে উক্ত গৌণ তারিখ নির্দ্ধারণ কার্য্যে যাহারা অতিদূষণীয়, তাঁহারদিগকে দণ্ড করিয়া যদি সদর আদালতের সাহেবেরা তাঁহারদিগকে দৃষ্টান্তস্বরূপে নিযুক্ত করিতে চাহেন, তবে গবর্ণমেণ্ট সেই কার্য্যেতে তাহারদিগকে সম্পূর্ণরূপে প্রতিপোষণ করিবেন।

৪। তদ্রূপ মোকদ্দমা নিষ্পত্তি করণে কোন দূষণীয় বিলম্বের যে গুরুতরফল হইবে তদ্বিষয়ে সকল কার্য্যকারকদিগকে সতর্ক করিতে হইবেক। যদি তাঁহারদের নথীতে বহু মোকদ্দমা থাকাপ্রযুক্ত তাঁহারা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য কোন মোকদ্দমা শুনিবার জন্যে ছয় সপ্তাহের মধ্যের কোন দিন নির্দ্ধার্য্য করিতে না পারেন, তবে তাঁহারদের জিলার জজ সাহেবের নিকটে সেই কথা জ্ঞাত করিতে হইবে। তাহাতে জজ সাহেব সেই বিষয়ের অনুসন্ধান করিবেন, ও তাঁহার নিকটে যেমন ব্যক্ত হইয়াছে কার্য্যের তদ্রূপ অবস্থা বটে ও স্থানবিশেষের বিচারকর্ত্তা যত উদ্যোগ করুন তথাপি উক্ত নির্দ্ধারিত কালের অধিক কালপর্য্যন্ত মোকদ্দমার স্থগিত রাখিতেই হইবেক ইহা যদি দেখিতে পান, তবে তাঁহার কর্ত্তব্য যে সেই তাবৎ বৃত্তান্ত সদর আদালতে জ্ঞাত করেন, তাহাতে বিচার করণার্থে অধিক যত সাহায্য আবশ্যক তাহা করণ বিষয়ে সদর আদালতের সাহেবেরা গবর্ণমেণ্টে প্রার্থনা করিবেন।

(যথার্থ নকল।)

জে এচ বেলচেম্বর্স।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 74.

From H. T. Prinsep, Esquire, Officiating Register of the Nizamut Adawlut, to E. Lautour, Esq., Sessions Judge of the 24-Pergunnahs.

Dated Calcutta, the 1st February, 1862.

In reply to your letter No. 24, dated the 16th ultimo, I am directed to inform you, that the expense of serving summonses under Sections 70 and 77 of the new Code of Criminal Procedure, when the agency of the Police cannot be obtained, must be defrayed by the Government.

(Signed) H. T. PRINSEP,
Offg. Register,

[*Government Gazette, 18th March*, 1862.]

সদর নিজামৎ আদালতের সরক্যুলর।

৭৪ নম্বর।

জিলা চব্বিশ পরগণার সেশন জজ শ্রীযুত ই লাটুর সাহেবের নিকটে নিজামৎ আদালতের একটিং রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সালের ১ ফেব্রুআরি।

তোমার গত মাসের ১৬ তারিখের ২৪ নম্বরের পত্রের উত্তরে আমি আদেশমতে তোমাকে জ্ঞাত করিতেছি যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের নূতন আইনের ৭০ ও ৭৭ ধারামতে সমন জারী করিবার নিমিত্তে যখন পোলীসের কোন আমলাকে পাওয়া যাইতে না পারে, তখন সেই সমনজারীর খরচ গবর্ণমেণ্টহইতে দিতে হইবেক।

এচ টি প্রিন্সেপ।
একটিং রেজিষ্টর।

MEMO:

No. 1.

Copy forwarded for the information of the Criminal Authorities in the Lower Provinces.

J. H. BELCHAMBERS,
Asstt. Register.

Nizamut Adawlut, the 1st February 1862.

No. 115.

From H. T. Prinsep, Esquire, Register of the Nizamut Adawlut, to R. H. Russell, Esquire, Sessions Judge of Backergunge.

Dated Calcutta, the 18th February, 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 2, dated 11th January, 1862, requesting the instructions of the Court inasmuch as there is a doubt felt regarding the powers of the different Subordinate Magistrates to try causes under the Criminal Procedure Act without reference from the Magistrates of the District, and in reply to remark as follows:

2. The Criminal Procedure Act, neither in Section 21, nor any other portion of it, interferes with Section 1 of Act X. of 1854, by which it is enacted that "it shall be competent to the local "Government, of each of the divisions of the Bengal "Presidency, to empower Assistants to Magistrates "and also Deputy Magistrates to receive and try, "without reference to the Magistrate, all or any of "such charges as they are now competent to try "upon reference by the Magistrate."

3. When these officers of the grades above noted, have been so empowered and have been also vested with the powers of Subordinate Magistrates under Act XXV. of 1861, they are competent *to receive* and *try* charges within their jurisdiction as Subordinate Magistrates. If, however, they have not been empowered under Section I. of Act X. of 1854, to receive and try charges, they *can only try charges* within their competency after they have been referred to them by the Magistrate of the district or a Magistrate in charge of the division of a district. Officers, with the power of the Magistrate, that is, with the full power of a Magistrate, are, it may be observed, competent to receive and try any charge which is within their competency, and in the investigation and trial of offences within their jurisdiction, the Criminal Courts of the several grades must, under Section 21, be guided by the provisions of Act XXV. of 1861.

4. Section 66, to which you allude in the 4th paragraph of your letter, merely prescribes that when in order to the issuing of a Summons or a Warrant against any person for any offence, a complaint is made before the Magistrate of the District or a Magistrate (which term under the definition in Section 15 of Act XV. of 1861, includes Subordinate Magistrates) who is authorized to receive

মন্তব্য কথা।

১ নম্বর।

উক্ত পত্রের নকল বাঙ্গলাপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারকেরদের জ্ঞাপনার্থে পাঠান গেল।

জে এচ বেলচেম্বর্স।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

নিজামৎ আদালত।
১৮৬২ সাল ১ ফেব্রুআরি।

---

১১৫ নম্বর।

বাকরগঞ্জের সেশন জজ শ্রীযুত আর এচ রসেল সাহেবের নিকটে নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৮ ফেব্রুআরি।

তোমার ১৮৬২ সালের ১১ জানুআরি তারিখের ২ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। জিলার মাজিষ্ট্রেট সাহেবে। অধঃস্থ নানা মাজিষ্ট্রেটদিগকে যে২ মোকদ্দমা অর্পণ না করেন, ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনমতে তাঁহারদের তদ্রূপ মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা বিষয়ে কিছু সন্দেহ হওয়াতে, তুমি সেই বিষয়ে সদর আদালতের স্থানে উপদেশ প্রার্থনা করিয়াছ। তাহার উত্তর এই।

২। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ২১ ধারাতে কি তাহার অন্য কোন অংশে, ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার কার্য্য আটকায় না। উক্ত ১ ধারাতে এই বিধান হইয়াছে "বাঙ্গলা রাজধানীর অধীন প্রত্যেক ভাগের গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবেক যে, মাজিষ্ট্রেট সাহেবদিগের আসিষ্টাণ্ট সাহেবেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা মাজিষ্ট্রেট সাহেবের অর্পণ করা যেপ্রকার নালিশের বিচার করিতে এইক্ষণে ক্ষমতাপন্ন আছেন সেই প্রকার সকল কি কোন নালিশ মাজিষ্ট্রেট সাহেব অর্পণ না করিলেও গ্রাহ্য করিয়া বিচার করিতে তাঁহারদিগকে ক্ষমতার্পণ করেন।"

৩। পূর্ব্বোক্ত শ্রেণীর কার্য্যকারকেরা যখন উক্ত প্রকারের ক্ষমতাপ্রাপ্ত হন এবং ১৮৬১ সালের ২৫ আইনমতে অধঃস্থ মাজিষ্ট্রেটের ক্ষমতাও প্রাপ্ত হন, তখন অধঃস্থ মাজিষ্ট্রেটস্বরূপ তাঁহারদের এলাকার মধ্যে যত নালিশ আইসে, তাহা তাঁহারা গ্রাহ্য করিয়া বিচার করিতে ক্ষমতাপন্ন হন। কিন্তু যদি তাঁহারা ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে নালিশ গ্রাহ্য করিয়া বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত না হন, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব তাঁহারদিগকে যে মোকদ্দমা অর্পণ করেন, তাঁহারা স্বং ক্ষমতার মধ্যের কেবল সেইরূপ মোকদ্দমার বিচার করিতেপারিবেন। যে কার্য্যকারকেরা মাজিষ্ট্রেটের ক্ষমতা অর্থাৎ মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারা স্বং ক্ষমতানুযায়ি কোন নালিশ গ্রাহ্য করিয়া বিচার করিতে পারেন। ও ফৌজদারী নানা শ্রেণীর আদালত যখন আপনং বিচার্য্য অপরাধের অনুসন্ধান ও বিচার করেন, তখন ২১ ধারামতে তাঁহারদের ১৮৬১ সালের ২৫ আইনঅনুসারে কার্য্য করিতে হইবে।

৪। তোমার পত্রের ৪ দফাতে তুমি ঐ আইনের ৬৬ ধারার উল্লেখ করিয়াছ। সেই ধারাতে কেবল এই বিধি হইয়াছে যে, "কোন অপরাধের জন্যে কোন ব্যক্তির নামে সমন কি পরওয়ানা বাহির হয় এই অভিপ্রায়ে যখন জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ হয়, কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেবহইতে সমর্পণ না হইলেও তদ্রূপ নালিশ গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের নিকটে নালিশ হয় (১৮৬১ সালের ২৫ আইনের

such complaints without reference by the Magistrate of the district, such Magistrate (including Subordinate Magistrates) shall examine the complainant; that the examination shall be reduced into writing and shall be signed by the complainant and the Magistrate.

5. The proviso at the end of Section 273 of Act XXV. of 1861, alluded in the 7th paragraph of your letter, refers to certain laws in the Madras Code by which Officers, answering to the Subordinate Magistrates of Act XXV. of 1861, are competent, either on complaint directly preferred to them or on the report of a Police Officer for certain cases, to entertain charges. The same remark applies to words used in the body of Section 273 and also in Section 278, which do not empower Government to vest Subordinate Magistrates with the Power of committing either to the Sessions or the Supreme Court, but simply alludes to the laws of other Presidencies in which those powers are granted, and declares that those powers are not interfered with by the provisions of the Act under review.

6. The Court directs that you will furnish the Magistrates, subordinate to you, who are in doubt regarding their powers, with a copy of this letter.

(Signed) H. T. PRINSEP,
Register.

MEMO.
No. 2.

Copy forwarded for the information and guidance of the Sessions Judge of

H. T. PRINSEP,
Register.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 8th March, 1862.

Baboo Komulnarain Ghose, to officiate as Moonsiff of Bhangah, in Zillah Dacca.

The 10th March, 1862.

Baboo Mohesh Chunder Roy, a diploma-holder, to officiate as Moonsiff of Atteeah, Zillah Mymensingh.

LEAVES OF ABSENCE.

The 11th March, 1862.

Baboo Pearelall Banerjee, Moonsiff of Manicktollah, Zillah 24-Pergunnahs, for 18 days, from the 18th instant, under Clause 1, Section VII. of the Uncovenanted Absentee Rules.

The 14th March, 1862.

Baboo Prem Chund Pal, Moonsiff of Manbazar, in Manbhoom, for 8 days, under Section VIII. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Register.*

[*Government Gazette*, 18*th March*, 1862.]

১৫ ধারামতে ঐ শব্দের মধ্যে অধঃস্থ মাজিষ্ট্রেটদিগকেও বুঝায়) তখন ঐ মাজিষ্ট্রেট (এই শব্দেতে অধঃস্থ মাজিষ্ট্রেটও বুঝায়) ফরিয়াদীকে সেই বিষয়ের জিজ্ঞাসাবাদ করিবেন, ও তাহার উত্তর লিখিয়া লওয়া যাইবে ও ফরিয়াদী এবং মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন।

৫। তোমার পত্রের ৭ দফাতে ১৮৬১ সালের ২৫ আইনের ২৭৩ ধারার শেষ ভাগের বর্জ্জিত কথার উল্লেখ হইয়াছে। সেই কথাতে মান্দ্রাজ দেশের চলিত কোন২ আইন লক্ষ্য হইয়াছে। তদ্দ্বারা ১৮৬১ সালের ২৫ আইনের অধঃস্থ মাজিষ্ট্রেটের সমান প্রকারের কার্য্যকারকেরদের নিকটে কোন২ অপরাধের নালিশ হইলে, কিম্বা পোলীসের আমলার রিপোর্টমতে, তাঁহারা সেই নালিশ গ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন হন। এই কথা ২৭৩ ধারার এবং ২৭৮ ধারার লিখিত একএক কথার উপর খাটে। তাহাতে অধঃস্থ মাজিষ্ট্রেটদিগকে সেশন আদালতে কি সুপ্রীম কোর্টে মোকদ্দমা অর্পণ করিবার ক্ষমতা দান করিতে গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতার্পণ হয় নাই কিন্তু অন্য যে২ প্রসীডেন্সীর মধ্যে সেই২ ক্ষমতা দেওয়া হইয়াছে সেই২ প্রসীডেন্সীর আইনের উল্লেখ মাত্র হইয়া প্রকাশ হইল যে উক্ত কার্য্যবিধানের আইন দ্বারা তাহারদের কোন ক্ষমতার খর্ব্বতা হয় নাই।

৬। তোমার অধীন যে২ মাজিষ্ট্রেটেরা আপনারদের ক্ষমতা বিষয়ে কিছু সন্দেহ করেন তাঁহারদিগকে এই পত্রের এক২ নকল দিতে সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করেন।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।

মন্তব্য কথা।

২ নম্বর।

অমুক স্থানের সেশন জজ সাহেবের জ্ঞাপন ও উপদেশার্থে এই পত্রের নকল পাঠান যাইতেছে।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ৮ মার্চ।

শ্রীযুত বাবু কমলনারায়ণ ঘোষ জিলা ঢাকার ভাঙ্গার মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১০ মার্চ।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় জিলা ময়মনসিংহের আটিয়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১১ মার্চ।

জিলা চব্বিশপরগনার মাণিকতলার মুনসেফ শ্রীযুত বাবু প্যারীলাল বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি অষ্টাদশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৪ মার্চ।

মানভূমের মানবাজারের মুনসেফ শ্রীযুত বাবু প্রেমচাঁদ পাল অচিহ্নিত কার্য্যকারকের ছুটীর বিধির ৮ ধারামতে আট দিনের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।